চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 272 Friday, 1 September, 2023 ❋ ২৮ বর্ষ, ২৭২ সংখ্যা ❋ ১৪ ভাদ্র, ১৪৩০, শুক্রবার, ১ সেপ্টেম্বর, ২০২৩ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য– ৩ টাকা

ভাঙড়ের মনোনয়ন পর্বে অশান্তির ঘটনায় ফের ভবানী ভবনে তলব করা হল নওশাদ সিদ্দিকীকে। বৃহস্পতিবারই তাঁকে তলব করেছে সিআইডি। ...বিস্তারিত পাতা ৩

রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অনেক আগেই স্পষ্ট করে দিয়েছিলেন, বাংলায় বুলডোজারের রাজনীতি চলবে না। ...বিস্তারিত পাতা ৫

দক্ষিণ কোরিয়ার সামরিক লক্ষ্যবস্তুতে পারমাণবিক হামলার অনুকরণে দুটি স্বল্পপাল্লার কৌশলগত ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে উত্তর কোরিয়া। ...বিস্তারিত পাতা ৬

এ বারের যুক্তরাষ্ট্র ওপেনের দ্বিতীয় রাউন্ডে জকোভিচ স্ট্রেট সেটে হারালেন স্পেনের বার্নাবে জাপাতা মিরালেসকে। নোভাক তৃতীয় রাউন্ডে উঠেছেন। ...বিস্তারিত পাতা ৮

আদানি ইস্যুতে মোদিকে নিশানা রাহুল গান্ধির

মুম্বই, ৩১ আগস্টঃ ইন্ডিয়া জোটের বৈঠকে যোগ দিতে মুম্বই এসেছেন রাহুল গান্ধি। আর বাণিজ্যনগরীতে সাংবাদিক বৈঠক ডেকে ফের আদানি ইস্যুতে সরব কংগ্রেস নেতা। এর আগেও একাধিকবার আদানি ইস্যুতে সুর চড়িয়েছেন রাহুল। সংসদেও এই নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি। এবার একাধিক বিদেশি সংবাদমাধ্যমেও আদানি ইস্যুতে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। সেই প্রতিবেদনগুলি তুলে ধরেই বৃহস্পতিবার আরব সাগরের তীরে বসে ফের আদানি ইস্যুতে সুর চড়ালেন রাহুল। রাহুলের বক্তব্য, এই প্রতিবেদনগুলি বিদেশি সংবাদমাধ্যমে প্রকাশিত হওয়ার ফলে অন্যান্য দেশগুলির কাছে ভারতের ব্যাপারে ভাবমূর্তি খারাপ হচ্ছে। রাহুলের বক্তব্য, এই প্রতিবেদনগুলিতে বলা হচ্ছে, প্রচুর পরিমাণে টাকা ভারতের বাইরে বিভিন্ন জায়গায় ঘুরে আবার ভারতে ফেরত এসেছে। এই বিপুল পরিমাণ টাকা আসলে কার? তা নিয়ে প্রশ্ন রাহুলের। এই টাকা দেশের বাইরে বিভিন্ন জায়গায় ঘোরানো নিয়ে বেশ কয়েকজনের নামও উঠে এসেছে এবং তার মধ্যে একজন চিনা নাগরিক বলে দাবি রাহুলের। এমন

একটি সংস্থা যা ভারতের সিংহভাগ বেসরকারি পরিকাঠামো নিয়ন্ত্রণ করে, সেখানে বিদেশি নাগরিকদের হস্তক্ষেপ করতে কেন দেওয়া হল? তাদের ভূমিকা কী ছিল, সেই নিয়েও প্রশ্ন কংগ্রেস নেতার। এই ঘটনা নিয়ে যৌথ সংসদীয় কমিটি গঠনের দাবি তুলেছেন রাহুল। প্রসঙ্গত, চলতি বছরের শুরুতেই হিন্ডেনবার্গের একটি রিপোর্ট প্রকাশিত হয়েছিল আদানি গোষ্ঠীকে নিয়ে। সেই রিপোর্ট প্রকাশ্যে আসার পর তোলপাড় হয়েছিল চারিদিক। শেয়ার বাজারে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। আর এসবের মধ্যেই মামলা গড়ায় সুপ্রিম কোর্টে। হিন্ডেনবার্গ রিপোর্টের প্রেক্ষিতে শীর্ষ আদালত তদন্তভার দেয় ভারতের বাজার নিয়ন্ত্রক সংস্থা সেবিকে। সম্প্রতি সেবির তরফে আদালতে একটি রিপোর্টও জমা দেওয়া হয়েছে এই নিয়ে। বিষয়টি এখনও শীর্ষ আদালতে বিচারাধীন রয়েছে। রাহুল গান্ধির অভিযোগ নিয়ে বিজেপি মুখপাত্র প্রেম শুক্লা বলেন, ''কোনও দেশ ভারতের নিন্দা করলে তার প্রশংসা করেন রাহুল। তিনি তো বলবেনই। তিনি নিজে ফৌজদারি মামলায় জামিনে রয়েছেন। উদ্দেশ্যপ্রণোদিতভাবে জি-২০র আগে দেশের বদনাম করছেন।''

সেপ্টেম্বরে সংসদের বিশেষ অধিবেশন ডাকল কেন্দ্র

নয়াদিল্লি, ৩১ আগস্টঃ সংসদের বিশেষ অধিবেশন ডাকল কেন্দ্রীয় সরকার। ১৮ থেকে ২২ সেপ্টেম্বর পর্যন্ত চলবে এই বিশেষ অধিবেশন। কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশী টুইট করে বৃহস্পতিবার এ কথা জানিয়েছেন। বিশেষ অধিবেশনে পাঁচটি সিটিংয়ের কথা জানিয়েছেন তিনি। কিন্তু এই অধিবেশনের অ্যাজেন্ডা কী হবে, সে ব্যাপারে এখনও কিছু জানা যায়নি। সরকারি বিভিন্ন সূত্রে এ বিষয়ে মুখে কুলুপ এঁটেছেন। তবে অসমর্থিত সূত্রে জানা যাচ্ছে, পুরনো সংসদ ভবন থেকে নতুন সংসদ ভবনে কার্যপ্রক্রিয়া সব স্থানান্তরিত করা হতে পারে। সে জন্যই এই বিশেষ অধিবেশন ডাকা হয়েছে বলে মনে করা হচ্ছে। তবে সরকারের তরফে এ নিয়ে এখনও কিছু জানানো হয়নি। সেপ্টেম্বর মাসে এই বিশেষ অধিবেশনে নিয়ে প্রহ্লাদ যোশী এক্স হ্যান্ডেলে (অতীতের টুইটার) লিখেছেন, সংসদের বিশেষ অধিবেশন (১৭তম লোকসভার ১৩ তম অধিবেশন এবং ২৬১তম রাজ্যসভার অধিবেশন) ডাকা হয়েছে ১৮ থেকে ২২ সেপ্টেম্বর। ৫টি সিটিং হবে। অমৃতকালের মধ্যেই ফলপ্রসূ আলোচনা হবে বলে আশাবাদী। মুম্বইয়ে বৈঠকে বসেছেন ইন্ডিয়া জোটের সদস্যরা। ২৮টি বিরোধী দল রয়েছে এই বৈঠকে। এই বৈঠক চলাকালীনই সংসদের অধিবেশনের বিষয়ে জানাল কেন্দ্র। তবে এই অধিবেশনে কোনও বিল পাশ করানো হবে কিনা, বা তা নিয়ে আলোচনা হবে কি না, সে ব্যাপারে এখনও কিছু জানা যায়নি। সপ্তাহখানেক আগেই সংসদে শেষ হয়েছে বাদল অধিবেশন। ২০ জুলাই থেকে ১২ আগস্ট পর্যন্ত চলেছিল এই অধিবেশন। এই অধিবেশনে মণিপুর ইস্যুতে উত্তাল হয়েছিল সংসদ। সেই পরিস্থিতিতেই বেশ কিছু বিল পেশ করা হয়েছিল সংসদে।

জি-২০ সম্মেলনে যোগ দেবেন না জিনপিং

নয়াদিল্লি, ৩১ আগস্টঃ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের পর জি-২০ সম্মেলন এড়িয়ে যেতে পারেন চিনের প্রেসিডেন্ট শি জিনপিং-ও। ভারত ও চিন-দুই দেশের সূত্রে এই খবর জানানো হয়েছে। আগামী ৯ ও ১০ সেপ্টেম্বর নয়া দিল্লিতে হতে চলেছে জি-২০ সম্মেলন। সেই সম্মেলনেই যোগ দেওয়ার কথা ছিল চিনা প্রেসিডেন্টের। কিন্তু চলতি সপ্তাহেই চিনের তরফে নতুন মানচিত্র প্রকাশ এবং সেই মানচিত্রে ভারতের অরুণাচল প্রদেশ ও আকসাই চিনকে নিজের দেশের অংশ বলে দাবি করা হয়। এরপরই জিনপিংয়ের ভারতে আসা নিয়ে সংশয় তৈরি হয়েছিল। এ দিন কার্যত চিনা প্রেসিডেন্টের না আসার খবরে সিলমোহর দেওয়া হল। এবার জি-২০ সম্মেলনের সভাপতিত্ব করছে ভারত। বছর জুড়ে দেশের বিভিন্ন প্রান্তে জি-২০ সামিটের নানা বৈঠক হয়েছে। জি-২০ সম্মেলনের মূল বৈঠক হতে চলেছে নয়া দিল্লিতে। আগামী ৯ ও ১০ সেপ্টেম্বর এই বৈঠক হবে। জি-২০ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন থেকে শুরু করে ফ্রান্সের প্রেসিডেন্ট ইম্যানুয়েল ম্যাক্রঁ, কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। জি-২০ সম্মেলনে যোগ দেওয়ার কথা ছিল চিনা প্রেসিডেন্ট শি জিনপিংয়েরও। কিন্তু এ দিন ভারত ও চিনের সূত্রে জানা যায়, জি-২০ সম্মেলনে যোগ দেবেন না জিনপিং। তাঁর বদলে চিনা প্রিমিয়ার লি কিউয়াং প্রতিনিধিত্ব করবেন। যদিও ভারত ও চিনের বিদেশ মন্ত্রকের তরফে এখনও এই বিষয়ে কোনও মন্তব্য করা হয়নি। উল্লেখ্য, এর আগে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনও জানিয়েছিলেন যে তিনি জি-২০ সম্মেলনে যোগ দিতে পারবেন না। তাঁর বদলে রাশিয়ার বিদেশমন্ত্রী সার্গেই লাভরভ দিল্লিতে আসবেন।

'আমাকে র‍্যাগিং করা হচ্ছে', সিবিআই-এর চিঠি নিয়ে বললেন সুজিত বসু

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ আগস্টঃ ৫১ ক্যানাল স্ট্রিট অর্থাৎ রাজ্যের মন্ত্রী সুজিত বসুর ঠিকানায় একটি চিঠি পাঠিয়েছে সিবিআই। কেন্দ্রীয় সংস্থার সেই চিঠি ইতিমধ্যেই প্রকাশ্যে এসেছে। সেই চিঠি অনুসারে আজ, বৃহস্পতিবার সকাল ১১ টায় হাজিরা দেওয়ার কথা ছিল সুজিত বসুর। কিন্তু, বেলা ২টোর সময় সাংবাদিক বৈঠক করে সুজিত বসু জানালেন, তিনি কোনও চিঠিই পাননি। সংবাদমাধ্যমে চিঠি প্রকাশ করে তাঁকে হেনস্থা করা হচ্ছে বলেও দাবি করেছেন সুজিত বসু। তাঁর অভিযোগ, কেউ বা কার তাঁর রাজনৈতিক জীবনকে কালিমালিপ্ত করতে ষড়যন্ত্র করেছে। সাংবাদিকদের মুখোমুখি হয়ে সুজিত বসু বলেন, ''আজ পর্যন্ত কোনও নোটিস পাইনি। আমার বিরুদ্ধে কেউ ষড়যন্ত্র করছে, কালি ছেটানোর চেষ্টা করছে। কারা এই কাজ করছে, তা খুঁজে বের করতে যত দ্রুত সম্ভব তদন্ত হোক। তাঁর দাবি, চিঠি প্রকাশ করে তাঁর সম্মানহানি করা হচ্ছে।'' সঠিক তদন্ত না হলে মানহানির মামলা করবেন বলেও জানিয়েছেন মন্ত্রী। তিনি বলেন, ''ছাত্রদের মধ্যে র‍্যাগিং-এর কথা বলা হচ্ছে, আমার মনে হচ্ছে এটাও আমার ক্ষেত্রে র‍্যাগিং।'' সিবিআই নোটিস সম্পর্কে মন্ত্রীর সাফ জবাব, ''চিঠি পেলাম না। যাওয়ার প্রশ্ন কোথায় আসছে কোথা থেকে? ৪০ বছরের রাজনীতিতে কেউ কোনও দিন প্রশ্ন তুলতে পারেনি।'' তিনি আরও প্রশ্ন তুলেছেন, ''যদি এজেন্সির মাধ্যমেই চিঠি সামনে আসত, তাহলে আজ না যাওয়ার পর এজেন্সি তো বলত যে উনি আসেননি?'' উল্লেখ্য, দিন কয়েক আগে কেন্দ্রীয় সংস্থা সূত্রে জানা যায়, সুজিত বসুকে পুর নিয়োগ দুর্নীতি মামলায় তলব করা হচ্ছে। স্পিড পোস্টে সেই চিঠি পাঠানো হয়েছে বলেও জানা যায় সিবিআই সূত্রে। পরে সেই চিঠি প্রকাশ্যে এসেছে। সিবিআই-এর স্ট্যাম্প দেওয়া সেই চিঠিতে দেখা যাচ্ছে, ৫১ বি ক্যানাল স্ট্রিট, শ্রীভূমি- এই ঠিকানায় চিঠিটি পাঠানো হয়েছে। নির্বাচন কমিশনে জমা দেওয়া হলফনামা অনুযায়ী, এটাই সুজিত বসুর ঠিকানা। প্রশ্ন উঠেছে, চিঠিটা কি তাহলে মাঝপথেই উধাও হয়ে গেল? সুজিতের দাবি, চিঠি পেলে নিশ্চয় যাবেন তিনি।

'সুপ্রিম' ছাড়পত্র না এলে প্রাথমিকের চাকরি সম্ভব নয়, বললেন পর্ষদ সভাপতি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ আগস্টঃ আদালতের মামলার জটে আটকে রয়েছে প্রাথমিকের শিক্ষক নিয়োগ প্রক্রিয়া। সেই কথাই এদিন আরও একবার স্মরণ করিয়ে দিল প্রাথমিক শিক্ষা পর্ষদ। রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে পাশে নিয়ে পর্ষদ সভাপতি গৌতম পাল জানিয়ে দিলেন, সুপ্রিম কোর্টের থেকে ছাড়পত্র না আসা পর্যন্ত প্রাথমিকের চাকরির ব্যবস্থা করা যাচ্ছে না। পর্ষদ সভাপতির বক্তব্যে সমর্থন জানালেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুও। রাজ্য সরকার ও রাজ্যের প্রাথমিক শিক্ষা পর্ষদ যে চাকরি দেওয়ার বিষয়ে বরাবরই আগ্রহী, সেই কথাও এদিন স্পষ্ট করে দিলেন বোর্ডের সভাপতি গৌতম পাল। কিন্তু প্রাথমিক টেটের ২০১৪ সালের ব্যাচের চাকরিপ্রার্থী ও ২০১৭ সালের পরীক্ষার ব্যাচের চাকরিপ্রার্থীরা যে নিজেদের মধ্যেই আইনি লড়াইয়ে নেমে গিয়েছে, সেই কথাও বললেন প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি। প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি গৌতম পাল বললেন, ''সরকার চাকরি দিতে

চাইছে। আমি দলে দলে প্রতিদিন চাকরিপ্রার্থীদের সঙ্গে কথা বলছি। ২০১৪ সালের ব্যাচ আসছে। তারা বলছে, শুধু আমাদের দিন স্যর, ২০১৭ সালের ব্যাচকে দেবেন না। আবার ২০১৭ সালের ব্যাচও আসছে। তারা বলছে, স্যর শুধু আমাদের দিন, ২০১৪ সালের ব্যাচকে দেবেন না। তারা একে অপরের বিরুদ্ধে কোর্টে চলে যাচ্ছে। বোর্ডের বিরুদ্ধে নয়, বোর্ডকে পার্টি করা হচ্ছে।'' একইসঙ্গে তিনি আরও বললেন, ''সুপ্রিম কোর্টের ছাড়পত্র না পেলে আমরা প্যানেল প্রকাশ করতে পারছি না। আশা করছি শীঘ্রই ছাড়পত্র পাবে।'' এরপর প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি গৌতম পালের বক্তব্যে সমর্থন জানালেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুও। জানালেন, ''সুপ্রিম কোর্টের জন্য আমরা এখনও আটকে আছি। সুপ্রিম কোর্টের নির্দেশ এলেই আমরা সঙ্গে সঙ্গে পদক্ষেপ করব।'' অর্থাৎ প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি ও রাজ্যের শিক্ষামন্ত্রী উভয়েই এদিন আবারও বুঝিয়ে দিলেন রাজ্য সরকার চাকরিপ্রার্থীদের নিয়োগ দিতে আগ্রহী, তাঁরা কেবল আদালতের নির্দেশের অপেক্ষায় রয়েছেন।

'লিপস অ্যান্ড বাউন্ডস' থেকে কী কী নিয়ে গিয়েছে ইডি? হাইকোর্টে অভিষেক

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ আগস্টঃ তৃণমূলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ফের আদালতের দারস্থ। যেখানে একটি মামলা বিচারাধীন, সেখানে আরেকটি মামলার আবেদন কীভাবে? কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষের দৃষ্টি আকর্ষণ করেছেন অভিষেকের আইনজীবী। বিচারপতি শুক্রবার মামলা শুনবেন। এদিনের আবেদন এবং আগের মামলার মধ্যে কোনও যোগ রয়েছে কিনা, তা দেখা হবে। আদালত সন্তুষ্ট হলে শুনানি হবে। সূত্রের খবর, নতুন আবেদনে 'লিপস অ্যান্ড বাউন্ডস' কোম্পানির তল্লাশি পর্বে সিজার লিস্টে যাবতীয় তথ্য সামনে আনার কথা বলা হয়েছে। প্রসঙ্গত, তৃণমূলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সংস্থা লিপস অ্যান্ড বাউন্ডসের অফিসে সম্প্রতি অভিযান চালায় ইডি। ইডির প্রেস রিলিজ অনুযায়ী,

সেখানে থেকে রুজিরা নারুলা বন্দ্যোপাধ্যায়ের তিনটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট-স্টেটমেন্ট বাজেয়াপ্ত করেন তদন্তকারী অফিসাররা। সংস্থার ওই অফিসের তিনটি কম্পিউটারের নথি খতিয়ে দেখে একটি হার্ড ডিস্কও বাজেয়াপ্ত করেন গোয়েন্দারা। ইডি-র প্রেস রিলিজে সুজয়কৃষ্ণ ভদ্রকে লিপস অ্যান্ড বাউন্ডস কোম্পানির সিওও অর্থাৎ চিফ অপারেটিং অফিসার হিসাবে উল্লেখ করেছেন। ২০১২ সালের এপ্রিল থেকে ২০১৬ সালের মার্চ মাস পর্যন্ত সুজয় কৃষ্ণ ভদ্র ওই কোম্পানির ডিরেক্টর ছিলেন। অভিষেক বন্দ্যোপাধ্যায়ও ওই কোম্পানিতে ২০১২ থেকে ২০১৪ সাল পর্যন্ত ডিরেক্টর ছিলেন। কিন্তু লিপস অ্যান্ড বাউন্ডসে তিনি এখনও সিইও রয়েছেন বলে প্রেস রিলিজে দাবি করেছে ইডি। অভিষেক এখনও ওই কোম্পানির সিইও। গত মঙ্গলবার বিচারপতি অমৃতা সিনহার বেঞ্চে পুর নিয়োগ দুর্নীতি মামলার শুনানি ছিল। তাতে বিচারপতির তাৎপর্যপূর্ণ মন্তব্য ছিল, কেন এখনও অভিষেককে সমন পাঠানো হচ্ছে না? ইডি-কে প্রশ্ন করেন বিচারপতি। উল্লেখ্য, অভিষেকের নামে এই সংক্রান্ত একটি মামলা অন্য এজলাসে বিচারাধীন। সেই মামলায় রক্ষাকবচ চেয়ে আবেদন করেছিলেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে। সেই মামলা বিচারাধীন। তার মধ্যেই এই সংক্রান্ত আরও একটি মামলায় অভিষেকের বিরুদ্ধে সমন জারি করা যেতে পারে কিনা, তা নিয়েই প্রশ্ন থাকছে।

মিলল মোদি সরকারের ছাড়পত্র
সেপ্টেম্বরে স্পেন ও দুবাই সফরে যাচ্ছেন মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা প্রতিবেদন

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিদেশ সফরে অনুমতি দিল বিদেশমন্ত্রক। বুধবার রাতে কেন্দ্রীয় সরকারের তরফে প্রয়োজনীয় সম্মতি পেয়েছে নবান্ন। ফলে সেপ্টেম্বরের মাঝামাঝি স্পেন ও দুবাই যেতে আর কোনও বাধা রইল না মুখ্যমন্ত্রীর। নবান্ন সূত্রে খবর, ১২ সেপ্টেম্বর স্পেনের উদ্দেশে রওনা হবেন মুখ্যমন্ত্রী। বাংলাই যে শিল্পের সেরা গন্তব্য, সেকথা স্পেনের বণিক সভা ও শিল্প সংস্থাগুলির কাছে তুলে ধরতেই মমতার এই বিদেশ সফর। জানা গিয়েছে, লক্ষ্যপূরণে নবান্নের দূত ইতিমধ্যে ট্র্যাক টু বৈঠক সেরে ফেলেছেন। মুখ্যমন্ত্রী স্পেন সফরে গেলে এই নিয়ে আনুষ্ঠানিকভাবে আলোচনা হবে। দুবাই হয়ে তাঁর কলকাতায় ফেরার কথা ২৩ সেপ্টেম্বর। বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের আগে বিদেশি লগ্নি আনার লক্ষ্যেই এই বিদেশ সফরে যাচ্ছেন মমতা। তাঁর সঙ্গে রাজ্যের শিল্পপতিদের একটি প্রতিনিধিদলও যাবে বলে জানা গিয়েছে। এর আগেও সিঙ্গাপুর এবং লন্ডনে এই ধরনের সফর করেছেন মুখ্যমন্ত্রী। কিন্তু মাঝে তাঁর শিকাগো ও চিন সফরে ছাড়পত্র দেয়নি কেন্দ্র। যাকে 'রাজনৈতিক প্রতিহিংসা' হিসাবে বর্ণনা করেছিল তৃণমূল। এ বারেও অনেকে সেই আশঙ্কা করেছিলেন। যদিও শেষ পর্যন্ত মমতার বিদেশ সফরের অনুমতি মিলেছে। প্রসঙ্গত, মুখ্যমন্ত্রী হিসাবে কেউ বিদেশে গেলে সংশ্লিষ্ট রাজ্যকে বিদেশ মন্ত্রকের অনুমতি নিতে হয়। বিদেশ মন্ত্রকই ঠিক করে সেই সফরের 'যৌক্তিকতা' রয়েছে কি না। ব্যক্তিগত ভাবে কোনও মুখ্যমন্ত্রী বিদেশে যেতে চাইলে অবশ্য বিদেশ মন্ত্রকের অনুমতি বা ছাড়পত্রের দরকার হয় না। কারণ, সে ক্ষেত্রে কোনও 'প্রোটোকল' থাকে না। কিন্তু মুখ্যমন্ত্রী হিসাবে যদি কেউ সরকারি বা আনুষ্ঠানিক ভাবে বিদেশ সফরে যান, তা হলে তিনি যান 'ভারতের প্রতিনিধি' হিসেবেই। সেই সফরে সংশ্লিষ্ট দেশের ভারতীয় দূতাবাসকে তাঁর নিরাপত্তা সহ পারিপার্শ্বিক সমস্ত কিছুর বন্দোবস্ত করতে হয়। সেই কারণেই মুখ্যমন্ত্রীর সরকারি বিদেশ সফরে বিদেশ মন্ত্রকের অনুমোদন প্রয়োজনীয়। উল্লেখ্য, ২০২১ সালে বিপুল ভোটে জয়ের পর তৃতীয় বার মুখ্যমন্ত্রী পদে শপথ নিয়ে মমতা বলেছিলেন, এ বার তাঁর 'পাখির চোখ' শিল্পায়ন। মূলত মাঝারি ও বড় শিল্পের উপরেই গুরুত্ব দিতে চায় রাজ্য সরকার। নতুন নতুন আঙ্গিকেও বিনিয়োগ আনতে সচেষ্ট নবান্ন। 'ইন্ডিয়া'র বৈঠক উপলক্ষে মমতা মুম্বই যাওয়ার অব্যবহিত আগে বাণিজ্যনগরীতে গিয়ে বণিকমহলের সঙ্গে বৈঠক করে এসেছেন রাজ্যের প্রাক্তন অর্থ ও শিল্পমন্ত্রী তথা বর্তমান আর্থিক উপদেষ্টা অমিত মিত্র। প্রশাসনের আশা, শিল্পায়নের লক্ষ্যে মুখ্যমন্ত্রী মমতার স্পেন এবং দুবাই সফর সাফল্য মণ্ডিত হবে।

সুতপা চৌধুরী হত্যাকাণ্ডে স্বঘোষিত প্রেমিক সুশান্তকে ফাঁসির সাজা শোনাল আদালত

দুরন্ত বার্তা, বহরমপুর, ৩১ আগস্টঃ বহরমপুরে কলেজছাত্রী সুতপা চৌধুরী খুনে স্বঘোষিত প্রেমিক সুশান্ত চৌধুরীকে মৃত্যুদণ্ডের সাজা শোনাল বহরমপুর আদালতের ফার্স্ট ট্র্যাক কোর্ট। বৃহস্পতিবার সাজা নিয়ে ২ পক্ষের সওয়াল জবাবের পর সুশান্তকে মৃত্যুদণ্ডের সাজা দেন বিচারক সন্তোষকুমার পাঠক। সাজা শুনে কোর্ট লকআপেই জ্ঞান হারান সুশান্ত। মঙ্গলবার এই মামলায় সুশান্তকে দোষী সাব্যস্ত করেছিল আদালত। বৃহস্পতিবার ছিল সাজা ঘোষণার দিন। সুতপার পরিবার ও সরকারি আইনজীবী প্রথম থেকেই মৃত্যুদণ্ডের সাজার দাবি করেছিলেন। এদিন সুশান্তর আইনজীবী যাবজ্জীবন কারাদণ্ডের সাজার আবেদন করে প্রায় এক ঘণ্টা সওয়াল করেন। সুপ্রিম কোর্টের বিভিন্ন রায় তুলে ধরে মৃত্যুদণ্ডের বিরোধিতা করেন তিনি। জানান, সুশান্তর বিরুদ্ধে আগে কোনও অপরাধের অভিযোগ নেই। পালটা সওয়ালে সরকারি আইনজীবী বলেন, ''এই ঘটনা বিরলের মধ্যে বিরলতম। একজন তরুণী প্রেমের প্রস্তাবে না বলেছেন বলে তাঁকে এভাবে কুপিয়ে খুন করা যায় না।

অভিযুক্ত কোনও ঘটনার অভিঘাতে খুন করেননি। তিনি রীতিমতো পরিকল্পনা করে খুন করেছেন। ৪২ বার কোপানো হয়েছিল সুতপাকে। ঘটনার পর স্থানীয় বাসিন্দাদের বন্দুক দেখিয়ে ভয় দেখায় সে। এক স্থানীয় বাসিন্দা আহত সুতপার দিকে এগোতে গেলে তাঁকে সুশান্ত বলে, একটা খুন করলে যা হবে, ১০টা খুন করলেও তাই হবে। এই খুনের জন্য কখনও কোনও অনুতাপ লক্ষ্য করা যায়নি তাঁর মধ্যে। এই খুন শুধু একজন তরুণীর অকাল প্রাণহানি নয়, প্রেমের প্রস্তাবে তরুণীদের না বলার অধিকারের ওপর আক্রমণ।'' দুপক্ষের সওয়াল জবাব শুনে ২ লাইনের রায়ে সুশান্তকে ফাঁসির সাজা দেন বিচারক। রায় শুনে আদালতের লক আপেই জ্ঞান হারান সুশান্ত। জেলকর্মীরা তাঁকে উদ্ধার করে জেলে নিয়ে গিয়েছেন। এই রায়ে খুশি সুতপার পরিবার। সুশান্তর পরিবারের তরফে এখনো কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। ২০২২ সালের ২ মে বহরমপুরের জনবহুল গোরাবাজারে ভর সন্ধ্যায় স্বঘোষিত প্রেমিক সুশান্ত চৌধুরীর হাতে খুন হন কলেজছাত্রী সুতপা চৌধুরী। মালদার বাসিন্দা সুতপাকে সুশান্তর হাত থেকে বাঁচাতে বহরমপুর কলেজে ভর্তি করেছিলেন তাঁর বাবা।

দিল্লিতে অবস্থান কর্মসূচি হবেই, বলছে তৃণমূল

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ আগস্টঃ কর্মসূচি থেকে পিছু হঠার প্রশ্নই নেই। এমনই বলছে ঘাসফুল শিবির। রামলীলা ময়দান পাওয়া যায়নি তো কী! অবস্থান হবেই, আর তা হবে দিল্লিতেই। রামলীলা ময়দানে কর্মসূচির অনুমতি না মেলায় এবার বিকল্প স্থান খোঁজার চেষ্টা চলছে তৃণমূল। ২ অক্টোবর বিক্ষোভ-অবস্থান কর্মসূচি হবে বলে আগেই ঘোষণা করা হয়েছিল তৃণমূলের তরফ থেকে। পরিকল্পনা ছিল, প্রচুর মানুষ একযোগে কেন্দ্রের বিরুদ্ধে সরব হবেন। কিন্তু, আবেদন করেও রামলীলা ময়দান পায়নি তৃণমূল। তার জন্য কর্মসূচি পালন থেকে বিরত থাকছে না রাজ্যের শাসক দল। এই বিষয়ে তৃণমূল সাংসদ সৌগত রায় বলেছেন, দিল্লিতে কর্মসূচি হবেই। ৭৩০০ কোটি টাকা বকেয়া রয়েছে ১০০ দিনের কাজের প্রকল্পে। তাই আন্দোলন ছাড়া আর কোনও রাস্তা নেই। তৃণমূলের বিশ্বস্ত সূত্র বলছে, ২ অক্টোবরেই সভা হবে। রামলীলা ময়দান না পাওয়া গেলে যন্তর মন্তর বা তালকাটরা স্টেডিয়ামের কথা বিকল্প হিসেবে ভাববে তৃণমূল। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ও তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছিলেন, বাংলা থেকে ১০ লক্ষ কর্মী সমর্থক নিয়ে যাওয়া হবে দিল্লিতে। বলেছিলেন, ট্রেন ভাড়া করে নিয়ে যাওয়া হবে, পথে আটকালে সেখানেই বসে পড়বেন তাঁরা। সেই উদ্দেশ্যেই রামলীলা ময়দানকে বেছে নিয়েছিল শাসক দল।

সেনকোয় ডাকাতিতে জড়িয়ে রাজু ঝা খুনে অভিযুক্ত শার্প শ্যুটার

দুরন্ত বার্তা প্রতিবেদন

রাণাঘাটের সেনকো গোল্ডের ডাকাতির ঘটনায় এক অভিযুক্তকে গ্রেফতারির পর সামনে এল এক চাঞ্চল্যকর তথ্য। মাস ছয়েক আগে শক্তিগড়ে ফিল্মি কায়দায় কয়লা মাফিয়াকে খুনের ঘটনায় জড়িত এই অভিযুক্ত। ধৃতের নাম কুন্দন। এতদিন তাঁর সন্ধানেই খোঁজ চালাচ্ছিল পুলিশ। রানাঘাটের চাবি গেটে অবস্থিত সেনকো গোল্ডের শাখায় মঙ্গলবার দুপুরে হয় দুঃসাহসিক ডাকাতি। ৯-১০ জন ডাকাতের দল আগ্নেয়াস্ত্র নিয়ে দোকানে ঢুকে লুঠপাট চালায়। ঘটনার পর দুষ্কৃতিদের ধাওয়া করে তখনই চারজনকে ধরে পুলিশ। সিসিটিভি ফুটেজে অভিযুক্তদের মুখ দেখে সেদিনই রাতে গ্রেফতার করা হয় আরও একজনকে। পরে এদিন ডাকাতির অন্যতম মাস্টারমাইন্ড হিসেবে কুন্দনকে গ্রেফতারের পরই সামনে আসে চাঞ্চল্যকর এই তথ্য। কয়লা মাফিয়া রাজু ঝাঁ খুনে যুক্ত এই কুঃদন। পুলিশের দাবি, ওই খুনে শার্প শ্যুটার ছিলেন কুন্দন। গত ১ এপ্রিল শনিবার রাত ৮টা নাগাদ শক্তিগড়ে ১৯ নম্বর জাতীয় সড়কে একটি ল্যাংচার দোকানের সামনে খুন করা হয়েছিল রাজুকে। একটি সাদা ফরচুনার গাড়ির চালকের বাঁ পাশের আসনে বসেছিলেন তিনি। এ ছাড়া গাড়িতে ছিলেন তাঁর সহযোগী ব্রতীন মুখোপাধ্যায় এবং আব্দুল লতিফ নামে বীরভূমের এক ব্যবসায়ী। কেউ কিছু বুঝে ওঠার আগেই আচমকা একটি গাড়ি থেকে তিন জন নেমে রাজুর গাড়িটি ঘিরে ধরে এলোপাথাড়ি গুলি চালান। ঘটনাস্থলেই

মৃত্যু হয় তাঁর। সেই ঘটনার পর হত্যাকারীকে খুঁজছিল পুলিশ। রাজুকে খুনের পর থেকেই পলাতক ছিলেন কুন্দন। চার মাস পর রাজু খুনের মূল চক্রী কুন্দন ধরা পড়লেন ডাকাতির ঘটনায়। পুলিশ সূত্রে খবর, রানাঘাটের ডাকাতির ঘটনায় যাদের গ্রেফতার করা হয়েছে, তাঁদের মধ্যে রাজু পাসোয়ান, রিক্কি পাসোয়ান এবং মণিকান্ত যাদবের বাড়ি বিহারের বৈশালীতে। কুন্দনের হাত ধরেই এই তিন জনের অপরাধ জগতে প্রবেশ। পুলিশ আরও জানিয়েছে, রাজু এবং রিক্কিকে 'শার্প শুটার' হিসাবে নিয়োগ করছিলেন এই কুন্দনই। ধৃতদের জেরা করে পুলিশ জানতে পেরেছে, 'সুপারি কিলার'দের সিন্ডিকেট চালাতেন কুন্দন। তাঁর সেই সিন্ডিকেটের জাল পশ্চিমবঙ্গের আসানসোল, ঝাড়খণ্ড, বিহার, মধ্যপ্রদেশ এবং ছত্তীসগঢ়েও বিস্তৃত রয়েছে। খুন, ডাকাতি-সহ বিভিন্ন অপরাধের চুক্তি নিতেন কুন্দন। তার পর সেই চুক্তি অনুযায়ী দুষ্কৃতীদের জোগাড় করে এক জায়গায় জড়ো করে সেই সব 'অ্যাসাইনমেন্ট' পাঠাতেন। পুলিশ জানিয়েছে, আসানসোল ছাড়াও এ রাজ্যে আরও তিনটি সিন্ডিকেট রয়েছে কুন্দনের। সেই মডিউল কোথায় কোথায় সক্রিয় তা এখন খতিয়ে দেখা হচ্ছে। রানাঘাট পুলিশ জেলা সুপার কে কান্নন বলেন, ''ধৃতদের প্রত্যেককে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। বেশ কিছু সূত্র পাওয়া গিয়েছে, যেগুলি এই ডাকাতি ছাড়াও অন্য ঘটনার সঙ্গে যুক্ত। তবে তদন্তের স্বার্থে সব প্রকাশ্যে আনা সম্ভব নয়।'' উল্লেখ্য, মধ্যপ্রদেশের একটি ডাকাতির ঘটনার সঙ্গে জড়িত ছিলেন কুন্দন। সেই ঘটনায় মধ্যপ্রদেশ পুলিশের একটি দল ইতিমধ্যেই রানাঘাটে এসে পৌঁছেছে। এ ছাড়াও ২০২১ সালে আসানসোলে একটি খুনের সুপারি নিয়েছিলেন কুন্দন। আসানসোলে আরও দু'টি ডাকাতির ঘটনার সঙ্গেও কুন্দনের জড়িত থাকার সম্ভাবনা রয়েছে বলে পুলিশের ধারণা।

মাইক্রোব্লগিং সাইটে মিলবে আরও সুবিধা

ওয়াশিংটন, ৩১ আগস্ট ঃ এক্স-এ মিলবে আরও সুবিধা, আগে যা টুইটার নামে পরিচিত ছিল, সেই মাইক্রোব্লগিং সাইটে এবার বড়সড় চমক আনতে চলেছেন ইলন মাস্ক। বৃহস্পতিবার এক্স মাধ্যমেই ইলন মাস্ক ঘোষণা করেছেন, সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম 'এক্স'-এ ভিডিও এবং অডিও কল বৈশিষ্ট্যগুলি আসছে। তবে, কবে আসছে তা আনুষ্ঠানিকভাবে জানানো হয়নি।বৃহস্পতিবার নিজের এক্স হ্যান্ডেলে ইলন মাস্ক ঘোষণা করেছেন, ভিডিও এবং অডিও কল 'এক্স'-এ আসছে। আইওএস, এন্ড্রোয়েড, ম্যাক ও পিসি-তে কাজ করবে। কোনও ফোন নম্বর লাগবে না। মাস্ক আরও জানান, এক্স হল কার্যকর বিশ্বব্যাপী বই। প্রসঙ্গত, টুইটারের নাম বদলে এক্স করেছেন মাস্ক, এবার নতুন ফিচার যোগ হচ্ছে এক্স-এ। তবে, ব্যবহারকারীদের দীর্ঘদিনের দাবি হল, এক্স-এ এডিট অপশন যুক্ত করা, সেই দাবি এখনও মিটল না।

পুত্র সন্তানের বাবা হলেন সুনীল ছেত্রী

মুম্বই, ৩১ আগস্ট ঃ পুত্র সন্তানের বাবা হলেন ভারতীয় ফুটবল দলের অধিনায়ক সুনীল ছেত্রী। বৃহস্পতিবার সুনীলের স্ত্রী সোনম পুত্র সন্তানের জন্ম দিয়েছেন। হাসপাতাল সূত্রে খবর, দু'জনেই সুস্থ আছেন।সুনীলের স্ত্রী সোনম প্রেগনেন্সির সময় ডেঙ্গিতে আক্রান্ত হয়েছিলেন। বেঙ্গালুরুর একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি। অন্তঃসত্ত্বা অবস্থায় সোনম ডেঙ্গি আক্রান্ত হওয়ায় উদ্বেগ বেড়েছিল অনুগামীদের মধ্যে। কিন্তু সেই উদ্বেগ কাটিয়ে এদিন সুখবর

অকালেই মেয়েকে হারালেন অভিনেতা দীপঙ্কর দে, ৫২ বছর বয়সে প্রয়াত বৈশালী

কলকাতা, ৩১ আগস্ট ঃ অকালেই মেয়েকে হারালেন প্রবীণ অভিনেতা দীপঙ্কর দে। কলকাতার বাইপাস সংলগ্ন একটি হাসপাতালে ভর্তি ছিলেন অভিনেতার মেয়ে বৈশালী কুরিয়াকোস। কিডনি এবং হৃদ্যন্ত্রের সমস্যা নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন তিনি। কিন্তু শেষরক্ষা হল না। বুধবার রাতে শেষ নিশ্বাস ত্যাগ করেন বৈশালী। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল মাত্র ৫২ বছর।হাসপাতাল সূত্রের খবর, বড়সড় হার্ট অ্যাটাক হয় বৈশালীর। তাই আর শেষরক্ষা করা গেল না। অকালেই মেয়েকে হারিয়ে ভেঙে পড়েছেন প্রবীণ অভিনেতা দীপঙ্কর দে। বৈশালী হলেন দীপঙ্করের বড় মেয়ে।

মহিলার মস্তিষ্কে মিলল পাইথনের শরীরে মিলল থাকা জীবন্ত কৃমি

দুরন্ত বার্তা,৩১আগষ্টঃ অস্ট্রেলিয়ার ক্যানবেরার বাসিংদা ৬৪ বছর বয়সি এক মহিলার মস্তিষ্কে পাওয়া গেল ৮ সেন্টি মিটার লম্বা জীবন্ত কৃমি।চিকিৎসকেরা জানিয়েছেন, ওই মহিলা দীর্ঘ দিন ধরে ডায়েরিয়া, পেটে ব্যথা, জ্বরে ভুগছিলেন। শুধু তা-ই নয়, ওই মহিলার মধ্যে কিছু মানসিক সমস্যাও দেখা দিতে শুরু করেছিল। ভুলে যাওয়া, মানসিক চাপের মতো কিছু লক্ষণ দেখা দিতে শুরু করেছিল মহিলার মধ্যে।মহিলার মস্তিষ্কে এমআরআই করে চিকিৎসকেরা অবাক হয়ে যান। মস্তিষ্কে খোঁজ মেলে জীবন্ত কৃমির। মহিলার পরিবারের লোকজনকে জানানো হয়, তাঁর জটিল অস্ত্রোপচার করতে হবে। এই জাতীয় কৃমি সাধারণত পাইথনের শরীরে পাওয়া যায়। মানুষের মস্তিষ্কে এমন কৃমির খোঁজ মিলল এই প্রথম। চিকিৎসকেরা জানিয়েছেন, ওই মহিলার বাড়ির পিছন দিকে একটি লেক রয়েছে, সেখানে পাইথন সাপের হদিস প্রায়শই মেলে। তাঁদের অনুমান, পাইথনের শরীর থেকে এই কৃমি বর্জ্য আকারে বেরিয়ে শাক-সব্জির সঙ্গে মিশে গিয়েছে। কোনও ভাবে খাবারের মাধ্যমেই এই কৃমি মহিলার শরীরে প্রবেশ করেছে। চিকিৎসকের আশঙ্কা, পশুর শরীর থেকে মহিলার শরীরে কোনও রকম রোগের সংক্রমণের হয়েছে কি না। পশুর শরীর থেকে মানুষের শরীরে রোগের সংক্রমণ হলে তাকে জুনোটিক ডিজিজ.বলে। গবেষণায় দেখা গিয়েছে, বিশ্ব জুড়ে ৭৫ ভাগ সংক্রমণ কিন্তু জুনোটিক হয়, এর মধ্যে কোভিডও অন্যতম। অস্ত্রোপচরের পর মহিলার মস্তিষ্ক থেকে সেই কৃমি বার করা হয়েছে। তবে এখনও মহিলা হাসপাতালে ভর্তি। তাঁর শরীরে অন্য কোনও সংক্রমণ হয়েছে কিনা, তা যাচাই করে দেখছেন চিকিৎসকেরা।

বিরোধী দলগুলির মধ্যে 'মিউজিক্যাল চেয়ার'-এর কোনও ব্যাখ্যার প্রয়োজন নেইঃসম্বিত পাত্র

নয়াদিল্লি, ৩১ আগস্ট ঃ মুম্বইয়ে বিরোধীদের 'ইন্ডিয়া' জোটের তৃতীয় বৈঠকের তীব্র সমালোচনা করলেন বিজেপি মুখপাত্র সম্বিত পাত্র। তিনি বলেছেন, বিরোধী দলগুলির মধ্যে 'মিউজিক্যাল চেয়ার'-এর কোনও ব্যাখ্যার প্রয়োজন নেই। বৃহস্পতিবার সকালে এক সাংবাদিক বৈঠকে সম্বিত পাত্র বলেছেন, এই ধরনের বিরোধী দলের বৈঠক আমাদের কাছে নতুন কিছু নয়, সেটা ২০১৪ অথবা ২০১৯-ই হোক। এই 'অহঙ্কারী জোট' আবারও গঠিত হয়েছে এবং আবারও চেষ্টা করছে।বিজেপির জাতীয় মুখপাত্র সম্বিত পাত্র আরও বলেছেন, এটিকে 'স্বার্থপর জোট' বললে অত্যুক্তি হবে না। এটি বাধ্যতার জোট, শক্তি নয়। সম্বিত পাত্র জোর দিয়ে বলেছেন, এই সমস্ত বিরোধী দলগুলি ২০ লক্ষ কোটি টাকার কেলেঙ্কারি ও দুর্নীতি করেছে। এটা একটা স্বার্থপর জোট... তাঁদের এজেন্ডা হল দুর্নীতি থেকে সর্বোচ্চ মুনাফা লাভ। সম্বিত আরও বলেছেন, আমরা চন্দ্রযান এবং আমাদের রোভার ইতিমধ্যেই উন্নয়নের কাজ করছে, যেখানে কংগ্রেসের ক্ষেপণাস্ত্রটি জ্বালানি না থাকায় তা উৎক্ষেপণ হবে না। কংগ্রেস নিজেদের ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণের জন্য সর্বাত্মক চেষ্টা করেছে, কিন্তু তাঁরা ব্যর্থ হয়েছে। এদেশের মানুষ ভালো করেই জানেন কার বাহন অবতরণ করবে এবং কার ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণও হবে না।

অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৬ ডলারের কাছাকাছি, পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ৩১ আগস্ট ঃ আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বাড়ছে।আজ ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৮৬ এবং ডব্লিউটিআই অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ৮২ ডলারের কাছাকাছি। যদিও বৃহস্পতিবারও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, বৃহস্পতিবার দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে। মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা। ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে।প্রসঙ্গত, গত বছর ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

কাছাড় জেলার কাতিরাইলে উদ্ধার হাত-পা বাঁধা যুবক, চাঞ্চল্য, তদন্তে পুলিশ

কাটিগড়া (অসম), ৩১ আগস্টঃ কাছা। জেলার কাতিরাইলে হাত-পা বাঁধা অবস্থায় এক যুবককে উদ্ধার করা হয়েছে। রহস্যজনক এ ঘটনায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে সংশ্লিষ্ট এলাকায়। কাটিগড়া থানার পুলিশ ঘটনার তদন্তে নেমেছে, তবে এখনও সাফল্য লাভের কোনও খবর পাওয়া যায়নি।ঘটনাটি প্রকাশ্যে আসে আজ বৃহস্পতিবার সকাল প্রায় আটটা নাগাদ। কাতিরাইলে বিআরটিএফ সংলগ্ন এলাকায় মুখে শরীরে কাঁদামাখা ও হাত-পা বাঁধা অবস্থায়. সংজ্ঞাহীন এক যুবক মাটিতে পড়ে থাকতে দেখেন স্থানীয় কতিপয় ব্যক্তি। পরে তাঁকে স্থানীয় বাসিন্দা জনৈক কামাল উদ্দিন লস্কর বলে পরিচয় উদ্ধার করে থানায় খবর দেওয়া হয়। ঘটনার খবর চাউর ঘটনাস্থলে ভিড় জমে যায়।খবর পেয়ে ছুটে আসেন কাটিগড়া থানার এসআই এল চিংচং। তিনি কালাম উদ্দিন লস্করকে উদ্ধার করে কাটিগড়া মডেল হাসপাতালে নিয়ে.যান। বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন কামাল। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। তবে এ খবর লেখা পর্যন্ত কোনও সাফল্য লাভ করতে পারেনি পুলিশ। রহস্যজনক ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে গোটা এলাকায়।

করিমগঞ্জের ভারত-বাংলা সীমান্তে রক্ষাবন্ধন উৎসব পালন ভারত বিকাশ পরিষদের

করিমগঞ্জ (অসম), ৩১ আগস্ট ঃ রক্ষাবন্ধন, ভাই বা দাদার প্রতি দিদি বা বোনের ভালোবাসা, ভাইয়ের মঙ্গলকামনা এবং দিদি বা বোনকে আজীবন রক্ষা করার ভাই বা দাদার শপথের প্রতীক। বোনেরা ভাইদের হাতে রাখির সুতো বেঁদে তাঁদের দীর্ঘায়ু.কামনা করেন। এই ভাবনাকে প্রাণবন্ত করতে করিমগঞ্জের ভারত-বাংলাদেশ সীমান্তে রাখি বন্ধন উসবে মেতে উঠেছেন বিএসএফ-এর জওয়ানরা। বুধ এবং বৃহস্পতিবার, দুদনব্যাপী রাখি বন্ধন উসব পালিত হয়ে করিমগঞ্জে।ভারত বিকাশ পরিষদের করিমগঞ্জ শাখার কার্যকর্তারা বাংলাদেশ সীমান্তবর্তী ১৬ নম্বর ব্যাটালিয়নের সুতারকাঃি দ ক্যাম্পের বিএসএফ জওয়ানদের হাতে সুসজ্জিত সুতো বেঁধে তাঁদের মঙ্গলকামনা ও সুরক্ষিত রাখার শপথ নিয়েছেন। বিএসএফ জওয়ানদের দীর্ঘায়ু কামনা করে হাতে রাখি পরিয়ে উৎসব পালন করে পরিষদ। দেশের সুরক্ষায় ঘরবাড়ি ছেড়ে সীমান্তে পড়ে রয়েছেন যে সকল বিএসএফ জওয়ান, তাঁদের হাতে রাখি পরিয়ে এই দিনটিকে রক্ষা বন্ধন উৎসব হিয়ে পালন করেন পরিষদের কার্যকর্তারা। জওয়ানদের মিষ্টিমুখ করিয়ে সৌহার্দ্য বিনিময়ও করেন তারা।তাঁরা বলেন, আমাদের সুরক্ষার জন্য স্বজনদের ছো। ভাইয়েরা সীমান্তে পাহারা দিচ্ছেন। বিশেষ এই দিনে তাঁদের যাতে মন খারাপ না হয়, সে জন্যই বিওপিতে এসে জওয়ানদের হাতে রাখি পরিয়ে মিষ্টিমুখ করিয়ে শুভেচ্ছা বিনিময় করা হয়েছে।

রাশিয়ার কাছে অস্ত্র বিক্রি নিয়ে উত্তর কোরিয়াকে সতর্ক বার্তা উদ্বিগ্ন আমেরিকার

ওয়াশিংটন, ৩১ আগস্ট ঃ রাশিয়া ও উত্তর কোরিয়ার মধ্যে সম্ভাব্য অস্ত্র চুক্তি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে আমেরিকা। রুশদের কাছে অস্ত্র বিক্রি নিয়ে উত্তর কোরিয়াকে সতর্ক বার্তা দিয়ে রেখেছে বাইডেন প্রশাসন। হোয়াইট হাউসের জাতীয় নিরাপত্তা মুখপাত্র জন কিরবি জানিয়েছেন, রাশিয়া ও উত্তর কোরিয়ার মধ্যে সম্ভাব্য অস্ত্র চুক্তি নিয়ে উদ্বিগ্ন তারা। তিনি বলেন, আমরা উত্তর কোরিয়াকে রাশিয়ার কাছে অস্ত্র বিক্রি না করার যে প্রকাশ্য প্রতিশ্রুতি তারা দিয়েছিল তা মেনে রাশিয়ার সঙ্গে অস্ত্র আলোচনা বন্ধ করার জন্য অনুরোধ করছি।তিনি বলেন, আমারা বিশ্বাস করি রুশ প্রতিরক্ষামন্ত্রী সের্গেই শোইগু উত্তর কোরিয়া সফরে কিম জং উনের সঙ্গে দেখা করে তাকে আর্টিলারি গোলাবারুদ বিক্রি করতে রাজি করানোর চেষ্টা করেছিলেন।কিরবির 'তথ্যের' উদ্ধৃতি দিয়ে বলেন, আগামী মাসগুলোতে এই বিষয়ে উভয় দেশের উচ্চ পর্যায়ে আলোচনা হতে পারে। তবে তথ্যসূত্র সম্পর্কে বিস্তারিত জানান নি এই হোয়াইট হাউস মুখপাত্র।ইউক্রেনে রুশ অভিযানের দে। বছর হতে চললো। এই যুদ্ধে আমেরিকা সহ পশ্চিমী রাষ্ট্রগুলো ইউক্রেনকে অস্ত্রসহ সামরিক সহায়তা দিয়ে আসলেও রাশিয়াকে সহায়তা না করতে চিনসহ প্রতিদ্বন্দ্বীও প্রতিপক্ষ দেশগুলোকে সতর্ক করে আসছে মার্কিন যুক্তরাষ্ট্র।মার্কিন যুক্তরাষ্ট্রের এই বক্তব্য এমন সময়ে এলো যখন কিছু দিন আগেই পুতিন এবং কিম তাদের দুই দেশের সম্পর্ক জোরদার করার প্রতিশ্রুতি দিয়ে চিঠি বিনিময় করেছেন।

১৮-২২ সেপ্টেম্বর বসছে সংসদের বিশেষ অধিবেশন, ফলপ্রসূ আলোচনার প্রত্যাশা যোশীর

নয়াদিল্লি, ৩১ আগস্ট ঃ আগামী ১৮ থেকে ২২ সেপ্টেম্বর পর্যন্ত বসছে সংসদের বিশেষ অধিবেশন। ১৮ থেকে ২২ সেপ্টেম্বর মাত্র ৫ দিনের জন্য বসতে চলেছে সংসদের এই বিশেষ অধিবেশন। অমৃতকালে এই অধিবেশন ফলপ্রসূ হবে বলেই আশা প্রকাশ করেছেন কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী। বিরোধী দলের কাছে তাঁর আশা, ফলপ্রসূ আলোচনা ও বিতর্কের জন্য অপেক্ষায় রয়েছি।বৃহস্পতিবার এক্স (টুইটার) মাধ্যমে সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী জানিয়েছেন, সংসদের বিশেষ অধিবেশন (সপ্তদশতম লোকসভার ১৩-তম অধিবেশন এবং রাজ্যসভার ২৬১-তম অধিবেশন) আগামী ১৮ থেকে ২২ সেপ্টেম্বর পর্যন্ত ডাকা হয়েছে। তিনি আরও জানিয়েছেন, মোট ৫ দিনের মধ্যে এই অধিবেশন চলবে। সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী আহ্বান জানিয়েছেন, অমৃতকালের মধ্যে সংসদে ফলপ্রসূ আলোচনা ও বিতর্কের জন্য অপেক্ষায় রয়েছি।

এবছরের ম্যাগসাইসাই পুরস্কার পেলেন ভারতের রবি কান্নন-সহ চারজন

ম্যানিলা, ৩১ আগস্ট ঃ এশিয়ার নোবেলখ্যাত এবারের র‍্যামন ম্যাগসাইসাই পুরস্কার পেলেন বিশিষ্ট ভারতীয় চিকিসক রবি কান্নন । বৃহস্পতিবার র‍্যামন ম্যাগসাইসাই অ্যাওয়ার্ড ফাউন্ডেশনের ওয়েবসাইটে ২০২৩ সালের পুরস্কার বিজয়ী হিসেবে রবি কান্নন সহ চারজনের নাম প্রকাশ করা হয়েছে। পুরস্কৃত হলেন, বাংলাদেশের করভি রাখসান্দ, ফিলিপিনসের মিরিয়াম কোরোনেল-ফেরের ও পূর্ব তিমুরের ইগুনিও লেমোসও।র‍্যামন ম্যাগসাইসাই অ্যাওয়ার্ড ফাউন্ডেশনের ওয়েবসাইটে বলা হয়েছে, রবি কান্নান পেশায় চিকিৎসক। অসমের দরিদ্র মানুষের ক্যানসার চিকিৎসায় তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন। করভি রাখসান্দ বাংলাদেশের সর্বজনীন মানসম্মত শিক্ষার বিকাশে একজন অগ্রগণ্য ব্যক্তি। তিনি নিজের দেশের তরুণদের মধ্য সক্রিয় অংশগ্রহণমূলক সংস্কৃতি বিকাশে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। ইগুয়েনিও লেমোস তাঁর দেশে পরিবেশ ও আদিবাসী সংস্কৃতি রক্ষায় কাজ করছেন। সেই সঙ্গে টেকসই ও স্বাধীন খাদ্য সরবরাহ ব্যবস্থায় তাঁর অবদান রয়েছে। অন্যদিকে শান্তি আলোচনার মধ্যস্ততায় নারীদের অংশগ্রহণ নিয়ে কাজ করেন ফিলিপাইনের মিরিয়াম।চলতি বছর র‍্যামন ম্যাগসাইসাই পুরস্কারের ৬৫তম বার্ষিকী উদযাপন করা হচ্ছে। ফিলিপিনসের রাজধানী ম্যানিলায় অবস্থিত র‍্যামন ম্যাগসাইসাই অ্যাওয়ার্ড ফাউন্ডেশন এ পুরস্কার দিয়ে থাকে।

শ্যামপুরের ডিহিমন্ডল ঘাটে অবহেলায় রূপনারায়ণ নদীর তীরে শুধু স্মৃতিকে বহন করে চলেছে লুপ্ত প্রায় 'ছট' নৌকো

উলুবেড়িয়া,৩১আগষ্টঃ প্রায় এক বছর আগে ভারত ও ব্রিটেনের যৌথ উদ্যোগে ফিরিয়ে আনা হয়েছিল প্রাচীন ও লুপ্তপ্রায় বিশেষ ধরনের 'ছট' নৌকো। দৈর্ঘ্যে ৩৫ ফুট, প্রশ্থে নয় ফুট এবং প্রায় ৮ ফুট গভীরতার এই নৌকোটি তৈরি হওয়ার প্রায় এক বছর পরেও আজ রোদ, জলে অযত্নে ও অবহেলায় রূপনারায়ণ নদের তীরে শুধু স্মৃতিকে বহন করে চলেছে। উল্লেখ্য, এখন থেকে চার দশক আগে উত্তাল সামুদ্রে জীবন রক্ষা করার জন্য মস্যজীবীরা এই ধরনের ইংরেজির 'ভি' আকৃতির নৌকো ব্যবহার করতেন। নদী গুলির নাব্যতা হ্রাস পাওয়ার কারণে এখন আর এই নৌকো ব্যবহার করা হয় না।গত বছর ভারত ও ব্রিটেনের যৌথ উদ্যোগে এই নকশার নৌকোটি নির্মিত হয়। এই প্রজেক্টটির জন্য আর্থিক অনুদান দিয়েছে ইংল্যান্ডের সংস্থা এনডেঞ্জার্ড মেটেরিয়াল নলেজ প্রোগ্রাম। তাঁরা আরকেডিয়ার তহবিল থেকে আর্থিক সহায়তা পেয়েছিলেন। এক্সেটারি ইউনিভার্সিটি ইউকে এবং সেন্ট্রাল ইউনিভার্সিটি অফ হরিয়ানা এই দুই সংস্থার সহযোগিতায় এই কাজটি হয়েছিল। শ্যামপুর থানার ডিহিমন্ডল ঘাটের গুদারবেনিয়ায় নৌকো শিল্পী পঞ্চানন মন্ডল এবং তাঁর চার ছেলে অমল, মনিমোহন, দিলীপ ও দীপ মন্ডল দিনরাত পরিশ্রম করে দীর্ঘ এক মাস ধরে এই নৌকোটি তৈরি করেছিলেন। তখন ঝাঁঝ, ঘন্টা ও শাঁখ বাজিয়ে, উলুধ্বনি দিয়ে ঘটা করে পরীক্ষামূলকভাবে জলে ভাসানো হয়। কথা ছিল এই নৌকোটি তৈরির তথ্য ও কৌশল ডিজিটাইজ আকারে ব্রিটিশ মিউজিয়ামে রাখা হবে এবং মূল নৌকাটি থাকবে ভারতের গুজরাটের ন্যাশনাল মেরিটাইম মিউজিয়ামে। কিন্তু এইসব কথা কথা হয়েই রয়ে গিয়েছে। নৌকোটি ধীরে ধীরে জীর্ণ থেকে জির্ণতর হচ্ছে। এই নৌকোটি নির্মাণে বিশেষ উদ্যোগ নিয়েছিলেন ভারত সরকারের মিনিস্ট্রি অফ কালচারের এনথ্রোপলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার ভিজিটিং ফেলো বিশিষ্ট নৃতত্ত্ববিদ অধ্যাপক স্বরূপ ভট্টাচার্য। তিনি বলেন, গুজরাটের লোথালে তৈরি হচ্ছে ন্যাশনাল মেরিটাইম মিউজিয়াম। তাঁরা নৌকোটিকে সেই মিউজিয়ামে নিয়ে যাওয়ার দাযিত্ব নিয়েছিল। তারা এখনও পর্যন্ত নৌকাটিকে নিয়ে যায়নি, কিন্তু নিয়ে যাওয়ার কথা। তাঁরা যে এতটা দাযিত্বজ্ঞানহীনতার কাজ করবে সেটা তাঁর জানা ছিল না। তিনি জানিয়েছেন, একমাস আগে তাঁর কাছে শিপিং কর্পোরেশন থেকে একটি চিঠি এসেছে যাতে বলা হয়েছে, ইন্ডিয়ান পোর্ট অ্যাসোসিয়েশন বলে একটি অর্গানাইজেশন আছে যাঁরা ওই ন্যাশনাল মেরিটাইম মিউজিয়াম তৈরি করছে। তাঁদেরকে বলা হয়েছে তাঁরা নৌকোটি নিয়ে যাবে। ইন্ডিয়ান পোর্ট অ্যাসোসিয়েশন বিষয়টি কলকাতা পোর্টকে জানিয়েছে। কলকাতা পোর্টের এক ডিরেক্টর স্বরূপবাবুর সঙ্গে যোগাযোগ করেন। কিন্তু এখনও নৌকাটিকে নিয়ে যাওয়া হয়নি। এদিকে অক্লান্ত পরিশ্রম করে নৌকোটিকে নির্মাণ করার কারিগর পঞ্চানন মন্ডল এবং তাঁর ছেলেরা এভাবে নৌকাটি পড়ে পড়ে নষ্ট হতে দেখে হতাশা ব্যক্ত করেছেন।

সংস্কৃতের সঙ্গে ভারতের একটি বিশেষ সম্পর্ক রয়েছেঃপ্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ৩১ আগস্ট ঃবিশ্ব সংস্কৃত দিবসের শুভেচ্ছা বিনিময় করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার সকালে প্রধানমন্ত্রী মোদী টুইট (এক্স) করেছেন, যারা সংস্কৃত সম্পর্কে উৎসাহী ও অনুরাগী, তাঁদের অভিবাদন। সংস্কৃতের সঙ্গে ভারতের বিশেষ সম্পর্ক রয়েছে। প্রতিবছর ৩১ আগস্ট দিনটি বিশ্ব সংস্কৃত দিবস হিসেবে উদযাপিত হয়।বিশেষ এই দিনে প্রধানমন্ত্রী মোদী টুইট বার্তায় জানিয়েছেন, বিশ্ব সংস্কৃত দিবসের শুভেচ্ছা। যারা সংস্কৃত সম্পর্কে উৎসাহী ও অনুরাগী, তাঁদের অভিবাদন। সংস্কৃতের সঙ্গে ভারতের বিশেষ সম্পর্ক রয়েছে। এই মহান ভাষা উদযাপন করতে, আমি আপনাদের সকলকে সংস্কৃতে একটি বাক্য ভাগ করে নেওয়ার জন্য অনুরোধ করছি। প্রসঙ্গত, প্রাচীন ভারতীয় ভাষার মধ্যে অন্যতম হল সংস্কৃত। এই ভাষার প্রচার ও প্রসারের লক্ষ্যে প্রতিবছর ৩১ আগস্ট দিনটি বিশ্ব সংস্কৃত দিবস হিসেবে উদযাপিত হয়।

সমস্ত কংগ্রেস কর্মীরা রাহুল গান্ধীকেই প্রধানমন্ত্রী চাইছেনঃসঞ্জয় নিরুপম

মুম্বই, ৩১ আগস্টঃ সমস্ত কংগ্রেস কর্মীরা রাহুল গান্ধীকেই প্রধানমন্ত্রী চাইছেন। দাবি করলেন কংগ্রেস নেতা সঞ্জয় নিরুপম। বৃহস্পতিবার মুম্বইয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সঞ্জয় নিরুপম বলেছেন, সমস্ত কংগ্রেস কর্মীরা রাহুল গান্ধী প্রধানমন্ত্রী চাইছেন... জয়লাভ করার পরে, সমস্ত নেতা (বিরোধীদের) সিদ্ধান্ত নেবেন কে হবেন (প্রধানমন্ত্রী)।মুম্বইয়ে বিরোধীদের 'ইন্ডিয়া' জোটের বৈঠকের প্রাক্কালে সঞ্জয় নিরুপম বলেছেন, বদলে যাচ্ছে ভারতের রাজনীতি। বিরোধী দলগুলি এখন একত্রিত হয়েছে এবং তাঁরা এতটাই শক্তিশালী যে বিজেপি সরকারকে সরিয়ে দেবে। মুম্বই বৈঠকে এজেন্ডা নির্ধারণ করা হবে এবং সমন্বয় কমিটিও ঘোষণা করা হবে।

জোহানেসবার্গে ভয়াবহ অগ্নিকান্ড প্রান কাড়ল ৬৩ জনের

দক্ষিণ আফ্রিকা,৩১আগষ্টঃ দক্ষিণ আফ্রিকার রাজধানী শহর জোহানেসবার্গে ভয়াবহ অগ্নিকান্ডের জেরে প্রান হারালেন প্রায় ৬৩ জন সাধারন নাগরিক। গুরুতর আহত আরও ৪৩ জন। এছা।াও অগ্নিদগ্ধ বাড়িটির ভিতরে এখনও অনেকে আটকে রয়েছেন বলেই অনুমান উদ্ধারকারীদের। ফলে মৃতের সংখ্যা আরও বাড়বে বলেই আশঙ্কা। আপাতত আগুন নিয়ন্ত্রণে রয়েছে। যদিও ওই বহুতলে কীভাবে আগুন লাগল তার কারণ জানা যায়নি।স্থানীয় সময় রাত দে।টা নাগাদ আচমকাই দাউদাউ করে জ্বলে ওঠে জোহানেসবার্গের প্রাণকেন্দ্রে অবস্থিত পাঁচ তলা বাড়িটি। মূলত বাসস্থান হিসাবেই বা।টি ব্যবহৃত হয়। আগুন লাগার খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছন দমকলকর্মী, বিপর্যয় মোকাবিলা কর্মীরা। তবে আগুন নেভানোর কাজ শেষ হওয়ার আগেই ৬৩ জনের মৃত্যু হয়। বহুতলের ভিতর থেকে বের করে আনা হয় তাঁদের মৃতদেহ। সেই সঙ্গে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করা হয়েছে ৪৩ জনকে। আপাতত তাঁরা হাসপাতালে চিকিৎসাধীন। সূত্রের খবর, এখনও আরও বহু মানুষ আটকে রয়েছেন বহুতলের ভিতরে। আগুন নিয়ন্ত্রণে আসার ফলে প্রত্যেকটি এলাকায় খুঁজে দেখছেন তাঁরা। তবে প্রশ্ন উঠছে এই বহুতলে কী করে আগুন লাগল? যদিও এই প্রশ্নের উত্তর নেই উদ্ধারকারীদের কাছে। আগুন লাগার কারণ খুঁজতে তদন্ত হবে বলে জানিয়েছেন তাঁরা।স্থানীয়দের মতে গত কুড়ি বছরে এমন ভয়াবহ দুর্ঘটনা ঘটেনি জোহানেসবার্গে। সূত্রের খবর, বেআইনিভাবে অনেকেই ওই বহুতলে বসবাস করতেন দীর্ঘদিন ধরে। নানা অসামাজিক কাজও চলত। তবে ভয়াবহ আগুন লাগল কী করে তা এখনও অজানাই।

'কোনও নোটিস পাইনি' সুজিত বসু!রাজনৈতিক ষড়যন্ত্রের গন্ধ পাচ্ছে বাংলার শাসক দল

দুরন্ত বার্তা,৩১আগষ্টঃ ২৪ অগস্ট সংবাদমাধ্যমে প্রকাশিত হয় পুরসভার নিয়োগ দুর্নীতিতে দমকলমন্ত্রীকে তলব করেছে সিবিআই। ৩১ অগস্ট তাঁকে তদন্তের জন্য ডেকে পাঠানো হয়েছে নিজাম প্যালেসের সিবিআই দফতরে।কিন্তু বৃহস্পতিবার নিজাম প্যালেসে সিবিআইয়ের দফতরে হাজিরা দিলেন না তিনি। উল্লেখ্য, ২৪ অগস্ট বিধানসভার অধিবেশনে থাকার সময় এই খবর পান সুজিত। ওই দিন বিবৃতি দিয়ে জানিয়ে দেন, সিবিআইয়ের থেকে হাজিরার কোনও চিঠি পাননি তিনি। চিঠি পেলে তার পর নিজের অবস্থান জানাবেন। বৃহস্পতিবার দুপুর পর্যন্ত তাঁর কাছে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার তরফে তলবের কোনও বার্তা আসেনি। তাই নিজাম প্যালেসে যাওয়ার কোনও প্রশ্নই ওঠে না বলে দাবি করেছেন বিধাননগর বিধায়কের ঘনিষ্ঠমহল।প্রসঙ্গত, পুরসভায় নিয়োগ দুর্নীতিতে সিবিআইয়ের পাশাপাশি তদন্ত করছে এনফোর্সমেন্ট ডিরেক্টোরেট-ও। ইডি সূত্রে খবর, যে ১২টি পুরসভা কর্তৃপক্ষের কাছে তারা নথি চেয়ে পাঠিয়েছে, তার মধ্যে দমদম, কামারহাটি, পানিহাটির মতো কলকাতা সংলগ্ন এলাকাগুলির পুরসভাও রয়েছে। ইডি ওই পুরসভা কর্তৃপক্ষকে বলেছে, ২০১৪ সাল থেকে সমস্ত নিয়োগের তথ্য পাঠাতে। এক সপ্তাহের মধ্যে ওই তথ্য এবং যাবতীয় নথি পাঠাতে হবে বলে নোটিসে জানিয়েছে ইডি। যে সময়ের উল্লেখ করে পুর নিয়োগ দুর্নীতির তদন্ত হচ্ছে, সেই সময়ে সুজিত ছিলেন দক্ষিণ দমদম পুরসভার ভাইস চেয়ারম্যান।

সফল অবতরণে দেশ কে মুন পডস উৎসর্গ করেছে কেডিএম

কলকাতা,৩১আগষ্টঃমুন মিশন চঃদ্রযান ৩এর সফল অবতরণে দেশ যখন উৎসবেরমুডে, এই ঐতিহাসিক ঘটনাকে উদযাপন করতে, দেশর অনুভূতি প্রকাশ করতে এবং দেশ কেউচ্চতায় পৌঁছে দেয়ার জন্য নেতৃস্থানীয় লাইফস্টাইল এবং মোবাইল আনুষাঙ্গিক ব্র্যান্ডকেডিএম মুন পডস দেশ কে উৎসর্গ করলো।মুন পডস হল প্রিমিয়াম ইয়ারবাড্স বা ওয়্যারলেস ইয়ারফোন। এর মধ্যে সেন্সর প্রযুক্তি সহক্রিস্প, ক্লিয়ার কল এবং সক্রিয. নয়েজ আইসোলেশন এবং ২০ ঘন্টা পর্যন্ত ব্যাটারি লাইফ সহঅন্যান্য বৈশিষ্ট্য রয়েছে। এটি ইউএসবি টাইপ-সি পোর্টের মাধ্যমে একক চার্জে হ্যান্ডস ফ্রিকলিং, লাইটওয়েট, নয়েজ আইসোলেশন এবং সারাদিন ব্যাটারি লাইফের মতো বৈশিষ্ট্যগুলি প্রদানকরে।এন ডি মালি, প্রতিষ্ঠাতা, কেডিএম বলেন আমরা গর্বের সাথে ইসরো কে সফল অবতরণের জন্যেএবং একটি পুরো প্রজন্মকে চাঁদের লক্ষ্যে অনুপ্রাণিত করার জন্য অভিনন্দন জানাই। আমরাচাঁদের উপরে এবং এই ঐতিহাসিক অর্জনের সাক্ষী হতে আমাদের মহান দেশ কে এই মুন পডস উৎসর্গ করছি। দেশের লুনার মিশন হোক বা আপনার জীবন, কেডিএমর মূলমন্ত্র ঠন্থণত্করো দিল কীবি এইচ সুথার, সহ-প্রতিষ্ঠাতা, কেডিএম বলেন,চন্দ্রযানের সফল অবতরণ আমরা কী অর্জনকরতে পারি তার প্রমাণ যখন আমাদের চোখ চাঁদের দিকে থাকে, কেডিএম-এ, আমরা হর ঘরকেডিএম-এর প্রতি প্রতিজ্ঞাবদ্ধ, এই মহাকাব্য কৃতিত্ব ভারতের গৌরব বইতে লেখা একটিমুহূর্ত নয.বরং এটি আরও উচ্চতা অর্জনের জন্য একটি শক্তিশালী অনুস্মারক হিসাবে কাজকরে।ঠন্থণত্কেডিএম দেশের প্রতিটি শহর এবং প্রত্যন্ত অঞ্চলে একটি পারিবারিক নাম হওয়ার আশা করেএবং ২০২৫ সালের মধ্যে ৩৯হর ঘর কেডিএম৩৯ এর দৃষ্টিভঙ্গি নিয়ে ১ লাখের বেশি ডিলার নেটওয়ার্কেপৌঁছানোর

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,১সেপ্টেম্বর ঃশুক্রবার, ১৪ভাদ্র মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১সেপ্টেম্বর ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ১৪ ভাদ্র মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১৪ ভাদ্র মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ ১৪ ভাদ্র মাস ১৯৪৪, মৈতৈঃ ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০.৪ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৪.০৪ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯৩শতকরা এবং ৬২শতকরা। বৃষ্টি হয়েছে বুধবার । জোয়ার-সকাল ৯টা ২০ মিনিট এবং রাত৯টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৮টা ২০মিনিট। রাত-৯টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৫ টা ১৯মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ১২ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃআপনি শক্তিতে পরিপূর্ণ থাকবেন এবং আজ অসাধারণ কিছু করতে পারেন। সব দায়বদ্ধতা এবং আর্থিক হবে।
বৃষভ রাশিঃঘাড়েপিঠে এক নাছোড়বান্দা ব্যথায় ভোগা সম্ভবপর। এটিকে অবহেলা হবে
মিথুন রাশিঃআপনি অন্যদের সঙ্গে খুশি মুহূর্তের যেভাবে শেয়ার করেন সেইভাবেই স্বাস্থ্য বিকশিত
কর্কট রাশিঃআপনি অবসর যাপনের আনন্দ উপভোগ করবেন। অপ্রত্যাশিত রসিদগুলি আর্থিক বোঝা বাড়িয়ে তুলবে।
সিংহ রাশিঃঅন্যদের সাথে খুশি ভাগ করে নেওয়ার মাধ্যমে স্বাস্হ্যের বিকাশ ঘটতে পারে। আপনার সন্তানদের কারণে আজ আপনি অর্থনৈতিক সুবিধা অর্জন করতে পারেন। এটি আপনাকে খুব আনন্দিত করবে।শুভদিন
কন্যা রাশিঃসংসারে শান্তি হতে পারে আজকে। শুভ দিন হবে।
তুলা রাশিঃআঘাত এড়ানোর জন্য বসে থাকার সময় বিশেষ যত্ন নিন। উপরন্তু ভালো ভঙ্গিমা যে শুধু একজনের ব্যক্তিত্বের বিকাশ ঘটায় তাই নয়। শুভদিন
বৃশ্চিক রাশিঃআপনি আপনার দিন যোগ এবং ধ্যান দিয়ে শুরু করতে পারেন। এটি করা আপনার
ধনু রাশিঃআপনি দীর্ঘস্থায়ী অসুস্থতা থেকে পরিত্রাণ পেতে পারেন। অপ্রত্যাশিত রসিদগুলি আর্থিক বোঝা বাড়িয়ে তুলবে।
মকর রাশিঃঅপ্রয়োজনীয় উত্তেজনা এবং দুশ্চিন্তা আপনার জীবনকে রসকষহীন করে তুলতে
কুম্ভ রাশিঃ বাচ্চারা আপনার সন্ধ্যেটা উজ্জ্বল করবে। নিষ্প্রাণ আর কর্মব্যস্ত দিনকে বিদায় জানাতে একটি সুন্দর ডিনারের
মীন রাশিঃযোগব্যায়াম ও ধ্যান আপনাকে মানসিকভাবে ফিট রাখতে এবং থাকতে সাহায্য করবে। আজ, আপনি আপনার ভাই বা বোনের সাহায্য থেকে সুবিধা পেতে পারেন। অপ্রত্যাশিত অতিথিরা আজ সন্ধ্যায় আপনার বাড়িতে ভিড় করবে। আজ, আপনি বুঝতে পারবেন যে প্রেমই সবকিছু বিকল্প। আজ কর্মক্ষেত্রে

সমীক্ষার জন্য 'ইসরো'-র কাছে একটু সময় চায় যাদবপুর

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ আগস্ট ঃ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যে আসার কথা ছিল ইসরোর। তবে তাদের কাছে কিছুটা সময় চেয়ে নিয়েছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ। নিরাপত্তা সংক্রান্ত বিষয় নিয়ে আচার্য সি ভি আনন্দ বোস কথা বলেছিলেন ইসরোর চেয়ারম্যানের সঙ্গে। তারপরই ইসরোর দলের আসার কথা হয় যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। কিন্তু এখনই না আসার আবেদন জানানো হল ইসরোকে। বুধবারই বিশ্ববিদ্যালয়ের তরফে জানানো হয় দ্রুতই ইসরো-র প্রতিনিধিরা সমীক্ষায় আসবেন। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের এক আধিকারিক সাংবাদিকদের বলেন, যেহেতু কয়েকদিন আগেই যাদবপুরের দায়িত্ব পেয়েছেন অস্থায়ী উপাচার্য বুদ্ধদেব সাউ। সেই কারণে যে পরিমাণ নথি জোগাড় করা প্রয়োজন ছিল তা এখনও প্রস্তুত হয়নি। তাই ইসরোর কাছে সপ্তাহ খানেক সময় চেয়ে নেওয়া হয়েছে। জানা গিয়েছে, সেপ্টেম্বরের গোড়ার দিকে ইসরোর প্রতিনিধি দল যাদবপুর বিশ্ববিদ্যালয় পরিদর্শন করতে পারেন। গোটা ক্যাম্পাস ঘুরে দেখার পাশাপাশি হস্টেলও পরিদর্শন করার কথা রয়েছে তাঁদের। মূলত দেখা হবে উন্নত প্রযুক্তি যেমন ভিডিয়ো অ্যানালিটিক্স, টার্গেট ফিক্সিং এর মতো প্রযুক্তি যাদবপুরের কাজ করবে কি না? রেডিয়ো ফ্রিকোয়েন্সি নিয়েও হতে পারে মিটিং।

পুজোর কাউন্টডাউন শুরু বাকি আর মাত্র ৫০ দিন, ব্যস্ততায় মৃৎশিল্পীরা

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ আগস্ট ঃ ঢাকে কাঠি পড়তে অপেক্ষা আর হাতে গোনা কয়েক দিনের। বাতাসে শিউলি ফুলের গন্ধ অনেক আগেই জানান দিয়েছে মা আসছে। শ্রাবণ না ফুরোতেই শরৎ দরজায়। পুজোর বাকি আর মাত্র ৫০ দিন। কুমোরটুলি থেকে মুদিয়ালি, শোভাবাজার থেকে বাগবাজার-সর্বত্র প্রস্তুতি তুঙ্গে। প্রতিমা শিল্পীদের এখন নিঃশ্বাস নেওয়ার ফুরসৎ নেই, চরম ব্যস্ততায় তাঁরা। এখন কখনও প্রচন্ড গরম, আবার কখনও প্রবল বৃষ্টি। আবহাওয়ার এই খামখেয়ালি চালে নাজেহাল প্রতিমা শিল্পীরা। এই পরিস্থিতিতে বৃষ্টির ভয়ে কুমোর পাড়ার সাবধানী মৃৎশিল্পীরা প্লাস্টিকের আড়ালে দিনরাত এক করে খেটে চলেছেন। সেখানে এখন চূড়ান্ত ব্যস্ততা। বিদেশে প্রতিমা যাওয়া এখন শেষের পথে। কুমোরপাড়ায় এখন পুজো কর্তাদের আনাগোনা লেগেই আছে। কেউ আসছেন বায়না দিতে। কেউ আবার প্রতিমা তৈরির কাজ কতটা এগোলো তা দেখতে। থিমের লুকোচুরি এখনও অব্যাহত। এবারও তাক লাগিয়ে দেওয়ার প্রস্তুতি চলছে জোর কদমে। শহরের পাশাপাশি গ্রাম বাংলাতেও এখন মন্ডপ তৈরির কাজ চলছে জোরকদমে।

ডেঙ্গু সচেতনতায় পদযাত্রায় বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও স্বাস্থ্যকর্মীরা

দুরন্ত বার্তা, উলুবেড়িয়া, ৩১ আগস্ট ঃ ডেঙ্গু সচেতনতায় পদযাত্রায় বিদ্যালয়ের ছাত্রছাত্রী স্বাস্থ্যকর্মী সহ অন্যান্যরা। শ্যামপুর ১ নং ব্লকের বেলাড়ী পঞ্চায়েতের উদ্যোগে বৃহস্পতিবার বিকেলে গোপালপুরে বেলাড়ী পঞ্চায়েত অফিসের সামনে থেকে ডেঙ্গু সচেতনতার বার্তা লেখা বিভিন্ন প্লাকার্ড নিয়ে পদযাত্রা শুরু হয় এবং ৫৮ গেট নতুন রাস্তার মোড়ে গিয়ে শেষ হয়। খুড়িগাছি হাইস্কুল বেলাড়ী হাইস্কুলের ছাত্রছাত্রীগন অংশগ্রহণ করেন। মিছিলে হাঁটেন হাওড়া জেলা পরিষদের সদস্য অজয় মন্ডল, বেলাড়ী পঞ্চাযেতের প্রধান শান্তি বর, উপপ্রধান সেখ মহিজুদ্দিন, পঞ্চায়েত সমিতির সদস্য উত্তম প্রামানিক, সমাজসেবী সেলিম মোল্লা, ডা. সদানন্দ রায়চৌধুরী প্রমুখ।

হারনো ব্যাগ ফেরানো হল যাত্রীকে

কলকাতা, ৩১ আগস্ট ঃ ২৭.০৮.২০২৩ তারিখে প্রায় ১৪.৪০ ঘন্টা কবি সুভাষ মেট্রো স্টেশনে, একজন অন-ডিউটি আরফিএফ কর্মীরা নিয়মিত চেক করার সময় ট্রেনের ভিতরে একটি ব্যাগ দেখতে পান। এই ব্যাগের কোনো দাবিদার খুঁজে না পেয়ে এবং যথাযথ নিরাপত্তা পরীক্ষা করার পর, তিনি এটি স্টেশন মাস্টারের অফিসে জমা দেন। তারপরে, স্টেশন মাস্টার বারবার ঘোষণা করে ব্যাগের মালিককে স্টেশন মাস্টারের অফিস থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করেছিলেন এবং একটি নিয়ন্ত্রণ বার্তাও সমস্ত স্টেশনে জানানো হয়েছিল। পরের দিন অর্থাৎ ২৮.০৮.২০২৩ তারিখে, একজন মহিলা যাত্রী স্টেশন মাস্টারের অফিসে এসে ব্যাগের মালিকানা দাবি করেন। যথাযথ যাচাই-বাছাই এবং সমস্ত আনুষ্ঠানিকতা মেনে চলার পরে, ব্যাগটি তার কাছে হস্তান্তর করা হয়েছিল। হারানো ব্যাগ উদ্ধারে সাহায্য করার জন্য তিনি মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

এলএইচবি কোচ সহ গুয়াহাটি বাড়মের এক্সপ্রেস ট্রেনের চলাচল শুরু

মালিগাঁও, ৩১ আগস্ট ঃ যাত্রীদের জন্য সুরক্ষা ও স্বাচ্ছন্দ্য আরও বৃদ্ধি করার লক্ষ্যে ১৫৬৩২ / ১৫৬৩১নং গুয়াহাটি-বাড়মের- গুয়াহাটি সাপ্তাহিক এক্সপ্রেস ট্রেনটির কোচগুলি আধুনিক এলএইচবি (লিংকে হফমেন বুশ)

কোচে রূপান্তর করা হয়েছে, যা অত্যাধুনিক বৈশিষ্ট্যের সাথে সজ্জিত। লোকসভার সাংসদ শ্রীমতি কুইন ওজা ৩১ আগস্ট, ২০২৩ তারিখে গুয়াহাটি রেলওয়ে স্টেশন থেকে পতাকা নাড়িয়ে এলএইচবি রেকের এই ট্রেনটির যাত্রার সূচনা করেন। এই অনুষ্ঠানে মুখ্য কার্যালয় ও ডিভিশন থেকে বরিষ্ঠ রেলওয়ে আধিকারিকরা এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। নতুন করে রূপান্তরিতত এলএইচবি ট্রেন নং. ১৫৬৩২ গুয়াহাটি-বাড়মের-গুয়াহাটি এক্সপ্রেসটি গুয়াহাটি থেকে প্রত্যেক বৃহস্পতিবার ১০.৪০ ঘণ্টায় রওনা দেবে। ট্রেনটি আনুমানিক প্রতি ঘণ্টায় ৫০ কিমি গড় গতিতে ৪৫ ঘণ্টায় ২৪৫৩ কিমি দূরত্ব অতিক্রম করবে। যাত্রা পথে ট্রেনটি কামাখ্যা, নিউ বঙাইগাঁও জং., নিউ আলিপুরদুয়ার জং., নিউ জলপাইগুড়ি জং., কাটিহার জং., মোকামা, কানপুর সেন্ট্রাল, আগ্রা ফোর্ট, জয়পুর জং., দেগানা জং., মিরতা রোড, যোধপুর হয়ে চলাচল করবে। ট্রেনটিতে ১ টি এসি ২ টিয়ার, ৫টি এসি ৩ টিয়ার, ১২ টি স্লিপার, ১ টি সেকেন্ড ক্লাস ও ১টি প্যান্ট্রি কারের পাশাপাশি ২টি পাওয়ার কার সহ ২২ টি এলএইচবি ডিজাইনের কোচ থাকবে। এখানে এটি উল্লেখ করা যেতে পারে যে, সুরক্ষার দিক থেকে দেখতে গেলে ঝামেলামুক্ত ভ্রমণের জন্য যাত্রীদের সুযোগ-সুবিধা বৃদ্ধি সহ এলএইচবি কোচগুলি আরও প্রশস্ত ও আরামদায়ক হওয়ার সুবিধা রয়েছে। হাইড্রোলিক শক অ্যাবজর্বার ও উন্নত সাসপেনশন সিস্টেম থাকা এলএইচবি কোচগুলি প্রচলিত রেকগুলির তুলনায় যাত্রীদের জন্য উন্নতমানের রাইডিং অভিজ্ঞতা ও আরাম নিশ্চিত করে। প্রত্যেকটি কোচে মডিউলার ইন্টারিওর রয়েছে, যা সিলিং ও লাগেজ রেক এবং প্রশস্ত জানালার আলোর ব্যবস্থাকে একীভূত করে। প্রত্যেকটি এলএইচবি কোচে কন্ট্রোল ডিসচার্জ বাথরুম সিস্টেম ও বায়ো টয়লেট রয়েছে, আইসিএফ কোচের তুলনায় যা পরিবেশ অনুকূল। উত্তর পূর্বাঞ্চলের জনগণকে নিরাপদ, দ্রুত ও অধিক আরামদায়ক ভ্রমণ অভিজ্ঞতা প্রদানের লক্ষ্যে ভারতীয় রেলওয়ে ক্রমাগত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে, এবং এই ক্ষেত্রে গুয়াহাটি-বাড়মের-গুয়াহাটি এক্সপ্রেসের আধুনিক এলএইচবি রেকে রূপান্তর করাটা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

আবার নওসাদকে তলব সিআইডি-র

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ আগস্ট ঃ ভাঙড়ের মনোনয়ন পর্বে অশান্তির ঘটনায় ফের ভবানী ভবনে তলব করা হল নওশাদ সিদ্দিকীকে। বৃহস্পতিবারই তাঁকে তলব করেছে সিআইডি। এই নিয়ে দ্বিতীয় বার তলব করা হল তাঁকে। ভাঙড়ে ভোট হিংসার ঘটনায় সোমবারই সিআইডি তাঁকে তলব করেছিল। ভাঙড়ের ভোট অশান্তির ঘটনায় সিআইডি তদন্তের মুখোমুখি হন নওশাদ সিদ্দিকী। ১৬ জুন কাশীপুর থানার একটি অভিযোগের প্রেক্ষিতে এই তদন্ত শুরু হয়। তাতেই তলব করা হয় নওশাদ সিদ্দিকীকে। পঞ্চায়েত ভোটে ভয়ঙ্কর সন্ত্রাস চলেছে ভাঙড়ে। গুলি বোমা পড়ে মুড়ি মুড়কির মতো। শুধু তাই নয়, ঝরেছে প্রাণও। ভোট হিংসায় হানাহানির ঘটনায় তদন্তভার নেয় সিআইডি। এরপরই ভাঙড়ের আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকীকে তলব করা হয় ভবানী ভবনে। সেই তলবে সাড়া দিয়ে সোমবার সিআইডির অফিসে যান নওশাদ। বৃহস্পতিবা ফের তাঁকে তলব করা হল।

সপ্তম দফায় চালু হতে চলেছে দুয়ারে সরকার

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ আগস্ট ঃ বিভিন্ন সরকারি পরিষেবার সুবিধা খুব সহজে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে রাজ্যে সপ্তম দফায় আজ থেকে দুয়ারে সরকার শিবির চালু হতে চলেছে। প্রথম দফায় আগামী ১৬ সেপ্টেম্বর পর্যন্ত রাজ্যজুড়ে চলা এই শিবিরে ৩৫ রকমের সুবিধা পাওয়ার জন্য আবেদন করা যাবে। পাশাপাশি এইবারের শিবির গুলি থেকে এইবার প্রথম বার্ধ্যক্য ভাতা, উদ্যোম পোর্টালে নাম নথিভুক্তকরন, হস্তশিল্পী ও তাঁত শিল্পী এবং পরিযায়ী শ্রমিকরা রাজ্য সরকারের পোর্টালে নিজেদের নাম নথিভুক্ত করতে পারবেন। এইবার ৩৬ শতাংশ ভ্রাম্যমান শিবির থাকবে। জমা পড়া আবেদনগুলি পরীক্ষা করে ১৮ থেকে ৩০ সেপ্টেম্বরের মধ্যে পরিষেবা সাধারণ মানুষের হাতে তুলে দেওয়া হবে। উল্লেখ্য এর আগে ষষ্ঠ দফা পর্যন্ত রাজ্য জুড়ে চার লক্ষ ৬০ হাজার দুয়ারে সরকার শিবিরের আয়োজন করা হয়েছিল।

আজ থেকে রাজ্য বিধানসভার অধিবেশন বসতে চলেছে

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ আগস্ট ঃ তিন দিন বিরতির পরে আজ থেকে পুনরায় রাজ্য বিধানসভার অধিবেশন বসতে চলেছে। এরপরে ৭ সেপ্টেম্বর অধিবেশন বসবে বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আজ কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামীকাল অধিবেশনের প্রথমার্ধে প্রশ্নোত্তর পর্ব এবং দ্বিতীয়ার্ধে দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন সংশোধনী বিলের উপরে আলোচনা হবে। ৭ তারিখে অধিবেশনের দ্বিতীয়ার্ধে পশ্চিমবঙ্গ দিবসের উপরে এক ঘন্টা আলোচনা হবে বলে স্থির হয়েছে।

দক্ষিণ- পূর্ব রেল বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত সাঁতরাগাছি - দিঘার মধ্যে

কলকাতা, ৩১ আগস্ট ঃ যাত্রীদের অতিরিক্তঃ ভিড় দূর করতে সাঁতরাগাছি- দিঘা- সাঁতরাগাছির মধ্যে বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ০৮০৫৭ সাঁতরাগাছি- দিঘা স্পেশাল সাঁতরাগাছি থেকে ০২.০৯.২০২৩ এবং ০৯.০৯.২০২৩ ২৩.৪৫ টায় ছেড়ে যাবে এবং পরের দিন ০৩.৩০ টায় দীঘা পৌঁছাবে। ফেরার পথে, ০৮০৫৮ দিঘা- সাঁতরাগাছি স্পেশাল ০৩.০৯.২০২৩ এবং ১০.০৯.২০২৩ তারিখে ০৮.০০ টায় দীঘা ছেড়ে যাবে এবং একই দিনে ১২.১০ টায় সাঁতরাগাছি পৌঁছাবে। একটি এসি-৩ টায়ার, দশটি স্লিপার ক্লাস, দুটি জেনারেল সেকেন্ড ক্লাস এবং একটি সেকেন্ড ক্লাস চেয়ার- কার কোচ নিয়ে বিশেষ ট্রেন চলবে। ট্রেনটির উলুবেড়িয়া, বাগনান, মেচেদা, তমলুক, দেশপ্রাণ এবং কাঁথিতে স্টপেজ থাকবে।

জয়নগরে শচীন ব্যানার্জী সুবোধ ব্যানার্জী অডিটোরিয়ামের উদ্বোধন করলেন এস ইউ সি আই-এর সাধারণ সম্পাদক প্রভাষ ঘোষ

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ৩১ আগস্ট ঃ বৃহস্পতিবার শহীদ দিবসে জয়নগরে উদ্বোধন হয়ে গেল নবনির্মিত শচীন ব্যানার্জী সুবোধ ব্যানার্জী ভবনের প্রথম পর্যায়ের। যেখানে থাকবে ১১০০ আসনের অডিটোরিয়াম, ৩০০ আসনের সেমিনার হল, লাইব্রেরি ইত্যাদি। এদিন এই নব নির্মিত ভবনের প্রথম পর্যায়ের উদ্বোধন করেন এস ইউ সি আই-এর সাধারণ সম্পাদক প্রভাস ঘোষ, সুজাতা ব্যানাজী সহ আরো অনেকে। মার্কসবাদী দার্শনিক শিবদাস ঘোষের চিন্তাধারার আলোকে গরীব মেহনতী মানুষের অধিকার অর্জনের সংগ্রাম কে যে দুই মহান বিপ্লবী নেতা দক্ষিণ ২৪ পরগণার মাটির পরতে পরতে ছড়িয়ে দিয়েছেন তাঁদের নামে এই ভবন উদ্বোধন নিয়ে সারা জেলার পাশাপাশি বিশেষত জয়নগরবাসী যথেষ্টই গর্বিত। এদিন এর উদ্বোধন করলেন মহান চিন্তানায়ক শিবদাস ঘোষের আর এক সুযোগ্য ছাত্র SUCI (C) দলের সাধারণ সম্পাদক প্রভাস ঘোষ। ভবনের মূল গেটের পাশেই তৈরি হয়েছে বিশ্বজুড়ে গড়ে ওঠা আন্দোলনের সংগ্রামী শহীদদের স্মরণ করে সুউচ্চ স্মারক বেদী। প্রথমেই পতাকা উত্তোলন ও স্মারক বেদিতে মাল্যদান করে অনুষ্ঠানের আনুষ্ঠানিক সূচনা করেন প্রভাস ঘোষ। এরপরেই নেতৃবৃন্দ মাল্যদান করেন। একই সাথে মূল মঞ্চে মহান নেতা শিবদাস ঘোষ, শচীন ব্যানার্জি ও সুবোধ ব্যানার্জির ছবিতে মাল্যদান করা হয়। এরপরেই সর্বহারার মহান নেতা শিবদাস ঘোষ - এর ওপর রচিত সংগীত পরিবেশিত হয়। সমস্ত সাধারণ মানুষের উদ্দেশ্যে একটি আবেদন পাঠ করে শোনান ট্রাস্টি বোর্ডের সভাপতি সুজাতা ব্যানার্জি। তারপরেই পিসিএ সংগীত গোষ্ঠীর পক্ষ থেকে শচীন ব্যানার্জি ও সুবোধ ব্যানার্জীর ওপর রচিত সংগীত সহ আরো কয়েকটি সংগীত পরিবেশিত হয়। এরপর ফলকের আবরণ সরিয়ে ভবনের প্রাথমিক পর্যায়ের উদ্বোধন করেন প্রভাস ঘোষ। ট্রাস্টি বোর্ডের পক্ষ থেকে একটি বিশেষ স্মারক সাধারণ সম্পাদক প্রভাস ঘোষের হাতে তুলে দেন সভাপতি সুজাতা ব্যানার্জি। কিশোর বাহিনী কমসোমল তাদের বিপ্লবী অভিবাদন জানায় গার্ড অফ অনার এর মাধ্যমে। এরপর এই জেলায় স্বাধীনতা আন্দোলনে এবং কৃষক ক্ষেতমজুরসহ গরীব মানুষের লড়াই গড়ে তুলতে শচীন ব্যানার্জী ও সুবোধ ব্যানার্জীর জীবন সংগ্রাম ও তার থেকে শিক্ষনীয় দিক নিয়ে আলোচনা করেন প্রভাস ঘোষ। তাঁদের জীবন সংগ্রামের নানা দিক ও এই ভবনের সমাজ অভ্যন্তরে কার্যকারিতা নিয়ে আলোচনা ও আহ্বান রাখেন প্রভাস ঘোষ যা উপস্থিত সকলের মনে বিশেষ প্রভাব ফেলে। সব শেষে শিবদাস ঘোষের রেকর্ড করা ভাষনের একটি অংশ উপস্থিত জনতাকে শোনানো হয় ও আন্তর্জাতিক সংগীতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষিত হয়। বহু দূর দূরান্তের মানুষ এদিনের অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন।

রাখীবন্ধন উপলক্ষ্যে হাওড়ায় সর্বত্রই ছিল উৎসবের মেজাজ

দুরন্ত বার্তা, হাওড়া, ৩১ আগস্ট ঃ রাখীবন্ধন উৎসব ঘিরে বৃহস্পতিবার সকাল থেকে সর্বত্রই উৎসবের মেজাজ দেখা গেল হাওড়ায়। পবিত্র রাখীবন্ধন উপলক্ষ্যে বৃহস্পতিবার সকালে তৃণমূল মহিলা কংগ্রেসের উদ্যোগে হাওলার বেলুড় বাজারে এক রাখীবন্ধন কর্মসূচি নেওয়া হয়। এদিন বেলুড় বাজার মোড়ে প্রাক্তন কাউন্সিলর পল্টু বণিকের নেতৃত্বে পথচলতি মানুষ, টোটো চালক, বাসের চালক, কন্ডাক্টর সহ সকলকে রাখী পড়িয়ে সম্প্রীতির বার্তা দেওয়া হয়। রাখীবন্ধন উৎসবে মাতেন তৃণমূল মহিলা কংগ্রেসের কর্মীবৃন্দরা। রাখীবন্ধনের পাশাপাশি এদিন মিষ্টিমুখ করান তৃণমূল মহিলা কর্মীরা। এদিন তৃণমূল কংগ্রেসের হাওড়া জেলা সদর বঙ্গজননী বাহিনীর তরফ থেকেও রাখীবন্ধন কর্মসূচি নেওয়া হয়। ওই কর্মসূচিতে অংশ নেন রাজ্যের সমবায় মন্ত্রী অরূপ রায়। উপস্থিত ছিলেন তৃণমূল নেতা সৃষ্টিধর ঘোষ, শ্যামল মিত্র, সুশোভন চট্টোপাধ্যায়, সুরজিত সাহা, শৈলেশ রাই, রেখা রাউত প্রমুখ নেতৃবৃন্দ। পবিত্র রাখীবন্ধনের পুণ্য দিনে এখানে কিন্নরদের হাতে রাখী পড়েন মন্ত্রী অরূপ রায়। এদিন রাখীবন্ধন উৎসবের সকালে দক্ষিণ হাওড়ার বিধায়ক নন্দিতা চৌধুরী এক ৯৪ বছর বয়সী ডায়ালিসিস পেশেন্টের ঘরে গিয়ে তাঁর হাতে রাখী পড়িয়ে দেন। এদিন বেলগাছিয়ায় প্রাক্তন মেয়র পারিষদ সদস্য ভাস্কর ভট্টাচার্য্যের উদ্যোগে ওয়ার্ড জুড়ে বিভিন্ন রাখী উৎসব অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিন সকালে হাওড়ার ২৫ নং ওয়ার্ডে প্রতি বছরের মতো রাখীবন্ধন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাওড়া পুরনিগমের মুখ্য প্রশাসক ডা. সুজয় চক্রবর্তী। এদিন রাখী উৎসবে পথচলতি মানুষ ও শিশুদেরকে তৃণমূল মহিলা কর্মীরা রাখী পড়িয়ে তাদেরকে মিষ্টিমুখ করান। এদিন লিলুয়া থানার আইসি সঞ্জয় শ্রীবাস্তব সবাইকে রাখী পড়িয়ে শুভেচ্ছা জানান। মিষ্টি ও চকোলেট তুলে দেন সাধারণ মানুষের হাতে। এদিন ডোমজুড় বিধানসভা কেন্দ্রের বিভিন্ন অঞ্চল সহ হাওড়া জেলা সদরের বিভিন্ন প্রান্তে তৃণমূল কংগ্রেস আয়োজিত রাখীবন্ধন উসবে উপস্থিত থেকে রাখী উসব পালন করেন হাওড়া জেলা সদর তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা ডোমজুড় কেন্দ্রের বিধায়ক কল্যাণ ঘোষ। এদিন রাখীবন্ধন উৎসবে বিভিন্ন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাওড়া জেলা সদর তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি কৈলাশ মিশ্র। এদিন সৌভ্রাতৃত্বের রাখীবন্ধন অনুষ্ঠান হয় সালকিয়া চৌরাস্তাতেও। এই অনুষ্ঠান পরিচালনা করেন হাওড়া পৌরনিগমের প্রশাসকমন্ডলীর সদস্যা মনজিত রাফেল। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর হাওড়ার বিধায়ক গৌতম চৌধুরী, তৃণমূল নেতা অরিজিত বটব্যাল প্রমুখ। এদিন মহিলারা ট্রাফিক পুলিশ এবং চলতি পথযাত্রীদের রাখী পরিয়ে রাখী উৎসব পালন করেন। এদিন শিবপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ৯ নম্বর ওয়ার্ডের ভারতমাতা গলির মোড়ে তৃণমূল মহিলা কংগ্রেস কমিটির উদ্যোগে রাখীবন্ধন উৎসব পালিত হয়। ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি। এছাড়াও দলের তরফ থেকে মহেন্দ্র শর্মা, রীনা মল্লিক, সৌম্য ঘোষ উপস্থিত ছিলেন। এদিন সকালে চারাবাগান নেতাজি সংঘের উদ্যোগেও সম্প্রীতির রাখীবন্ধন কর্মসূচি নেওয়া হয়।

প্রলোভন দেখিয়ে সোনার ঠাকুরের মূর্তি বিক্রি, গ্রেফতার মূল চক্রী ও আগ্নেয়াস্ত্র

দুরন্ত বার্তা, কুলতলি, ৩১ আগস্ট ঃ টোপে পা দিলেই সর্বস্বান্ত। এবার প্রতারণা চক্রকে পাকড়াও করল পুলিস। সুন্দরবন অঞ্চলের বাসিন্দারা অধিকাংশই মৎস্যজীবী। মাছ ধরার কারণে তাদের মাঝেমধ্যেই বাঘের হামলার মুখে পড়তে হয়। সেই হামলা থেকে বাঁচতে তারা ঠাকুরকে প্রতিনিয়ত স্মরণ করেন। তাদের সেই বিশ্বাসকে পুঁজি করেই স্যোশাল মিডিয়ার মাধ্যমে সম্পর্ক তৈরি করে তাদের সোনার ঠাকুর বিক্রি করার প্রলোভন দেখানো হত। তাদের বিশ্বাস অর্জন করার জন্য ঠাকুরের হাত তাদেরকে দেওয়া হত যা সোনার হত। সেই হাত তারা কোনও সোনার দোকানে গিয়ে দেখিয়ে পরীক্ষা করালে তাদের আরও বিশ্বাস জন্মাতো। সেই সুযোগ নিয়েই মোটা টাকায় সোনার ঠাকুর বিক্রির প্রলোভন দেওয়া হত। বিশ্বাস জন্মে যাওয়ায় নিজের সর্বস্ব দিয়ে অনেকেই এই ঠাকুর কিনতে রাজী হতেন। তারপর নির্দিষ্ট জায়গায় যখন তারা প্রতিমা নেওয়ার জন্য হাজির হতেন তখন তাদের সর্বস্ব লুঠ করে পালিয়ে যেত দুষ্কৃতীরা। পুলিস সূত্রে জানা গিয়েছে, ২০২১ সালের আগে এই ধরণের প্রতারণা চক্রের বাড়বাড়ন্ত দেখা দিয়েছিল এই এলাকায়। তখন পুলিস অভিযান চালিয়ে এই চক্রে জড়িত থাকায় মোট ২৮ জনকে গ্রেফতার করে। তারপর এই প্রতারণা চক্র কিছুদিন বন্ধ থাকলেও সম্প্রতি ফের মাথাচাড়া দিয়ে উঠেছে। অনেকেই প্রতারিত হচ্ছেন। এই বিষয়ে কুলতুলি থানায় একাধিক অভিযোগও দায়ের হয়েছে। এই প্রতারণা চক্রকে ধরতে কুলতুলি থানার আইসি অর্ধেন্দু শেখর দে সরকারের নেতৃত্বে একটি ফাঁদ তৈরি করা হয়। কাস্টমার সেজে ঠাকুর কেনার প্রস্তাব দেওয়া হয়। সেই প্রস্তাব অনুযায়ী বুধবার দুপুরে জামতলা মোড়ে দেখা করার সময় স্থির হয়। আগে থেকেই সিভিল পোশাকে মোতায়েন ছিল পুলিস। হঠা করেই জায়গা পরিবর্তন করা হয়। জালাবেড়িয়া মোড়ে দেখা করার কথা বলা হয়। গ্রাহক জালাবেড়িয়া বাজারে পৌঁছালেই পুলিসও পৌঁছে যায়। বিষয়টি বুঝতে পেরে পালানোর ছক করে দুষ্কৃতীরা। বাইকে ধাওয়া করে কুলতুলি থানার পিসি ইনচার্জ এক অভিযুক্তকে ধরে ফেলে। তার নাম তালিমুল। ধৃত এই চক্রের মুল পান্ডা বলে জানা গিয়েছে। তার কাছ থেকে একটি ওয়ান সাটার, লাইভ কার্তুজ, একটি বাইক ও দুটি মোবাইল বাজেয়াপ্ত করেছে পুলিস। ধৃতকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তাকে আজ বারুইপুর আদালতে পেশ করা হয়। জিজ্ঞাসাবাদের জন্য আদালতে তাকে নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানাবে পুলিস। বারুইপুর পুলিস জেলার এসডিপিও অতীশ বিশ্বাস জানান, এই ঘটনায় একটি বড় চক্র রয়েছে। তারা ঘটনার তদন্ত করছেন। অভিযুক্তকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানান তিনি। এলাকায় এই প্রতারণা চক্র ফের সক্রিয় হওয়ায় পুলিসকে যথাযথ ব্যবস্থা নেওয়ার আবেদন জানিয়েছেন কুলতুলির বিধায়ক গনেশ চন্দ্র মন্ডল।

জয়নগর ১ ও ২ নং পঞ্চায়েত সমিতির স্থায়ী সমিতি গঠন করা হলো বিডিও ও বিধায়কদের উপস্থিতিতে

দুরন্ত বার্তা, জয়নগর, ৩১ আগস্ট ঃ পঞ্চায়েত গঠন হয়ে গেছে, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ গঠনের কাজ ও শেষ হয়ে গেছে। আর এবার বৃহস্পতিবার জয়নগর ২ নং বিডিও অফিস নিমপীঠেতে বিডিওর উপস্থিতিতে পঞ্চায়েত সমিতির সকল সদস্য ওসদস্যাদের নিয়ে স্থায়ী সমিতি গঠন করা হয়। মোট ৯ টি স্থায়ী সমিতি গঠন করা হয়। এদিন এই স্থায়ী সমিতি গঠনের সময় উপস্থিত ছিলেন জয়নগর বিধানসভার বিধায়ক বিশ্বনাথ দাস, কুলতলি বিধানসভার বিধায়ক গনেশ চন্দ্র মন্ডল, জয়নগর ২ নং বিডিও মনোজিত বসু, জেলা পরিষদ সদস্য খান জিয়াউল হক, হাসনাবানু শেখ ও উর্মিলা রায়, পঞ্চায়েত সমিতির সভাপতি প্রিয়াঙ্কা মন্ডল, সহ সভাপতি আনাম আলী খান সহ পঞ্চায়েতের প্রধান উপপ্রধানগন। একই ভাবে বৃহস্পতিবার জয়নগর ১ নং বিডিও অফিস বহড়ুতে বিডিওর উপস্থিতিতে পঞ্চায়েত সমিতির সকল সদস্য ও সদস্যাদের নিয়ে স্থায়ী সমিতি গঠন করা হয়। মোট ৯ টি স্থায়ী সমিতি গঠন করা হয়। এদিন এই স্থায়ী সমিতি গঠনের সময় উপস্থিত ছিলেন জয়নগর বিধানসভার বিধায়ক বিশ্বনাথ দাস, জয়নগর ১ নং বিডিও সত্যজিত বিশ্বাস, যুগ্ম বিডিও তনয় মুখার্জি, জেলা পরিষদ সদস্য তপন কুমার মন্ডল, বনানী গায়েন ও বন্দনা লস্কর, পঞ্চায়েত সমিতির সভাপতি ঋতুপর্ণা বিশ্বাস সহ-সভাপতি সুহানা আলি বৈদ্য সহ পঞ্চায়েতের প্রধান উপপ্রধানগন। দুটি পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ নির্বাচন আগামী ৮ আগস্ট হবে প্রশাসন সূত্রে জানা গেল। উল্লেখ্য জয়নগর ২ নং পঞ্চায়েত সমিতির ৩০ টি আসনের মধ্যে তৃণমূল একক ভাবে ২৯ টি ও বিজেপি একটি আসন পায় এবং জয়নগর ১ নং পঞ্চায়েত সমিতির ৩৬ আসনের মধ্যে তৃনমুল একক ভাবে ৩২ টি ও বিরোধীরা ৪ টি আসন পায়।

আজ ৩১ আগস্ট সাধারণ গ্রন্থাগার দিবসে এক অভিনব অনুষ্ঠান হল জাতীয় গ্রন্থাগার বিধান নগরে । এই অনুষ্ঠান উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ মাননীয় বিমান বন্দ্যোপাধ্যায়, সাংসদ সৌগত রায় ও গ্রন্থাগার দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরী। বিশেষ প্রতিবন্ধীদের এই অনুষ্ঠানে সংবর্ধনা করা হয় এবং মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরী বলেন নতুন প্রজন্মকে আরো বেশি করে বই পড়ার জন্য উৎসাহিত করেন এবং বই পড়বই ও জীবন গড়বই। ছবি - সুবল সাহা।

গুলিবিদ্ধ অবস্থায় সারা রাত বাড়িতেই থাকতে হয় অভিযোগ বিজেপি কর্মীর

দুরন্ত বার্তা, হুগলি, ৩১ আগস্ট ঃ পঞ্চায়েত নির্বাচনের অশান্তির রেশ এখনও বর্তমান। দিন কয়েক আগেই রাজনৈতিক অশান্তির জেরেই ফের উত্তপ্ত হয়ে ওঠে হুগলির খানাকুল। পঞ্চায়েতের অফিসে আগুন লাগিয়ে দেওয়ার অভিযোগ ওঠে। সেই ঘটনার দু দিন পর সামনে এল আরও চাঞ্চল্যকর তথ্য। গুলিবিদ্ধ অবস্থায় সারা রাত বাড়িতেই থাকতে হয়েছে বিজেপি কর্মীকে! পুলিশ আর তৃণমূলের ভয়ে হাসপাতালেও যেতে পারেননি বলে অভিযোগ আহত বিজেপি কর্মীর। পরের দিন ভোরে অন্য রাস্তা দিয়ে তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু গুলি করল কে? আহত বিজেপি কর্মীর অভিযোগ তৃণমূলের বিরুদ্ধেই। হুগলির খানাকুলে অরুন্ডা গ্রাম পঞ্চায়েতের বোর্ড গঠন ছিল গত মঙ্গলবার। বোর্ড গঠন ঘিরে অশান্তি হয় সে দিন। শাসক-বিরোধী দু পক্ষই হামলায় দায় চাপায় অপর পক্ষের ওপর। ঘটনার দু দিন পর কালীপদ দোলুই নামে এক বিজেপি কর্মী দাবি করেছেন, ঘটনার দিন তাঁর হাতে গুলি লেগেছিল। তিনি খানাকুলের চব্বিশপুর গ্রামের বাসিন্দা। বিজেপির দাবি, রক্তাক্ত অবস্থায় ওই কর্মীকে তুলে নিয়ে যান বিজেপির কর্মীরাই। প্রাথমিক চিকিৎসা করা হয় বাড়িতেই। কালীপদ দোলুইয়ের দাবি, পরিস্থিতি এতটাই ভয়াবহ ছিল যে বিদ্ধ এই বিজেপির কর্মীকে হাসপাতালে নিয়ে যাওয়া যায়নি। কার্যত লুকিয়ে ছিলেন তিনি। বিজেপি কর্মীর অভিযোগ, তৃণমূলের স্থানীয় নেতা বাঘা অপর একজনকে সিভিক পুলিশের পোশাক পরিয়ে গুলি করিয়েছে। তিনি তখন মাঠে কাজ করছিলেন বলে জানিয়েছেন কালীপদ। তিনি বলেন, আমি ভয়ে হাসপাতালে যেতে পারিনি। পরের দিন কাদা পেরিয়ে কোনও রকমে হাসপাতালে এসেছি। বিজেপি নেতৃত্বের দাবি, বিজেপির সদস্যদের ওপরেই অত্যাচার করা হচ্ছে অথচ তাঁদেরই গ্রেফতার করা হচ্ছে। বিজেপি নেতা সুমন তিওয়ারি বলেন, এসব আর চলবে না। লোকসভা নির্বাচনেই ওরা সেটা টের পেয়ে যাবে। যদিও তৃণমূলের দাবি, এসব অভিযোগ মিথ্যা, সবটাই সাজিয়ে বলা হচ্ছে। আরামবাগ সাংগঠনিক জেলা তৃণমূলের সহ-সভাপতি স্বপন নন্দী বলেন, সব মিথ্যা। অভিনয় করে ঘটনা সাজিয়ে অন্যদিকে ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করছে বিজেপি। সেদিন কী হয়েছিল, সেটা কারও অজানা নেই। পুলিশ বিষয়টি দেখছে।

১৪ মাস ধরে বেতন পাচ্ছেন না মৎস্য নিগমের কর্মীরা

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ আগস্ট ঃ নিয়মিত কাজ করেও প্রায় এক বছর দু'মাস বেতন পাচ্ছেন না রাজ্য মৎস্য উন্নয়ন নিগমের পূর্ব বর্ধমানের যমুনাদিঘী মৎস্য প্রকল্পের দৈনিক মজুরিভিত্তিক কর্মীরা। কেবল যমুনাদিঘীই নয়, নিগমের অধীনে রাজ্যের বেশির ভাগ মৎস্য প্রকল্পের প্রায় চারশো জন অস্থায়ী কর্মী কেউ পাঁচ মাস, কেউ বা সাত মাস ধরে বেতন না পাওয়ায় চরম অনটনে দিন কাটাচ্ছেন। বর্তমান সরকারের উপর ভরসা রেখে নিয়মিত কাজ করে চলেছেন তাঁরা। মৎস্য উন্নয়ন নিগমের কর্মীদের প্রশ্ন, পুজোয় রাজ্যের ক্লাবগুলোকে ৭০ হাজার টাকা করে অনুদান দেওয়ার টাকা থাকলে তাঁদের কেন দেওয়া হচ্ছে না? পূর্ব বর্ধমানের যমুনীদিঘীতে ২৫ হেক্টর জলাশয়ে মাছ চাষ হয়। এ ছাড়াও এখানে অতিথিনিবাস রয়েছে। যমুনাদিঘীতে কর্মরত ৫৩ জন অস্থায়ী কর্মী এক বছরের বেশি সময় ধরে বেতন ছাড়াই কাজ করে চলেছেন। ধারদেনা করে কোনো প্রকারে সংসার অতিবাহিত করছেন এই কর্মীরা। প্রায় একই অবস্থা পূর্ব বর্ধমানের মেমারি, পূর্ব মেদিনীপুরের দীঘা, শঙ্করপুর, আলমপুর, দক্ষিণ ২৪ পরগনার ফ্রেজারগঞ্জ, বাঁকুড়া, কলকাতার গোলতলার মৎস্যপ্রকল্পের। বিভিন্ন জেলায় মাছচাষের প্রকল্পগুলিতে বর্তমানে স্থায়ী কর্মীর সংখ্যা কমে এসেছে। দৈনিক মজুরিভিত্তিক কর্মীদের উপরে ভরসা করে এই সমস্ত প্রকল্পে মাছ চাষ হয়ে থাকে। টাকা না-পেয়ে কমবেশি সকলেই ফুঁসছেন। রাজ্য মৎস্য উন্নয়ন নিগমের শাসকদলের কর্মচারী সংগঠনেরই সভাপতি নারায়ণচন্দ্র মণ্ডলের অভিযোগ, ''বকেয়া বেতন মিটিয়ে দিতে আমরা মন্ত্রীকে বারবার বলা সত্ত্বেও কাজ হচ্ছে না। এ বার ভুক্তভোগী কর্মীদের নিয়ে জঙ্গি আন্দোলনে নামতেই হবে।'' উল্লেখ্য, বেতন কেন মিলছে না, সেই বিষয়ে মৎস্য দফতরের সচিব অবনীন্দ্রনাথ সিংহ বলেন, ''যা বলার মন্ত্রী বলবেন।''

সিঙ্গুরে পথদুর্ঘটনায় মৃত্যু বাইক আরোহীর

বনস্পতি দে, সিঙ্গুর, ৩১ আগস্ট ঃ দুই বাইকের মুখোমুখি সংঘর্ষ। দুর্ঘটনায় ঘটনাস্থলেই মৃত্যু হয় এক বাইক আরোহীর। অপর এক বাইক আরোহী গুরুতর ভাবে আহত হন। ঘটনাটি ঘটেছে সিঙ্গুরের দোলুইগাছা এলাকায় বৈদ্যবাটি তারকেশ্বর রোডে। দুই বাইক আরোহীর মধ্যে এক জন ছিলেন মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ ও অপর একজন সেখানকার স্থানীয় বাসিন্দা। দুর্ঘটনায় মৃত যুবকের নাম পলাশ কুমার পাত্র। আহত মেডিকেল রিপ্রেজেন্টেটিভ দীপ সাহা, গুরুতর অবস্থায় সিঙ্গুর হাসপাতালে চিকিৎসাধীন। স্থানীয় সূত্রে খবর, বৃহস্পতিবার সকাল বেলায় কামারকুন্ডু স্টেশন এর কাছে রাজ্য সড়কের রাস্তায় দুর্ঘটনাটি ঘটে। বৃহস্পতিবার সকাল বেলার দিকে রাস্তা ফাঁকা থাকার জন্য খুবই দ্রুত গতিতে আসছিল দুটি বাইক। একটি বাইক আসছিল বৈদ্যবাটি থেকে, অপর একটি আসছিল তারকেশ্বরের দিক থেকে। তখনই ঘটে দুর্ঘটনা। স্থানীয় এক প্রত্যক্ষদর্শী সুভাষ কুন্ডু তিনি বলেন, দুটি বাইক আরোহীর কারোর মাথাতেই হেলমেট ছিল না। দুর্ঘটনার পরেই পুলিশকে ফোন করে খবর দেওয়া হয়। ঘটনাস্থলে পুলিশ এসে আহতদের হাসপাতালে নিয়ে যায়।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ২৭২ সংখ্যা, শুক্রবার, ১৪ ভাদ্র ১৪৩০

দিল্লিতে রাহুল-অভিষেক বৈঠক

সম্পাদকীয় ১

মুখ্যমন্ত্রী যখন মুম্বইতে তখন অভিষেক বন্দ্যোপাধ্যায় রাহুলের সঙ্গে বৈঠক করার সিদ্ধান্ত গ্রহণ করে দিল্লিতে উপস্থিত। জানতে পারা গিয়েছে তাঁর সঙ্গে ছিলেন ভৌট কুশলী প্রশান্ত কিশোর। প্রশান্ত কিশোর এখন আর তৃণমূল কংগ্রেসের হয়ে কাজ করছেন না বটে। কিন্তু অভিষেকের সঙ্গে সম্পর্ক ভালো থাকায় তাঁর হয়ে খানিকটা কাজ করে দিচ্ছেন। কংগ্রেসের সঙ্গে তৃণমূলে যেসব বিবাদ রয়েছে তা মিটিয়ে ফেলার উদ্যোগ নিয়ে এই বৈঠক হয়েছে বলে জানতে পারা গিয়েছে। এদিকে কংগ্রেস নেতারা রাহুলকে মুখ করে বিজেপি সঙ্গে লড়াই করতে ইচ্ছুক। এদিকে জানতে পারা গিয়েছে যে আগামি লোকসভার নির্বাচনে প্রার্থী হতে পারেন প্রিয়ঙ্কা গান্ধি। তিনি লোকসভার সাংসদ হওয়ার ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছেন। এদিকে এনডিএ গতি পথকে ধরতে পারছে না বিজেপি বিরোধী গোষ্ঠী ইণ্ডিয়া। তারা এখন মোদি কি কৌশল গ্রহণ করবেন তা বুঝতে পারছেন না। এদিকে শরদ পাওয়ারের সঙ্গে মোদির দেখা হলে সেখানে কী কথা হয়েছে তা জানা যায়নি। বালগঙ্গাধর তিলক সম্মানে ভূষিত হয়েছেন মোদি। তার ফলে বিজেপি দল এটাই বেশি করে মহারাষ্ট্রে প্রচার করবে। বালগঙ্গাধর তিলক সম্মানকে বিজেপি দল যদি প্রচারের আলোতে নিয়ে আসে তাহলে কিন্তু সেখানে বিরোধী দলের নেতারা মাথা তুলে দাঁড়াতে পারবে না। বিজেপি বিরোধীরা একবার শরদ পাওয়ারের সঙ্গে কথা বলতে মুম্বইতে উপস্থিত হয়েছিলেন। তাঁরা শরদ পাওয়ারের কাছে আবেদন করেছিলেন যে একই মঞ্চে শরদ এবং মোদি থাকলে বিরোধীদের রাজনৈতিক প্রচার করতে খুবই অসুবিধা হবে। কিন্তু শরদ পাওয়া বিরোধী দলের নেতাদের কথা না শুনে বালগঙ্গাধর তিলক সম্মান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি বিজেপি বিরোধী দলের নেতাদের পরিস্কার করে বলে দিয়েছিলেন যে বালগঙ্গাধর তিলক মঞ্চটা রাজনৈতিক মঞ্চ নয়। এখানে রাজনীতির কোনও কথা উঠতে পারে না বা থাকবে না। ফলে লোকসভায় নির্বাচন নিয়ে মোদি বালগঙ্গাধর তিলক মঞ্চকে ব্যবহার করবে না। প্রধানমন্ত্রী মোদি বালগঙ্গাধর তিলক মঞ্চকে রাজনীতি প্রচারের জন্য বাবহার না করলেও মহারাষ্ট্র নিয়ে কেন্দ্রীয় সরকার কী কী কাজ করেছে এবং আগামি দিনে আরও কী কী উন্নয়নের কাজ করবে তার বলেছেন। এদিকে মোদিকে কোনঠাসা করতে মুম্বই এবং দিল্লি থেকে আক্রমণ করতে শুরু করে দিয়েছেন তৃণমূল কংগ্রেসের নেতারা। দিল্লিতে রাহুলের সঙ্গে অভিষেকের বৈঠকে কী আলোচনা হয়েছে তা জানা না গেলেও অনুমান করা হচ্ছে যে আগামি লোকসভার নির্বাচনের রণকৌশল গ্রহণ করা হয়েছে। তৃণমূল সর্ব ভারতীয় কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আলোচনা শেষ করেই রাহুল গান্ধি বিমান বন্দরে উপস্থিত হয়েছিলেন বিমান ধরার জন্য। মুম্বই বৈঠকে রাহুল তৃণমূল কংগ্রেসের কোনও ব্যাপারে যাতে আপত্তি না করতে পারে তার জন্যই কি রাহুলের সঙ্গে বৈঠক হয়েছিল অভিষেকের? তা নিয়ে প্রশ্ন জাগতে শুরু করে দিয়েছে। আসলে কংগ্রেস দলকে বেশি করে প্রাধান্য দেওয়া হবে না এটা কি তাহলে বলতে গেলে তৃণমূলের কৌশল? তা নিয়ে সংশয় প্রকাশ করেছে কংগ্রেস দলের নেতারা। এদিকে অধীর চৌধুরী পরিস্কার করে বলে দিয়েছেন রাহুল গান্ধির সঙ্গে অভিষেক যতই প্রস্তাব নিয়ে আলোচনা করুক না কেন তা কিন্তু এআইসিসি থেকে পাশ করিয়ে নিতে হবে।

আদালতের রায়কে অস্বীকার রাশিয়ার!

সম্পাদকীয় ২

রাশিয়া আন্তর্জাতিক অপরাধ আদালতের রায়কে অস্বীকার করলেও এর সঙ্গে যুক্ত থাকার রাষ্ট্রগুলিতে পুতিনের সফর করা চলবে না সেটা ক্রমশ স্পষ্ট হয়ে যেতে শুরু করে দিয়েছে। রাশিয়ার শিশু অধিকার বিষয়ক প্রেসিডেন্সিয়াল কমিশনার মারিয়া লোভা বেলোভার এর বিরুদ্ধে একই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আইসিসির সদস্য কোনও দেশে পা রাখলেই এই দুইজনকে গ্রেফতার করা হবে বলে জানতে পারা গিয়েছে। আইসিসির আইনজীবী করিম খান বলেছেন আইসিসির সদস্য দেশ হচ্ছে ১২৩টি। এর কোনও একটিতে প্রবেশ করলে গ্রেফতার করা হবে পুতিনকে। তবে আইসিরি কেনও নিজস্ব বাহিনী নেই। সহযোগী দেশগুলির বাহিনীর ওপরে নির্ভর করে থাকতে হবে। ফলে যদি কোনও দেশ তাদের মত বদল করে তাহলে আইসিসির কোনও কথা বলার অধিকার নেই। তবে এই ঘটনা অস্বাভাকি নয়। কারণ অপরাধী যখন পুতিন স্বয়ং। এর আগে সুদানের প্রাক্তন নেতা ওমর আল-বশিরের ক্ষেত্রে একই ঘটনা ঘটেছে। আইসিসির গ্রেফতরি পরোয়না থাকা সত্ত্বেও তিনি দক্ষিণ আফ্রিকা, জর্ডনসহ বেশ কয়েকটি দেশ ঘুরেছেন। ২০১৯ সালে ওমর গদিচ্যুত হন। তারপরে সুদান তাকে আইসিসির হাতে তুলে দেয়নি। কলম্বিয়া আইন স্কুলের অধ্যাপক ম্যাথু বলেছেন, আইসিসি যে পদক্ষেপ গ্রহণ করেছে তাকে কার্যকর করাটা খুবই কঠিন হবে। কারণ আমেরিকা চিনের মতো রাশিয়া আইসিসির সদস্য নয়। আইসিসি পুতিনের বিরুদ্ধে চার্জ গঠন করতে পেরেছে তার একটি মাত্র কারণ হচ্ছে ইউক্রেনের বিচার ব্যবস্থাকে গ্রহণ করেছে আইসিসি। এদিকে রাশিয়া পুরো প্রক্রিয়াকে একেবারে হেসে উড়িয়ে দিয়েছে। তারা বলতে শুরু করে দিয়েছে তাদের কোনও নাগরিককে আইসিসির হাতে তুলে দেবে না। ক্রেমলিনের মুখপাত্র দিমিত্রি লোভাবেলোভা বলেছেন, ওই আদালতে বিচার ব্যবস্থাকে রাশিয়া মানে না। ফলে আইনের দিক দিয়ে দেখতে গেলে বোঝা যাবে যে এটা একেবারে ফাঁকা। অভিযুক্ত লোভাবেলোভা বলেছেন, এমনিতে আমার বিরুদ্ধে বহু দেশে নিষেধাজ্ঞা জারি রয়েছে। তবুও তার মধ্যে কাজ চালিয়ে যেতে শুরু করে দিয়েছি।

কালী সাধক রামপ্রসাদ



সাধক রামপ্রসাদ অজাতশত্রুতে পরিণত হতে পেরেছিলেন। তিনি জগতকে জয় করতে পেরেছিলেন। অসম্ভবকে সম্ভবে পরিণত করতে সক্ষম হয়েছিলেন। তিনি যোগ সাধনা করতেন। সুর সঙ্গীত দিয়ে যোগ করা যেতে পারে। সাধক রামপ্রসাদের মধ্যে একটি সাধনা শক্তি ছিল। তিনি সঙ্গীত সাধনা করেই শ্যামা মায়ের দেখা পেয়েছিলেন। নারীদের একটি অসীম শক্তি আছে। এই শক্তি দিয়ে নারীরা সব কিছু জানতে এবং বুঝতে পারে। আসলে মায়েরা হচ্ছেন মহা শক্তির আধার। তার মতো শক্তি আর কারোর নেই। মা একটি সংসারকে নিজের কাঁধে নিয়ে বয়ে নিয়ে চলতে পারে। তিনি এত শক্তি সঞ্চয় করে যে তার আর কোনও অতিরিক্ত শক্তির প্রয়োজন হয় না। নিজ শক্তির জোরে তিনি সব কিছু করতে পারে।

ভিন্ রাজ্যে গিয়ে শ্রমিকরা যেন অবিচারের শিকার না হয়

বিশেষ প্রতিনিধি

দত্তপুকুরে বাজি কারখানায় বিস্ফোরণের পরে পরিযায়ী শ্রমিকদের দুর্দশা নিয়ে ফের আলোচনা হচ্ছে। কোনও দুর্ঘটনা ঘটলে তবেই তাঁদের কথা সকলের মনে পড়ে। রবিবার সকাল সাড়ে ন'টা নাগাদ দত্তপুকুর থানার মোষপোল এলাকা বিস্ফোরণে কেঁপে ওঠে। যে একতলা বাড়িটিতে বাজি বানানো হচ্ছিল, সেটি পুরোপুরি ভেঙে পড়ে। কারখানায় তখন ১০ জন উপস্থিত ছিলেন। বিস্ফোরণের তীব্রতায় তাঁদের কারও হাত, কারও পা ছিটকে পড়ে বহুদূরে। মঙ্গলবার পর্যন্ত পাওয়া খবরে জানা যায়, মৃত্যু হয়েছে মোট ন'জনের। তাঁদের মধ্যে ছ'জন পরিযায়ী শ্রমিক। পাঁচজনের বাড়ি মুর্শিদাবাদে। একজন ঝাড়খণ্ডের বাসিন্দা। মানুষ কেন বাসস্থান ছেড়ে অন্যত্র কাজে যায়? উত্তরটা সহজ। নিজের রাজ্যে কর্মসংস্থান হয় না বলেই তাঁদের যেতে হয়। কিন্তু ভিন দেশে শ্রমিক হিসাবে কোনও আইনি অধিকার তাঁরা পান না। অর্থাৎ সংবিধানে শ্রমিকদের জন্য যে ন্যূনতম মজুরি, সুরক্ষা বা অন্যান্য সুযোগ-সুবিধার কথা বলা আছে, তা পরিযায়ীদের কেউ দেয় না। ভিন জায়গায় গিয়ে শ্রমিকরা অনেকাংশে অসহায় হয়ে পড়েন। তাঁদের হয়ে বলার কেউ থাকে না। সেই সুযোগে নিয়োগকর্তারা তাঁদের নানাভাবে ঠকায়। বেতন কম তো দেয়ই, সেই সঙ্গে সবচেয়ে বিপজ্জনক কাজে তাঁদের নিয়োগ করা হয়। কর্মরত অবস্থায় মারা গেলেও তাঁদের পরিজনরা উপযুক্ত ক্ষতিপূরণ পায় না। পরিযায়ী শ্রমিকদের নিয়ে কারও কাছে বিশেষ তথ্য নেই। অর্থাৎ কোন রাজ্য বা জেলা থেকে কতজন মানুষ ভিন জায়গায় কাজ করতে গিয়েছেন, তাঁরা কোন শিল্পে নিযুক্ত আছেন, কত বেতন পান, আর কী কী সুযোগ সুবিধা পেয়ে থাকেন, তা নিয়ে কেন্দ্র বা রাজ্য কেউই বিশেষ মাথা ঘামায় না। কোভিড অতিমহামারীর সময় প্রায়

এক কোটি পরিযায়ী শ্রমিক কর্মস্থল ছেড়ে বাড়ির উদ্দেশে রওনা হন। তাঁদের মধ্যে শিশু, বৃদ্ধ, গর্ভবতী মহিলা সকলেই ছিলেন। কঠোর লকডাউনের মধ্যে তাঁরা শত শত মাইল অতিক্রম করেন। পথের কষ্টে অনেকের মৃত্যু হয়। কিন্তু ২০২০ সালের সেপ্টেম্বর মাসে মোদি সরকার লোকসভায় জানায়, কতজন পরিযায়ী শ্রমিক মারা গিয়েছেন, সে বিষয়ে সরকারের কাছে কোনও তথ্য নেই। অর্থাৎ সরকার পরিযায়ীদের মৃত্যু নিয়ে বিশেষ মাথা ঘামায়নি। সরকারই যদি এমন উদাসীন হয় তাহলে মালিকরা তো পরিযায়ীদের ঠকাবেই। গত জুন মাসে ওড়িশার বালেশ্বর জেলায় তিনটি ট্রেনের সংঘর্ষ হয়। দুর্ঘটনায় যাঁরা মারা গিয়েছিলেন, তাঁদের এক বড় অংশ পশ্চিমবঙ্গের পরিযায়ী শ্রমিক। মাসখানেক আগে মুম্বইতে বহুতলে কাজ করতে গিয়ে মারা যান রাজ্যের দুই পরিযায়ী। সম্প্রতি মিজোরামে নির্মীয়মাণ রেলসেতু ভেঙে রাজ্যের দু'জন শ্রমিকের মৃত্যু হয়েছে। কিছুদিন আগে রাজ্য সরকার পরিযায়ী শ্রমিক কল্যাণ পর্ষদকে পুনর্গঠন করেছে। শ্রমিকদের যাতে বাইরে কাজে যেতে না হয়, সেজন্য নানা প্রকল্পও ঘোষণা করা হয়েছে। কিন্তু সেগুলি কবে বাস্তবায়িত হবে, হলেও পরিযায়ীদের দুর্দশা আদৌ ঘুচবে কিনা, তা নিয়ে সন্দেহ আছে যথেষ্ট। পশ্চিমবঙ্গে মূলত বীরভূম, মুর্শিদাবাদ, মালদহ ও উত্তরবঙ্গের কয়েকটি জেলা থেকে শ্রমিকরা ভিন জায়গায় কাজ করতে যান। এই প্রসঙ্গ তুলে এখন বিরোধীরা রাজ্য সরকারের বিরুদ্ধে আক্রমণ শানাচ্ছেন। তাঁদের বক্তব্য, রাজ্যে উন্নয়ন হয়নি বলেই মানুষকে ভিন রাজ্যে কাজে যেতে হচ্ছে। তাঁদের কথা পুরোপুরি উড়িয়ে দেওয়া যায় না। তবে মনে রাখতে হবে, শুধু পশ্চিমবঙ্গ থেকেই যে শ্রমিকরা ভিন রাজ্যে যান, তা নয়। অসম, মধ্যপ্রদেশ,, ঝাড়খণ্ড, বিহার, ওড়িশা, উত্তরপ্রদেশ, উত্তরাখণ্ড ও রাজস্থানের কিছু এলাকা থেকে প্রতি বছর হাজার হাজার মানুষকে কাজের খোঁজে বাইরে পাড়ি দিতে হয়। নরেন্দ্র মোদি একসময় বছর ২ কোটি কর্মসংস্থানের কথা বলেছিলেন। এই প্রতিশ্রুতির কিছুমাত্র পূরণ করতে পারলেও পরিযায়ীর সংখ্যা এত বাড়ত না। শুধু তাই নয়, পশ্চিমবঙ্গ থেকে ভিন রাজ্যে কাজের খোঁজে যাওয়া শ্রমিকের সংখ্যা বৃদ্ধির পিছনেও কেন্দ্রীয় সরকারের ব। ভূমিকা আছে। এরাজ্যে এখন ১০০ দিনের কাজের টাকা আসছে না। 'দুর্নীতি'র জন্য কেন্দ্রীয় সরকার ওই টাকা দেওয়া বন্ধ করেছে। সেজন্য অনেকে অন্নসংস্থানের জন্য বাইরে যেতে বাধ্য হচ্ছেন। কেন্দ্রীয় সরকার এইভাবে ১০০ দিনের কাজের টাকা আটকাতে পারে না। কাজ পাওয়া প্রত্যেকের সাংবিধানিক অধিকার। দুর্নীতি হলে সরকার তদন্ত করুক। দোষীদের জেলে পুরে দিক। কিন্তু কয়েকজনের দুর্নীতির জন্য নাগরিকদের কাজ পাওয়ার অধিকার কেড়ে নেওয়া হচ্ছে কেন? পরিযায়ী শ্রমিকদের জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা করা দরকার। মানুষ কাজের সন্ধানে বাসভূমি ছেড়ে যেতেই পারে। কিন্তু ভিন জায়গায় গিয়ে যাতে অবিচারের শিকার না হয়, তা নিশ্চিত করতে হবে। তবেই তাঁদের অপমৃত্যু ঠেকানো যাবে।

হাওয়ার গতিতে ছুটছে ঘৃণা, বিদ্বেষ, হিংসার কথা

বিশেষ প্রতিনিধি

'কেয়া নাম হ্যায় তেরা? মহম্মদ! আধার কার্ড নিকাল। নিকাল আধার কার্ড।' মিনিট খানেকের ভিডিওয় দেখা গিয়েছিল এক পৌঢ়কে এই কথা বলে চড়-থাপ্পড় মারছে এক যুবক। পরে সেই প্রৌঢ় মারা যান। নিজের নাম বলার সুযোগ পেলে হয়তো মরতে হত না ভাঁওয়ারলাল জৈনকে। কিন্তু তিনি যে মানসিক ভারসাম্যহীন! তবে মরার আগে আসল পরিচয় জানা গেলে ভবঘুরে মানুষটাকে হয়তো পরিবারের হাতে তুলে দেওয়ার ব্যবস্থা হত। যে লোকটা 'আধার কার্ড নিকাল। নিকাল আধার কার্ড'- বলে চড়-থাপ্পড় মারছিল, সেই-ই হয়তো সদয় হয়ে প্রৌঢ়ের পকেটে কিছু টাকাপয়সা গুঁজে দিত। আফটার অল লোকটা তো 'হিন্দু'। সেই ধর্মপরিচয় নিশ্চিত করা গেল না বলেই মরতে হয় মধ্যপ্রদেশের ভাঁওয়ারলাল জৈনকে। ঘটনাটি গত বছর মে মাসের। আসলে মৃত্যুর মতো অন্তিম কিছু ঘটে না গেলে আমরা খুব একটা নড়েচড়ে বসি না। দেশের বড় অংশের মানুষ, আপাত নিরীহ সাধারণ নাগরিক, তারাও কিন্তু মধ্যপ্রদেশের ওই বিজেপি কর্মকর্তার মতো এই প্রশ্নটাই বয়ে বেড়ায়, লোকটা হিনন্দু না মুসলিম? মুজফ্‌ফরনগরের স্কুলের শিক্ষিকার দুধের শিশুটির ধর্ম পরিচয় নিয়ে কোনও সংশয় ছিল না। ক্লাস ওয়ানের বাচ্চাটি মুসলিম জেনেই শিক্ষিকা হুমকির সুরে বলে ওঠেন, 'যত সংখ্যালঘু বাচ্চা আছে, তাদের সবাইকে আমি...' দুধের শিশুটির গায়ে নিজে হাত তোলেননি সেই শিক্ষিকা। খুদে সহপাঠীরা শিক্ষিকার হুমুক তালিম করতে বন্ধুকে চড়-থাপ্পড় মারতে বাধ্য হয়। এই শিশুগুলির ভবিষ্যতে হিংসার কারবারি হয়ে ওঠা অসম্ভব নয়। যেমন অসম্ভব নয় আক্রান্ত শিশুটির মনে প্রতিশোধ স্পৃহা জাগ্রত হওয়া। বিজেপি নেত্রীর মুখে মহম্মদের অবমাননার ঘটনার পর হিন্দুদের উপর হামলার ঘটনাগুলি ইঙ্গিত করে কীভাবে প্রতিশোধের পাল্টা কর্মসূচি মাথা তুলছে। আক্রান্ত শিশুটিকে তার বাবা স্কুল থেকে ছাড়িয়ে নিতে চান। কিন্তু শিক্ষিকার বিরুদ্ধে গোড়ায় থানায় নালিশ করতে চাননি। শিউরে ওঠা ঘটনাটি নিয়ে নিন্দার ঝড় বইলেও অবাক করেছে শিশুর বাবার মুখ বুজে থাকার সিদ্ধান্ত। আসলে ভীত, সন্ত্রস্ত সংখ্যালঘুরা জলে বাস করে কুমীরের সঙ্গে বিবাদ চান না। যোগীর মুসলিমদের ভোট পাওয়ার আসল রহস্যও সেখানে। ভোটের বুথ ভিত্তিক গণনার ফলাফলে উঠে আসে কোন মহল্লা কাকে ভোট দিয়েছে। গরিব, দিন আনি দিন খাই সংখ্যালঘুরা সেটা ভাল করেই জানেন। হিন্দুত্ববাদী এবং মিডিয়ার একাংশ সেই ফলাফলকেই পছমন্দা, অর্থাৎ পিছিয়ে থাকা মুসলিমদের বিজেপিকে সমর্থন বলে চালাচ্ছে। অন্যদিকে, নিন্দার ঝড়ের মুখেও মুজফ্‌ফরনগরের সেই শিক্ষিকা টিভি ক্যামেরার সামনে অবলীলায় বলেছেন, ছোট্ট ঘটনা নিয়ে অনর্থক জলঘোলা করা হচ্ছে। অনুতাপ, গ্রেফতারের আতঙ্ক লেশমাত্র নেই তাঁর কথায়। হতেই পারে কোনও মহল থেকে তাঁকে অভয় দিয়ে বলা হয়েছে, 'যা করেছো ঠিক করেছো, যা বলেছো, ঠিক বলেছো।' একটু পিছনের দিকে যাওয়া যাক। একটি ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলি। এক সন্ধ্যার নৈহাটি লোকালের কামরায় একদল যুবক সহযাত্রী দুই তরুণীর উদ্দেশে অশ্লীল অঙ্গভঙ্গি আর কুমন্তব্য করছে। ঘটনাচক্রে সেই যুবকরা ছিল অবাঙালি, টিটাগড়ের বাসিন্দা। সহযাত্রীরা অনেককেই তাদের মুখ চিনতেন, গন্তব্য স্টেশন জানতেন। উশৃঙ্খলতা মাত্রা ছাড়ালে যাত্রীদের কয়েকজন প্রতিবাদ করলেন। ঘটনাচক্রে, প্রতিবাদকারীরা বাঙালি। তাদেরই একজনের মন্তব্য, 'আর কতদিন এসব মুখ বুজে সহ্য করব আমরা? ঘাড়ধাক্কা দিয়ে এদের পাকিস্তানে পাঠিয়ে দেওয়া উচিত।' প্রতিবাদে গলা মেলান আরও কয়েকজন। কথা কাটাকাটি হাতাহাতিতে গড়ায়। শেষে

প্রায় গণধোলাইয়ের শিকার হল সেই যুবকরা। এর পরে ট্রেন টিটাগড়ের কাছাকাছি পৌঁছতে সেই যুবকদেরই একজন গলা চড়িয়ে বলে উঠল, 'আপলোগ কেয়া সোচতে হ্যায়? হামলোগ ভি হিন্দু হ্যায়।' কথাটা যেন ট্রেনের গোটা কামরাকে মরমে বিঁধল। মুহূর্তে পরিস্থিতি গেল বদলে। যারা ওদের ঘাড়ধাক্কা দিয়ে পাকিস্তানে পাঠিয়ে দেওয়ার কথা বলছিলেন তাদেরই একজন হঠাৎ দরদী হয়ে উঠলেন। বললেন, 'ছেড়ে দিন, ছেড়ে দিন, আর মারবেন না। এসব বয়সকালের অসুখ।' ঘটনাটি ১৯৯৪ সালের। প্রায় তিন দশক আগের। ধর্মীয় বিদ্বেষ, বিভাজনের মনোজগতে উপনিবেশ নতুন নয়। তবে চলন্ত ট্রেনে বিচারশালা বসানো এবং সহযাত্রী মহিলাদের লাঞ্ছনার ঘটনায় অভিযুক্তদের ধর্ম পরিচয়কে মানদণ্ড করে তোলার মত বিভাজনের দৃষ্টান্ত বাবরি মসজিদ ধ্বংস পরবর্তী সময়ে অগুনতি। ছেলেধরা, চোর, ডাকাত, ছিনতাইবাজ, এমনকী ডাইনি সন্দেহে খুনের কথা আমরা জানি। ওই সব চেনা অপরাধে অনেকটাই লাগাম দেওয়া গিয়েছে। কিন্তু স্রেফ সন্দেহ করে খুন করার তালিকায় যুক্ত করা হচ্ছে মুসলিমদের। চোর-ডাকাত-ডাইনির সঙ্গে এক বন্ধনীতে রাখা হচ্ছে একটি ধর্মীয় জনগোষ্ঠীকে। মহারাষ্ট্রে ট্রেনে কর্তব্যরত রেল পুলিশের জওয়ানের বেছে বেছে তিন মুসলিম যাত্রীকে গুলি করে হত্যা কী ইঙ্গিত করে? যাদবপুর বিশ্ববিদ্যালয়ে হিন্দুত্ববাদীদের র‍্যাগিং-বিরোধী প্রতিবাদ মিছিল থেকে 'গোলি মারো সালোঁ কো' স্লোগান শোনা গেল। এই স্লোগানের কপিরাইট মোদির যে মন্ত্রীর তিনি এখন ভারত সরকারের মুখপাত্র। তাঁর কথায় অনুপ্রাণিত হয়েই সংশোধিত নাগরিকত্ব আইনের বিরুদ্ধে দিল্লিতে পথে নামা পড়ুয়াদের দিকে গুলি ছুড়তে ছুড়তে এগিয়ে গিয়েছিল রামভক্ত গোপাল নামে সেই তরুণ, এমন অনুমান অমূলক নয়। বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের 'আজাদি' স্লোগানকে বিদ্রুপ করে সেই তরুণ পিস্তল হাতে এগিয়ে যাওয়ার সময় বলছিল, 'নে মুক্তি নে'। রামভক্ত গোপাল জেলে। মন্ত্রীকে ছোয়নি পুলিশ। তাঁর বিরুদ্ধে পুলিশ এফআইআর দায়ের করবে কিনা এই প্রশ্নে আদালতের রায় সাড়ে তিন বছর পরও অধরা। মধ্যপ্রদেশের ঘটনাটির মতো মহম্মদ বা মুসলিম বলে অথবা সন্দেহে হত্যা, বাড়িতে গোমাংস রাখার অভিযাগে মহম্মদ আখলাককে পিটিয়ে মারার ঘটনার মতো হইচই সব ক্ষেত্রে হয় না। আবার ঘটনা তাতে থেমেও থাকে না। কেউ চাষের কাজের জন্য গরু কিনে ফেরার পথে গণপিটুনির শিকার হয়েছেন। কখনও পরিচিত গরু ব্যবসায়ীকে ছেলেধরা বলে মেরে দেওয়া হয়েছে। ফরিদাবাদের জুনেদ খানের কথা নিশ্চয়ই মনে আছে। ইদের বাজার করে ট্রেনে বাড়ি ফেরার পথে মুসলিম পরিচিতির কারণে সাজানো জনরোষের শিকার হয়েছিলেন তিনি। ঘটনা হল, গুটিকয় রাজ্য বাদে বড় মুখ করে দাবি করতে পারবে না, অপরাধের এই নয়া প্রবণতা থেকে তারা মুক্ত। ঐতিহাসিক ইরফান হাবিব কিছুদিন আগে বলেছেন, 'এই ধরনের অপরাধী লোকজন দেশে আগেও ছিল। এখন তারা নির্ভয়ে বুক ফুলিযে. গণহত্যার ডাক দিতে পারছে।' তিনি আরও বলেন, 'মায়ানমারের মতো এদেশেও একটি জাতিগোষ্ঠীর লোককে নিকেশ করা, দেশ থেকে বের করে দেওয়ার কথা বলা হচ্ছে, আর আমরা বসে বসে দেখছি।' উত্তরপ্রদেশের ঘটনায় ইঙ্গিত মেলে শিশুদের কোমল মনে হিংসা, বিদ্বেষ চাগিয়ে তুলতে কীভাবে স্কুলগুলিকেও ঘৃণার আঁতুড়ঘর করে তোলা হচ্ছে। গত মার্চে কর্নাটকে বিধানসভা ভোটের আগে রাজ্যের উপকূলীয় এলাকায় করা এক সমীক্ষার দেখা গিয়েছিল, নাগরিকদের ৯৬ শতাংশই ধর্মীয় মেরুকরণে আচ্ছন্ন। অর্থাৎ ভোটের বাক্সে জনরায়ের প্রতিফলনে নির্ধারক হবে ধর্মীয় বিভেদ, বিদ্বেষ। সমীক্ষায় আরও জানা গিয়েছিল, মৌলবাদী ভাবনায় আচ্ছন্ন সেখানকার ৯০ ভাগ নাগরিক। অজান্তে জনমনে মেরুকরণের এই অভিযানে বড় ভূমিকা পালন করেছে সোশ্যাল মিডিয়া। কর্নাটকের হিজাব বিবাদে বোঝা গিয়েছে, কীভাবে তরুণ প্রজন্মের একাংশের মনে ঘৃণা, বিদ্বেষ, হিংসার উপনিবেশ গড়ে তোলা হয়েছে। হিংসা, বিদ্বেষের বেশিরভাগ ঘটনার নেতৃত্বে তরুণ সমাজ। সামাজিক মাধ্যমে গড়ে তোলা ঘৃণার নরকেও কমবয়সিদের উপস্থিতি বেশি। একটা প্রজন্মকে শুধু এই লক্ষ্যে তৈরি করে নেওয়া হয়েছে, হচ্ছে। রাজনীতিতে মেরুকরণ নতুন নয়। বরং রাজনীতি মানেই মেরুকরণ। সেটা অবশ্যই নীতি-আদর্শের। গেরুয়া শিবিরের কর্মসূচি আঁকড়ে বিজেপি মেরুকরণে হাতিয়ার করেছে ধর্মকে। তাদের রাজনীতির নির্বাচনী সাফল্য স্বীকার করে নিয়েও তাই বলতে হয়, এই লক্ষ্য অর্জনের মধ্যে চমক এবং বাহাদুরি, কোনওটাই নেই। তবে বিগত কয়েক বছরে ধর্মীয় সংখ্যালঘু, বিশেষ করে মুসলিম এবং খ্রিস্টানদের উপর শারীরিক ও মানসিক নির্যাতনের যে ঘটনাগুলি ঘটছে তা নিছক ভোটের লক্ষ্যপূরণে মেরুকরণের রাজনীতি বলে ধরে নিলে ভুল হবে। বরং নানাভাবে সংখ্যালঘুদের পেশা, স্বাধীন জীবনযাপনকে টার্গেট করা হচ্ছে। বিপন্ন করে তোলা হচ্ছে তাদের অস্তিত্ব। পয়লা লক্ষ্য মুসলিমরা। তাই কেরলে বিদ্বেষের রাজনীতির নয়া ল্যাবরেটরি করে তোলা হচ্ছে মুসলিমদের বিরুদ্ধে খ্রিস্টানদের খেপিয়ে তুলে। অন্যদিকে, কখনও হরিদ্বার, কখনও দিল্লির ধর্ম সংসদ থেকে মুসলিমদের হত্যা, নিকেষ করার ডাক দেওয়া হচ্ছে। অস্ত্র হাতে তুলে নেওয়ার আহ্বান জানাচ্ছেন সাধুসন্তরা। আর এসবের মধ্যে আশ্চর্য নীরব রাষ্ট্র। সংখ্যালঘুদের প্রতি সংগঠিত হিংসা, বিদ্বেষ, ঘৃণা বর্ষণের ঘটনায় সরকারি মহল থেকে অনুশোচনা, নিন্দা, সমালোচনা কিছুই শোনা যাচ্ছে না। এইভাবে দেশকে গৃহযুদ্ধের দিকে ঠেলে দেওয়া হচ্ছে না তো? সেই দিন ডেকে আনা হচ্ছে না তো, যেদিন জুনেদ খান এবং ভাঁওয়ারলাল জৈন- কেউই রক্ষা পাবেন না! প্রধানমন্ত্রী ২০৪৭-এ স্বাধীনতার শতবর্ষে এক নতুন ভারতের স্বপ্ন ফেরি করছেন। সেই ভারতে হয়তো বিমানের গতিতে ট্রেন ছুটবে, ট্রেনের গতিতে বাস। কিন্তু ঘৃণা, বিদ্বেষ, হিংসার কথা এখনই হাওয়ার গতিতে ছুটছে। ২০২৪-এর জন্য আমরা কোন ভারত নির্মাণ করছি?

রাস্তা সংস্কার

দুরন্ত বার্তা, বালুরঘাট, ৩১ আগস্ট ঃ বালুরঘাট শহরের বেশিরভাগ রাস্তা বেহাল অবস্থায় রয়েছে। পুরসভার উদাসীনতার কারণেই দিন দিন রাস্তা আরও খারাপ হয়ে যাচ্ছে। এমত অবস্থায় পুরসভাকে একাধিকবার বিষয়টি জানিয়ে কোনও লাভ হয়নি। বেহাল রাস্তার জন্য দুর্ঘটনা ঘটার পাশাপাশি মাঝেমধ্যেই যানজটের সমস্যা হচ্ছে। তাই বিজেপি যুব মোর্চার শহর মণ্ডলের নেতৃত্বে বেহাল রাস্তা সংস্কারের উদ্যোগ নেওয়া হল। বৃহস্পতিবার পুরসভার ১১ নম্বর ওয়ার্ডের এ কে গোপালন কলোনি এলাকায় খারাপ রাস্তা সারাইয়ের কাজে হাত লাগায় বিজেপি যুব মোর্চা। বিজেপি যুব মোর্চার শহর মণ্ডলের সভাপতি বাবুসোনা অধিকারীর উদ্যোগে রাস্তা সারাইয়ের কাজ শুরু হয়। শুধু এ কে গোপাল কলোনি নয়, শহরের অন্যান্য রাস্তা মেরামত করা হবে বলে বিজেপি যুব মোর্চার তরফে জানানো হয়েছে। যদিও বিজেপির এই উদ্যোগকে নাটক বলে দাবি করেছে পুরসভা কর্তৃপক্ষ। কোনও কাজ করতে পারছে না তাই টাইমলাইনে আসতে এমনটা করছে। বালুরঘাটবাসী ভালো করেই জানে পুরসভার কী কাজ। তাই এসব করে আখের কোনও লাভ হবে না বিজেপির। এমনটাই জানিয়েছেন পুরসভা কর্তৃপক্ষ। বাবুসোনা অধিকারী জানান, শহরের প্রতিটি রাস্তা বেহাল অবস্থায় রয়েছে। রাস্তা খারাপ থাকার ফলে প্রায়শই দুর্ঘটনা ঘটছে। অথচ বালুরঘাট পুরসভা ঘুমিয়ে আছে। তাই শহরবাসীর সুবিধার্থে বিজেপি যুব মোর্চার তরফে রাস্তা সারাইয়ের উদ্যোগ নেওয়া হয়েছে। স্থানীয় বাসিন্দা দিলীপ ঘোষ জানিয়েছেন, বেহাল রাস্তাটি সারাই করায় খুশি স্থানীয় বাসিন্দারা। রাস্তাটা বিপদজনক অবস্থায় ছিল। সাধারণ মানুষ এখন ভালোভাবে যাতায়াত করতে পারবে।

তছরুপের দায়ে

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ৩১ আগস্ট ঃ প্রায় ১ কোটি ৮৩ লক্ষ টাকা আর্থিক গরমিল ও তছরুপের অভিযোগ উঠল রায়গঞ্জ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের দক্ষিণ দিনাজপুরের বুনিয়াদপুরের এক ম্যানেজারের বিরুদ্ধে। সঞ্জয় চক্রবর্তী নামের ওই ব্যক্তি বুনিয়াদপুর ব্রাঞ্চে থাকাকালীন অবস্থায় ওই বিরাট পরিমান অর্থ তছরুপ করেন বলে ব্যাঙ্কের অন্তর্তদন্তে ধরা পড়ে। এরপর তাঁকে সরিয়ে উত্তর দিনাজপুরের ইটাহার ব্রাঞ্চে বদলি করা হয়। এরকম পরিস্থিতিতে ইটাহারে থাকাকালীনই ওই ম্যানেজারকে বিরাট পরিমান অর্থ তছরুপের অভিযোগে সাসপেন্ড করার পাশাপাশি ওই ম্যানেজারের বিরুদ্ধে বংশিহারি থানায় অভিযোগ জানানো হয় বলে জানালেন রায়গঞ্জ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের বোর্ড অফ অ্যাডমিনিস্ট্রটরসের চেয়ারম্যান তিলক চৌধুরী। তিনি বলেন, উনি দোষ স্বীকার করে ইতিমধ্যেই ৭৮ লক্ষ টাকা ফেরত দিয়েছেন। বাকি টাকা সেপ্টেম্বরে ফেরত দেবেন বলেছেন। কিন্তু টাকা ফেরত দিলেই শাস্তি মকুব হবে তেমনটা নয়। শাস্তির ধরণটা হয়ত বদলাবে। টাকা ফেরত দিলে একরকম শাস্তি, না দিলে অন্যরকম শাস্তি হবে। উল্লেখ্য, রাজ্যের বিভিন্ন কো-অপারেটিভ ব্যাঙ্কের অর্থ তছরুপের একের পর এক অভিযোগ যখন সামনে আসছে, তখন নতুন করে রায়গঞ্জ কো-অপারেটিভ ব্যাঙ্কের নাম জড়িয়ে যাওয়ায় এখন আমানতকারীরা আতঙ্কে ভুগতে শুরু করেছেন। এবিষয়ে ওই অভিযুক্ত ম্যানেজারের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তার সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।

ধুপগুড়ি উপনির্বাচনে ওসিকে দূরে রাখার আবেদন জানালেন শুভেন্দু

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩১ আগস্ট ঃ বৃহস্পতিবার জলপাইগুড়িতে ধুপগুড়ি উপ নির্বাচন প্রসঙ্গে জলপাইগুড়ি সার্কিট হাউসে ধুপগুড়ি উপ নির্বাচনের পুলিশ এবং সাধারণ পর্যবেক্ষকদের সঙ্গে দেখা করেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং সাংসদ ডাঃ জয়ন্ত কুমার রায়। সেখান থেকে বেরিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, আইএনডিআইএ লিখলেই দেশ ভক্ত হয়ে যায় না, তাহলে ইস্ট ইন্ডিয়া কোম্পানি এবং ইন্ডিয়ান মুজাহিদিনরাও ইন্ডিয়ান লেখে। আগামী লোকসভা নির্বাচনে মোদীজির নেতৃত্বে চারশো আসন পার করবে দল। কৌশিক চন্দ্র নামের এক রাজ্য সরকারি আধিকারিক এবং বানারহাট থানার পুলিশ অফিসারকে ধুপগুড়ি উপ নির্বাচন থেকে সরিয়ে রাখার আবেদনও রাখেন তিনি। বৃহস্পতিবার ধূপগুড়ি গিয়ে কমিশনের আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও জলপাইগুড়ির সাংসদ চিকিৎসক জয়ন্ত রায়। এদিনের বৈঠক সেরে বেরিয়ে শুভেন্দুবাবু বলেন, আমরা বলেছি পঞ্চায়েতে ভোট লুঠে পুলিশ ও প্রশাসন যুক্ত ছিল। ৮০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী দেওয়ার পরেও তাদের বসিয়ে রাখা হয়েছিল। কৌশিক চন্দ বলে একজন রাজ্য সরকারি আধিকারিককে পাঠানো হয়েছে এখানে। এই ব্যক্তি গত পঞ্চায়েত নির্বাচনে মালের পৌরপ্রধানকে নিয়ে গণনাকেন্দ্রে ঢুকে গণনা লুঠ করার নায়ক। কৌশিক চন্দকে ধূপগুড়ি উপনির্বাচনের সমস্ত কাজ থেকে সরিয়ে দেওয়ার দাবি করেছি আমরা। একই সঙ্গে তিনি বলেন, এছাড়া বানারহাটের ওসি শান্তনু সরকার যিনি পঞ্চায়েত নির্বাচনের আগে ৫১ জন বিজেপি কার্যকর্তাকে চার্জশিট দিয়ে জেলে ঢোকানোর ব্যবস্থা করেছিলেন যে চার্জশিট আদালত প্রত্যাখ্যান করেছেন। পঞ্চায়েতের ভোটগণনার দিন বানারহাটে সাংবাদিকরা আক্রান্ত হয়েছিলেন তৃণমূলি গুন্ডাদের হাতে। সেই ঘটনায় এফআইআর দায়ের হয়েছিল। কিন্তু এখনো কেউ গ্রেফতার হননি। শান্তনু সরকার জলপাইগুড়ির বাসিন্দা। আমরা তাঁকে জেলার বাইরে বদলি করার দাবি জানিয়েছি। ৫ তারিখ পর্যন্ত কোনও ভাবে যেন ওকে জেলায় দেখা না যায়। শুভেন্দুবাবুর অভিযোগ, ও বিজেপির বুথ সভাপতি ও ভোট পরিচালনার দায়িত্বে থাকা নেতাদের বাড়িতে গিয়ে আক্রমণ করছেন। তার মধ্যে তপশিলি উপজাতিভুক্ত, নমঃশূদ্র, রাজবংশী নেতা আছেন আমাদের। আমরা সিদ্ধান্ত নিয়েছি ওখানে যাদের যাদের বাড়িতে ওসি যাচ্ছেন তাদের বাড়িতে আমরা কালকে সিসিটিভি লাগাব। যাতে পুলিশ ভোটের আগে বিজেপির কোনও বুথ স্তরের সংগঠনকে গ্রেফতার করতে না পারে। তার পর প্রমাণ নিয়ে আমরা নির্বাচন কমিশনের কাছে যাব ও ওই পুলিশকে সাসপেন্ড করাব।

দখলদার সরাতে বুলডোজার অভিযান বহরমপুর রাজপথে

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৩১ আগস্ট ঃ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অনেক আগেই স্পষ্ট করে দিয়েছিলেন, বাংলায় বুলডোজারের রাজনীতি চলবে না। কারণ, এটা বাংলার নীতি নয়। ক্ষতিপূরণ ছাড়া এ রাজ্যে কাউকে উচ্ছেদ করা যাবে না। কিন্তু নবাবের জেলা মুর্শিদাবাদ মুখ্যমন্ত্রীর নির্দেশ অমান্য করল। বৃহস্পতিবার সকাল থেকেই বহরমপুরের রাস্তায় যৌথ অভিযানে নামে জেলা প্রশাসন, পুলিশ এবং বহরমপুর পৌরসভা। বহরমপুরের জলট্যাঙ্ক মোড় থেকে শুরু হয় উচ্ছেদ অভিযান। দুপুরে কেএন রোড, মোহনা বাসস্ট্যান্ড হয়ে পৌঁছে ওল্ড কান্দি বাসস্ট্যান্ড পর্যন্ত। কোথাও ড্রেনের উপর স্ল্যাব পেতে বানানো দোকানঘর ভেঙে দেওয়া হয়, তো কোথাও উপড়ে ফেলা হয় সরকারি সম্পত্তির উপর তৈরি করা বেআইনি কংক্রিটের নির্মাণ। রাস্তা দখল করে তৈরি অস্থায়ী দোকানঘরও ভেঙে ফেলা হয় 'অপারেশন বুলডোজারে'। খবর পেয়ে দোকানদারেরা ছুটে আসেন। প্রতিবাদ জানান। অন্য দিকে, বহরমপুরের সাধারণ মানুষকে দেখা যায় অপারেশন বুলডোজারে উৎসাহ জোগাতে। এক বাসিন্দা বলেন, অপরেশন বুলডোজারে আমরা খুশি। রাস্তা দিয়ে যাতায়াত করা যেত না ওই বেআইনি দোকানের জন্য। বহু বার বড় দুর্ঘটনা ঘটতে ঘটতে বেঁচে গিয়েছে এর জন্য। কিন্তু দোকানদারদের ভবিষ্যৎ কী হবে? মুখ্যমন্ত্রীর কথা মতো, কি তাদের পুনর্বাসনের কোনও ব্যবস্থা হয়েছে? বৃহস্পতিবার এ ব্যাপারে জেলা সদর মহকুমা শাসক প্রভাত চট্টোপাধ্যায়কে প্রশ্ন করা হলে তিনি পুনর্বাসন প্রসঙ্গে কিছু জানাননি। তবে বলেছেন, অনেকেই ড্রেন দখল করে স্ল্যাব বসিয়ে ব্যবসা করছেন। কেউ আবার সরকারি জায়গায় বসিয়ে নিয়েছেন লোহার রেলিং। সাধারণ মানুষের হাঁটা চলার জন্য ফুটপাত করা হয়েছিল। কিন্তু সেই ফুটপাত চলে গিয়েছিল ব্যবসাদারদের দখলে। প্রভাতবাবুর কথায়, প্রতিদিন ব্যস্ত সময়ে রাস্তায় তৈরি হচ্ছিল তীব্র যানজট। রাস্তায় জল ড্রেনে নামছিল না। বৃষ্টি হলেই জল জমছিল রাস্তায়। পুজোর আগে তাই শহরকে যানজট মুক্ত করতেই এই ব্যবস্থা নেওয়া হল।

চেনসহ গ্রেফতার ছিনতাইবাজ

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৩১ আগস্ট ঃ বুধবার সন্ধ্যায় রাস্তা দিয়ে হেঁটে যাওয়ার সময় মহিলার গলা থেকে সোনার চেন ছিঁড়ে নিয়ে চম্পট দেয় বাইক আরোহী দুস্কৃতি। এই বিষয় নিয়ে নিউ জলপাইগুড়ি থানায় লিখিত অভিযোগ করার কয়েক ঘন্টার মধ্যেই ছিনতাই হওয়া সোনার চেন উদ্ধার করল পুলিশ। বুধবার সন্ধ্যায় ঘটনাটি ঘটে শিলিগুড়ি শক্তিগর সুকান্তপল্লী এলাকায়। জানা গেছে ফুলবাড়ী ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের অম্বিকানগরের এক মহিলা। ছিনতাই হওয়া সোনার চেনের মূল্য প্রায় ৮০ হাজার টাকা বলে দাবি মহিলার। ঘটনার অভিযোগ নিউ জলপাইগুড়ি থানায় দায়ের হলে তদন্ত শুরু করে নিউ জলপাইগুড়ি থানার সাদা পোশাকের পুলিশ। অবশেষে এই ঘটনায় জড়িত শিলিগুড়ির শক্তিগর এলাকার বাসিন্দা ইমরান রহমানকে গ্রেফতার করে পুলিশ। তার থেকে উদ্ধার হয় সোনার চেনটি। এদিকে পুলিশের মাধ্যমে সোনার চেন ফিরে পেয়ে খুশি ওই গৃহবধূ। তবে প্রকাশ্যে এভাবে রাস্তা থেকে হার ছিনতাইয়ের ঘটনায় রীতিমতো আতঙ্কিত মহিলারা। ছিনতাইকারীকে গ্রেফতারের পাশাপাশি এই কাজে ব্যবহৃত তার দামী মোটরবাইক বাজেয়াপ্ত করেছে পুলিশ। ধৃতকে পুলিশ রিমান্ডে নিয়ে তাকে আরও জিজ্ঞাসাবাদ চালাচ্ছে। এই ঘটনার সাথে আরও কেউ জড়িত আছে কিনা তদন্ত করছে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ।

চন্দ্রযানে ভূমিকা

দুরন্ত বার্তা, মালদা, ৩১ আগস্ট ঃ ইতিমধ্যে সাফল্য পেয়েছে চন্দ্রযান-৩ এর অভিযান। চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করেছে ভারতীয় এই চন্দ্রযান। ইতিমধ্যে খুশির হাওয়া গোটা দেশজুড়ে। এই চন্দ্রযান সাফল্যের পিছনে রয়েছে মালদার বিজ্ঞানীর ভূমিকা রয়েছে। তিনিও বর্তমানে ইসরোতে একজন মহাকাশ বিজ্ঞানী হিসাবে কাজ করছেন। মালদা শহরের সর্বমঙ্গলা পল্লীর বাসিন্দা দেবজ্যোতি চক্রবর্তী। বর্তমানে তিনি সেখানে রয়েছেন কর্মসূত্রে। চন্দ্রযান সাফল্যের পিছনে তার অবদান থাকায় তার পরিবারের লোকেদের বিশেষ সংবর্ধনা জানালো ইংরেজবাজার পৌরসভার কুড়ি নম্বর ওয়ার্ডের কাউন্সিলর চৈতালি ঘোষ সরকার। বুধবার রাতে তিনি দেবজ্যোতি চক্রবর্তী পরিবারের সঙ্গে দেখা করেন। বাবা মাকে সংবর্ধনাও জানানোর পাশাপাশি দেবজ্যোতির সাফল্যের বিভিন্ন কথা শোনেন। আগামীতে সে যেন আরো ভালো কাজ করতে পারে সেই আশা রাখেন স্থানীয় কাউন্সিলর। ইসরোতে বিজ্ঞানী হিসেবে ছেলে কাজ করায় গর্বিত দেবজ্যোতির বাবা। চন্দ্রযান সফল হওয়ায় তিনিও খুশি।

জোড়া স্বাস্থ্যকেন্দ্র

দুরন্ত বার্তা, কোচবিহার, ৩১ আগস্ট ঃ কোচবিহার শহরে আরও দুটি পুর স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন হল। বৃহস্পতিবার শহরের ২০ ও ১ নম্বর ওয়ার্ডে স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন করেন চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ। এদিন স্থানীয় কাউন্সিলাররাও সেখানে উপস্থিত ছিলেন। এই নিয়ে শহরে মোট স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা বেড়ে দাঁড়াল ৭টি। জানা গিয়েছে, প্রাথমিক চিকিৎসার পাশাপাশি রক্তচাপ, সুগার সহ নানা পরীক্ষা নিরীক্ষাও সেখান থেকে করা হবে। একজন করে চিকিৎসক, স্টাফ নার্স এবং এএনএম কর্মী সহ মোট পাঁচজন কর্মী থাকছে এক একটি স্বাস্থ্যকেন্দ্রে। এদিন উদ্বোধন শেষে রবীন্দ্রনাথ ঘোষকে নিজেও স্বাস্থ্য পরীক্ষা করান। তিনি জানান, অল্প অসুস্থ হলেও বাসিন্দাদের লাইন দিয়ে হাসপাতালে গিয়ে ডাক্তার দেখাতে হত। এখন বাড়ির সামনেই স্বাস্থ্যকেন্দ্র থাকায় বাসিন্দাদের সুবিধা হবে। রবিবাবু আরও জানান, খুব শীঘ্রই শহরের ৬ নম্বর ওয়ার্ডে আরও একটি স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন করা হবে।

ঝুলন উৎসব

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩১ আগস্ট ঃ প্রতি বছরের ন্যায় এ বছরও ঝুলনযাত্রা উৎসব পালন হল জলপাইগুড়ি শহরের গৌড়ীয় মঠে। আর ঝুলন যাত্রা দেখতেই মন্দিরে উপচে পড়েছে ভক্তদের ভিড়। টুনি বাল্ব, লাইটিং সাজিয়ে তোলা হয়েছে গোটা মন্দির প্রাঙ্গন যেন উৎসব মেজাজ চলছে। মন্দির কমিটির সদস্য ভীমকৃষ্ণ দাস জানিয়েছেন, প্রতি বছরের মতো এবছরও এই উৎসব চলছে, আজ পূর্নিমা লাগলেও আগামীকাল মন্দিরে নিয়ম অনুযায়ী পুজা অর্চনা চলবে বলে তিনি জানিয়েছেন। অন্যদিকে গৌরি মঠের এই উৎসবে শামিল হতে পেরে খুশি শহরবাসিরাও। তাদের মধ্য থেকে রঞ্জিত বর্মণ নামে এক ভক্ত বলেন, প্রতি বছর ঝুলন উৎসবে এখানে আসি, এবছরও আসছি, অনেক ভালো লাগছে বলে তিনি মন্তব্য করেন। আরেক ভক্ত ঝুমা ব্যানার্জি বলেন, এই প্রথমবার আসলাম ঝুলন যাত্রায়, খুব ভালো লাগলো। জমিদার পাড়ায় ঝুলন যাত্রা উপলক্ষ্যে খিচুড়ি প্রসাদ বিতরণ করা হয়।

ফের গঙ্গা ভাঙনে আতঙ্ক মুর্শিদাবাদে

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৩১ আগস্ট ঃ বৃহস্পতিবার সকাল থেকে মুর্শিদাবাদ জেলার সামশেরগঞ্জ থানার বোগদাদনগর গ্রাম পঞ্চায়েতের মহেশটোলা গ্রামে ভয়াবহ গঙ্গা নদীর ভাঙন শুরু হয়েছে। সকাল সাড়ে আটটা থেকে শুরু হওয়া ভাঙনে দুপুর ১১ টার মধ্যে প্রায় ৩০টি বাড়ি নদী গর্ভে তলিয়ে গেছে বলে গ্রামবাসীরা জানিয়েছেন। ভাঙন আরও বাড়বে বলে গ্রামবাসীরা আশঙ্কা করছেন। প্রসঙ্গত গত প্রায় দুই-আড়াই বছর ধরে মুর্শিদাবাদের সামশেরগঞ্জ ব্লকের বিস্তীর্ণ অঞ্চল গঙ্গা নদীর ভয়াবহ ভাঙনের সম্মুখীন হয়েছে। মহেশটোলা, শিবপুর, প্রতাপগঞ্জ সহ একাধিক গ্রাম গঙ্গা নদীর ভয়াবহ ভাঙনের কবলে পড়ে প্রায় নিশ্চিহ্ন হয়ে যাওয়ার মুখে দাঁড়িয়ে আছে। ওই ওই গ্রামগুলোতে গৃহহীন হয়েছেন প্রায় ২ হাজারের বেশি বাসিন্দা। গঙ্গা নদী গর্ভে তলিয়ে গেছে প্রায় কয়েক হাজার বিঘা জমি। ভাঙন প্রতিরোধের জন্য কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কোনও আর্থিক সাহায্য বরাদ্দ না হলেও মাস দুয়েক আগে মালদা-মুর্শিদাবাদ সফরে গিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সামশেরগঞ্জের নদী ভাঙন প্রতিরোধের জন্য ১০০ কোটি টাকা বরাদ্দ করেছেন। জেলা প্রশাসন সূত্রের খবর, এই মুহূর্তে গঙ্গা নদীতে জল খুব বেশি থাকায় ভাঙন প্রতিরোধের কাজ সেভাবে করা যাচ্ছে না। মহেশটোলা গ্রামের এক বাসিন্দা বলেন, বৃহস্পতিবার সকাল থেকে হঠাৎ করে ভাঙন শুরু হয়েছে। ঘণ্টা দেড়েকের মধ্যে নদীগর্ভে প্রায় ২০-২৫ টি বাড়ি তলিয়ে গেছে। নতুন করে শুরু হওয়া এই ভাঙনে মহেশটোলা গ্রামের বাসিন্দারা দিশাহীন হয়ে পড়েছেন। কিছু বাসিন্দা স্থানীয় প্রাথমিক স্কুলে আশ্রয় নিয়েছেন। গোবিন্দ সরকার নামে গ্রামের এক বাসিন্দা বলেন, আমরা জানি রাজ্য সরকারের তরফ থেকে ভাঙন প্রতিরোধের জন্য ১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। কিছুদিন আগে আমরা দেখলাম নদীতে যখন জল বাড়ছিল সেই সময় কিছু বালির বস্তা ফেলে ভাঙন প্রতিরোধের কাজ করার চেষ্টা হয়েছিল। কিন্তু বোল্ডার দিয়ে কাজ না করলে সামশেরগঞ্জে গঙ্গা নদীর ভাঙন প্রতিরোধ করা অসম্ভব। বোগদাদনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান নাজমিরা বিবি বলেন, আজ সকাল থেকে শুরু হওয়া ভাঙনে প্রায় ৩০টি বাড়ি নদী গর্ভে তলিয়ে গেছে। এর পাশাপাশি ২-৩ বিঘা জমিও নদী গর্ভে তলিয়ে গেছে। তিনি জানান, নদী ভাঙনে মহেশটোলা-ধুলিয়ান রাজ্য সড়ক এর আগেই ক্ষতিগ্রস্ত হয়েছিল। নতুন করে আজকের ভাঙনে রাস্তাটির আরও ক্ষতি হওয়ায় ওই পথ দিয়ে যান চলাচল পুরোপুরি বন্ধ করে দেওয়া হয়েছে। প্রশাসনের তরফ থেকে আমরা ইতিমধ্যেই ভাঙনে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে ত্রাণ দেওয়ার ব্যবস্থা করছি।

সমাজকর্মী ও নির্মল বন্ধুদের রাখি নারীশক্তির

দুরন্ত বার্তা, নদীয়া, ৩১ আগস্ট ঃ রাখি পূর্ণিমা বা রাখি বন্ধন, সারা দেশজুড়ে শ্রদ্ধার সাথে পালিত হলো এবছরও। দেশের বিভিন্ন প্রান্তে সকল সামাজিক সংগঠন, স্কুল, কলেজ, অফিস সহ সরকারি বেসরকারি সকল দপ্তরেই এই অনুষ্ঠানে সামিল হয় আট থেকে আশি সকলেই। মূলত রাখি বলতে আমরা বুঝি বোন বা দিদি তাদের দাদা বা ভাইয়ের হাতে পরায়। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গে এই রাখিকে আরও কিছু গুরুত্ব দেওয়া হয়। এই রাখি সৌভ্রাতৃত্ব, সম্প্রতির বার্তাবহ হিসেবেও ধরা হয়, যেখানে থাকে না জাতপাতের ভেদাভেদ, ঠিক এমনি এক দৃশ্য দেখা গেল এবছর, নবদ্বীপেও। প্রত্যহ সকালে আমাদের ঘুম থেকে ওঠার আগে যারা উঠে শহরকে পরিচ্ছন্ন করে তোলেন, সেই নির্মল বন্ধু, সমাজ কর্মীদের বাড়িতে গিয়ে রাখি পরিয়ে, মিষ্টিমুখ করিয়ে এক অনন্য নজির গড়লো নবদ্বীপের তুড়াপাড়ার মহিলাদের নারীশক্তি নামক একটি সংগঠন। এদিন বিলেলে সংগঠনের সকলে নবদ্বীপ শহরের নেতাজী সুভাষ রোড এলাকায় সমাজ কর্মীদের বাড়ি বাড়ি গিয়ে তাদের হাতে রাখি পরিয়ে মিষ্টিমুখ করালো তারা। সংগঠনপর তরফে জানায় যাদের জন্য শহর পরিস্কার থাকে, আমাদের সকলের চলাচল করতে কোন অসুবিধা না হয় তার জন্য যারা রাস্তাঘাট পরিচ্ছন্ন করে তোলে আমরা তাদের ভুলে থাকি, কিন্তু এই ভুলে থাকার চিন্তা থেকে বেরিয়ে সকলের সাথে এই রাখি বন্ধনের মাধ্যমে মানবাতার বন্ধনে আবদ্ধ হবার চেষ্টা করেছি। আগামী দিনে বিভিন্ন উৎসব অনুষ্ঠানেও আমরা এদের সাথে একসাথে পালন করবো, সমাজ কর্মী, নির্মল বন্ধুরা শুধু নামেই বন্ধু নয়, তারা যে প্রকৃতই আমাদের বন্ধু এটাই আমাদের বার্তা শহরবাসীর জন্য। নারীশক্তির তরফে নির্মল বন্ধুদের সাথে রাখির অনুষ্ঠান করায় খুশি সকল সমাজ কর্মী, নির্মল বন্ধু। এদিন এছাড়াও সংগঠনের তরফে নবদ্বীপ থানার ভারপ্রাপ্ত আধিকারিক জলেশ্বর তিওয়ারি, সহ সকল পুলিশ কর্মী, নবদ্বীপের পৌরপতি বিমান কৃষ্ণ সাহাকেও রাখি পরিয়ে এই মাঙ্গলিক অনুষ্ঠান পালন করে। মহিলাদের তৈরী সংগঠনের এ হেন উদ্যোগের প্রশংসা করেছেন সকলেই।

কেলেঙ্কারিতে তালা

দুরন্ত বার্তা, কোচবিহার, ৩১ আগস্ট ঃ মহিলা স্বনির্ভর গোষ্ঠীর অফিসে তালা ঝুলিয়ে দিল স্বনির্ভর গোষ্ঠীর মহিলারাই। দিনহাটার ভেটাগুড়ি দুই গ্রাম পঞ্চায়েতের প্রয়াস স্বনির্ভর গোষ্ঠীর অফিসে বৃহস্পতিবার তালা ঝুলিয়ে দেওয়া হয়। এই ঘটনায় ব্যাপক আলোড়ন ছড়িয়ে পড়ে গোটা এলাকায়। প্রয়াস স্বনির্ভর গোষ্ঠীর বর্তমান কমিটির বিরুদ্ধে আর্থিক দুর্নীতির অভিযোগ তুলে এদিন তালা ঝুলিয়ে দেওয়া হয় স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা। আন্দোলনকারী মহিলারাদের দাবি ১৫ বছর ধরে এই কমিটি নানাভাবে আর্থিক কেলেঙ্কারি করে চলছে। বর্তমান কমিটিকে সরিয়ে নতুন কমিটিকে দায়িত্ব দেওয়ার দাবি জানায় তারা। বিক্ষুব্ধ মহিলারা সদস্যরা বিক্ষোভ দেখাতে শুরু করলে ঘটনার খবর পেযে ঘটনাস্থলে ছুটে আসেন গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান। তিনি তাদের সাথে কথা বলেন এবং সকলকে নিয়ে আলোচনার মধ্যে দিয়ে সমস্যা সমাধানের আশ্বাস দেন। এরপর আন্দোলনকারী মহিলারা বিক্ষোভ তুলে নেন।

মালবাজার ও আলিপুরদুয়ারে রেস্ট হাউস-এর সংস্কার করা

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং. ৮০/ডব্লিউ-২/এপিডিজে; তারিখঃ ২৯-০৮-২০২৩। নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ **টেন্ডার নং.ঃ ৩০-এপি-II-২০২৩। কাজের নামঃ**আলিপুরদুয়ার ডিভিশনের মালবাজার ও আলিপুরদুয়ারে রেস্ট হাউস-এর সংস্কার করা। টেন্ডার মূল্যঃ ৫৬,৪৭,৩৫১.১৩ টাকা; বায়নার ধনঃ ১,১৩,০০০.০০ টাকা। **ই-টেন্ডার বন্ধ হবে** ২৭-০৯-২০২৩ তারিখের ১৩.০০ ঘন্টায় এবং **খোলা হবে** ২৭-০৯-২০২৩ তারিখের ১৫.০০ ঘন্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য **http://www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডিআরএম (ওয়ার্কস), আলিপুরদুয়ার জং.

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

Cooch Behar Municipality

TENDER NOTICE

The Chairman of Cooch Behar Municipality invites e-tender for "Construction of Paver Block approach in front of Cooch Behar Municipality Office" vide **e NIT No. COOCH BEHAR/PWD/33/23-24 (2 nd Call), Tender Id No.-2023_MAD_561992_1.** eTender submission end date **-16/09/23.** Details information will be available from the website – (i) **http://wbtenders.gov.in**
(ii) **www.coochbeharmunicipality.com**

Sd/-Chairman,
Cooch Behar Municipality.

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDERS

ABRIDGED NIT

The **Executive Engineer (Water Supply/GRWW), KMC** invites e-tender for the following works:

1. NIT No.: **KMC/EE/WS/GRWW/23-24/PH-II/02**
Name of work: **Improvement of gear arrangement system by modification of gear assembly and allied works for smooth and trouble free rotation of scraper of Flocculator No. 8 at WTP-III, GRWW.** Estimated Amount: **Quotation**. Earnest Money: ₹ **5,353.00**. Period of Completion: **15 days**.

2. NIT No.: **KMC/EE/WS/GRWW/23-24/PH-II/10**
Name of work: **Replacement of existing damaged rotating assembly by Repaired Standby Rotating Assembly with allied works of Pump Unit No. 2 at CWPS-III, GRWW.** Estimated Amount: **Quotation**. Earnest Money: ₹ **7,370.00**. Period of Completion: **15 days**.

3. NIT No.: **KMC/EE/WS/GRWW/23-24/PH-II/12**
Name of work: **Dismantling, repairing, re-fixing and painting of Waste Water Outlet Gates of filter bed no. 7 & 8 and with other allied works of WTP-III, GRWW.** Estimated Amount: **Quotation**. Earnest Money: ₹ **2,630.00**. Period of Completion: **12 days**. Last Date and time of receipt/opening of Tender (Online): **19.09.2023 at 2 p.m./21.09.2023 at 2 p.m.** (for Sl.No. 1 & 3) & **23.09.2023 at 2 p.m./26.09.2023 at 2 p.m.** (for Sl.No. 2). The bid forms and other details will be available shortly from the website **https://etender.wb.nic.in** (for Sl.No. 1 to 3).

The **Executive Engineer (WS)/(TPS), KMC** invites tender online in two bid system for the following works:

1. NIT No.: **KMC/WS/TPS/27/2023-2024**
Name of work: **Preventive maintenance of LT Electrical Installation of station number two of Tallah Pumping Station.** Estimated Amount: ₹ **2,93,364.00**. Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **180 days**.

2. NIT No.: **KMC/WS/TPS/29/2023-2024**
Name of work: **Operation of 0.625 MGH Pumps of station number one at Tallah Pumping Station.** Estimated Amount: ₹ **2,88,932.00**. Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **120 days**. Last date and time of submission of bid: **16.09.2023 up to 2 p.m.** (for Sl.No. 1) & **13.09.2023 up to 2 p.m.** (for Sl.No. 2). For detail information please visit website: **https://wbtenders.gov.in** (for Sl.No. 1 & 2).

The **Executive Engineer (WS)/ARSM SQ., KMC** invites tender online in two bid system for the following works:

1. NIT No.: **KMC/WS/ARSM/12/2023-24**
Name of work: **Maintenance of 6000 volt rating high voltage Electrical appliances of Auckland Square Booster Pumping Station.** Estimated Amount: ₹ **2,45,584.00**. Earnest Money: ₹ **4,920.00**. Period of Completion: **60 days**.

2. NIT No.: **KMC/WS/ARSM/11/2023-24**
Name of work: **Supply & installation of A.C. machines in ht switch gear room and control panel room at Auckland Sq. BPS.** Estimated Amount: ₹ **2,86,386.00**. Earnest Money: ₹ **5,730.00**. Period of Completion: **10 days**. Last date and time of submission of bid: **16.09.2023 up to 2 p.m.** (for Sl.No. 1 & 2). For detailed information please visit website: **https://wbtenders.gov.in** (for Sl.No. 1 & 2).

The **E. E. (E)/Ltg, Z-V, Br-XIV, KMC** invites tender online percentage rate two bid systems for the following works:

1. NIT No.: **LTG/XIV/52/23-24/130 (1st Call)**
Name of work: **Installation of street lighting system at Unique Park, Debalaya and other areas in Ward No.-130.** Estimated Amount: ₹ **4,49,918.00**. Earnest Money: ₹ **9,000.00**. Period of Completion: **21 days**.

2. NIT No.: **LTG/XIV/53/23-24/130 (1st Call)**
Name of work: **Repairing and replacement of the street lighting system at Netaji Subhash Road, Kajipara and other areas in Ward No.-130.** Estimated Amount: ₹ **4,49,658.00**. Earnest Money: ₹ **9,000.00**. Period of Completion: **21 days**.

3. NIT No.: **LTG/XIV/54/23-24/130 (1st Call)**
Name of work: **Repairing and replacement of the street lighting system at Becharam Chatterjee Road, Pancho Shakti and other areas in Ward No.-130.** Estimated Amount: ₹ **4,49,582.00**. Earnest Money: ₹ **9,000.00**. Period of Completion: **21 days**.

4. NIT No.: **LTG/XIV/57/23-24/129 (1st Call)**
Name of work: **Development of street lighting system by led light fittings at H.M. Road, Nabapally, Senpally, Adarshanagar, Shyamsundar Pally and other areas in Ward No.-129.** Estimated Amount: ₹ **4,98,912.00**. Earnest Money: ₹ **10,000.00**. Period of Completion: **15 days**.

5. NIT No.: **LTG/XIV/55/23-24/130 (1st Call)**
Name of work: **Improvement of street lighting system at Lal Prachir, Dhalipara, Goalapara & other areas in Ward No.-130.** Estimated Amount: ₹ **4,77,012.00**. Earnest Money: ₹ **9,600.00**. Period of Completion: **21 days**. Last date and time of submission of bid: **09.09.2023 (5 p.m.)** (for Sl.No. 1 to 5). The bid forms and other details are available on & from **01.09.2023 (5 p.m.)** from the website **https:etender.wb.nic.in** (for Sl.No. 1 to 5).

The **E. E. (Electrical)/Lighting, Zone-VI, KMC** invites tender online two bid system for following work:
NIT No.: **KMC/EE(E)/Z-VI/143/23/23-24**
Name of work: **Operation and maintenance work of street lighting system in Ward No.-143 under Br-XVI.** Estimated Amount: ₹ **4,98,671.00**. Earnest Money: ₹ **10,000.00**. Period of Completion: **366 days**. Last date and time of submission of bid: **12.09.2023 – 12 noon.** Date & Time of tender opening for Technical Purpose: **14.09.2023 – 12 noon.** The bid forms and other details are available on **01.09.2023 (6 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **E. E. (Water Supply), (MGPS & WPS), KMC** invites E-tender online in 2 bid system for following works:

1. NIT No.: **KMC/WS/MGPS/07/2023-24**
Name of work: **Restoration of Bush Bearing including fitting fixing of newly supplied stuffing box bush of 0.625 MGH Pump Unit No. 7 at Mullick Ghat Raw Water Pumping Station.** Estimated Amount: ₹ **2,94,265.82**. Earnest Money: ₹ **5,890.00**. Period of Completion: **25 days**.

2. NIT No.: **KMC/WS/MGPS/08/2023-24**
Name of work: **Restoration of mostly damaged South West Corner Outer Wall including support of adjacent window of Pump House at Mullick Ghat Pumping Station.** Estimated Amount: ₹ **2,66,792.79**. Earnest Money: ₹ **5,340.00**. Period of Completion: **20 days**.

3. NIT No.: **KMC/WS/MGPS/09/2023-24**
Name of work: **Installation of pressure points on different distribution pipelines including laying of manifold chamber dewatering pipeline and Air Valve Cover at Mullick Ghat Raw Water Pumping Station.** Estimated Amount: ₹ **2,71,848.68**. Earnest Money: ₹ **5,440.00**. Period of Completion: **20 days**. Last date and time of submission of bid (online): **22.09.2023 up to 2 p.m.** (for Sl.No. 1 to 3). The bid forms and other details will be available shortly from the website **https://etender.wb.nic.in** (for Sl.No. 1 to 3).

The **D.G. (Bustee), KMC** invites tender online percentage rate two bid system for the following work:
NIT No.: **KMC/EEBS/HQ/III/29/23-24/092 (1st Call)**
Name of work: **Repairing of bustee sanitary latrine at 42, 86, 103 Narkeldanga North Road and others slum area in Ward No.-29, Br-III.** Estimated Amount (Incl. GST & CESS): ₹ **4,99,420.19**. Earnest Money: ₹ **10,000.00**. Period of Completion: **120 days**. Last date and time of submission of bid: **12.09.2023 up to 11 a.m.** Bid opening date and time for Technical Proposals: **14.09.2023 at 11 a.m.** The bid forms and other details are available on and from **01.09.2023 (5 p.m.)** from the website **http://wbtenders.gov.in** & **https://www.kmcgov.in**

The **Director General (S&D), KMC** invites tender online percentage rate two bid system for following works:

1. NIT No.: **S_D/CE/BRIX/SDR/1023**
Name of work: **Urgent replacement of manhole cover with frame and repairing of Shaft at C.G.R. Road, Satya Doctor Road, D.H. Road under Br-IX.** Estimated Cost (Incl. CESS): ₹ **4,87,874.41**. Earnest Money: ₹ **9,800.00**. Period of Completion: **21 days**.

2. NIT No.: **S_D/CEN/BRIX/NEWR/1123**
Name of work: **Construction of G.P & C.P at Burdwan Road with allied works and one sewer connection at the crossing of new road & Burdwan Road in Ward No.-74 under Br-IX.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **4,94,141.30**. Earnest Money: ₹ **9,900.00**. Period of Completion: **21 days.** Bid submission start date (online): **01.09.2023 at 2 p.m.** (for Sl.No. 1 & 2). Last date and time of submission of bid (online): **09.09.2023 up to 2 p.m.** (for Sl.No. 1 & 2). The bid documents and other details will be available in the website **https://etender.wb.nic.in** on and from **01.09.2023 at 2 p.m.** (for Sl.No. 1 & 2).

663/23-24

চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস্

ওপেন ই-টেন্ডার বিজ্ঞপ্তি

নিম্নলিখিত ই-টেন্ডারগুলি **www.ireps.gov.in** লিংকের অধীনে অ্যাক্সেস করা যাবে। লিংক **www.ireps.gov.in→login→E-Tender Stores/Supply** অ্যাক্সেস করে কেবলমাত্র ইলেকট্রনিক্যালি এরূপ ই-টেন্ডারের জন্য অফার জমা করা যাবে। নির্দিষ্ট টেন্ডার সম্পর্কিত স্পষ্টীকরণ অথবা আইআরইপিএস সম্পর্কিত তথ্য, যদি থাকে, পাওয়ার জন্য ভেন্ডরগণ নিম্নলিখিত আধিকারিকদের সঙ্গে যোগাযোগ করতে পারেনঃ ডেপুটি সিএমএম/এইচকিউ/সিএলডব্লু/চিত্তরঞ্জন, ০৩৪১-২৫২৫৫৯৪ অথবা এসএমএম/কন/এইচকিউ, ০৩৪১-২৫৩৫৬৩১, **অফিসের ঠিকানাঃ** পিসিএমএম/সিএলডব্লু/চিত্তরঞ্জন-এর অফিস। **[ক]. নং. সিওএস/সিআরজে/পিইউবি/ই-টেন্ডার/১৯/০১৬২ তারিখঃ ২৬/০৮/২০২৩। ক্রমিক নং.ঃ [১]। টেন্ডার নংঃ ৭৫২৩৪১২৮এ। আইটেমের সংক্ষিপ্ত বিবরণঃ** সংলগ্ন সেট বিবরণ অনুযায়ী ড্রইং/স্পেসি. নং., ক্যাটেগরি নং. আর/৯/০১৪১ অনুযায়ী **ডব্লুএজি-৯এইচসি লোকোর জন্য ফেব্রিকেটেড আইটেমের সেট [ওয়ারেন্টি সময়সীমাঃ** ডেলিভারির তারিখের পরে ৩০ মাস]। **পরিমাণঃ ১৬৩.০০ সেট। বায়না মূল্য জমা (টাকা)ঃ** ০.০০। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় (আইএসটি)ঃ ২৬/০৯/২০২৩ তারিখ সকাল ১১টা। [খ]. নং. সিওএস/সিআরজে/পিইউবি/ই-টেন্ডার/১৯/০১৬২ তারিখঃ ২৮/০৮/২০২৩। ক্রমিক নং.ঃ [১]। টেন্ডার নংঃ ৭৫২৩৭৭১০। আইটেমের সংক্ষিপ্ত বিবরণঃ** আরডিএসও ড্রইং নংঃ এসকে.ডিএল-৪৭৪৮ অল্ট-১ অথবা সাম্প্রতিকতম এবং আরডিএসও স্পেসি. নং.ঃ এমপি-০.৪১.০০.০৩ (রেভ.০২) নভেম্বর ২০২২ অথবা সাম্প্রতিকতম অনুযায়ী **লং লাইফ লোকো সাইড বাফার অ্যাসেম্বলী (ক্যাপাসিটিঃ ৩০ কেজে ন্যূনতম)। [ওয়ারেন্টি সময়সীমাঃ** ডেলিভারির তারিখের পরে ৩০ মাস]। **পরিমাণঃ ২৬৮০.০০ টি। বায়না মূল্য জমা (টাকা)ঃ** ২০০০০০০.০০ টাকা। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় (আইএসটি)ঃ ১৮/০৯/২০২৩ তারিখ সকাল ১১টা।**

PR3-139 পিসিএমএম/সিএলডব্লু/চিত্তরঞ্জন

আমাদের লাইক করুন: www.facebook.com/clwrailways

রেইলনেটে সংযোগের ব্যবস্থা করা

ই-টেণ্ডার নং. এসএনটি-১২-এলএমজি -২০২৩-২৪ তারিখঃ ২৯-০৮-২০২৩। নিম্নে উল্লেখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারি দ্বারা ই-টেণ্ডার আহ্বান করা হয়েছেঃ **কাজের নামঃ** লামডিং মণ্ডলের অধীনস্থ কার্যালয় এবং গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানসমূহের জন্যে রেইলনেটে সংযোগের ব্যবস্থা করা। **টেণ্ডার রাশিঃ** ২,২০,০৫,২৯১.৫০/- টাকা। **ডাক সুরক্ষা জমাঃ** ২,৬০,০০০/- টাকা। **ই-টেণ্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ** ২০-০৯-২০২৩ তারিখের ১৫.০০ ঘন্টায় এবং **খোলা যাবেঃ** ২০-০৯-২০২৩ তারিখের ১৫.৩০ ঘন্টায়। বিস্তৃত তথ্যের জন্য অনুগ্রহ করে **www.ireps.gov.in** ওয়েবসাইটে অবলোকন করুন।

ডিএসটিই, লামডিং

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে

"প্রসন্নচিত্তে গ্রাহক পরিবেবায়"

ABRIDGE OFFLINE SHORT TENDER NOTICE

SNIT No.-EE/MID/SNIT-09/2023-24

The Exe. Engg., Malda Irrigation Divn., Green Park, Malda invites Offline Short Notice Tender. Last Date of application **04/09/2023** & Time **up to 12.30 PM.** Tender paper issue Date **04/09/2023** & Time : **from 04:30PM to 05.30PM.** Details may be had from the office of the undersigned. For details visit the site **http://www.wbiwd.gov.in**

Sd/- Executive Engineer
Malda Irrigation Division
Green Park, Malda

CANTONMENT BOARD, BARRACKPORE

MINISTRY OF DEFENCE, GOVT. OF INDIA
77, MIDDLE ROAD, BARRACKPORE, KOLKATA- 700120
Ph.: 2594 8022, e-mail: ceobarr-stats@nic.in, / Website : https://www.barrackpore.cantt.gov.in/

সত্যমেব জয়তে

টেন্ডার নোটিস নং. সিবিবি/ ট্যাক্স/ ২০২২-২০২৩/ ৪০

ক্যান্টনমেন্ট বোর্ড, ব্যারাকপুর আহ্বান করছে ই-টেন্ডার ঠিকাদার/ সংস্থার কাছ থেকে নিম্নে উল্লেখিত কাজ সম্পাদন করার জন্য।

ক্র. নং.	কাজের নাম	টেন্ডার মূল্য	ইএমডি	চুক্তির মেয়াদ
১.	ইনডোর (পুরুষ ও মহিলা ওয়ার্ড) এবং অপারেশন থিয়েটার সহ জেসি বোস জেনারেল হাসপাতাল, ব্যারাকপুরের সমস্ত সুযোগ-সুবিধা প্রদান এবং সমস্ত ধরণের রেডিওলজিক্যাল পরীক্ষা পরিচালনা করার অধিকার প্রদান, এক্স-রে মেশিন, ইসিজি, ইউএসজি, সমস্ত রোগীর জন্য রেডিওলজি পরীক্ষা, আইসিইউ অ্যাম্বুলেন্স, অপারেশন থিয়েটার, পুরুষ ও মহিলা ওয়ার্ড ইত্যাদি এবং ওষুধ, চোখের মতো ওপিডিতে বিশেষজ্ঞ ডাক্তারদের নিয়ুক্তি, ডেন্টিস্ট, পেডিয়াট্রিক্স, স্কিন, গাইনোকোলজিস্ট ইত্যাদি এবং পিপিপি মডেলের অধীনে হোমিওপ্যাথি ডাক্তার এবং ফিজিওথেরাপিস্ট।	₹ ৫০০/-	₹ ২৫০০০/-	০৫ বছর

ই-টেন্ডার নোটিসের বিস্তারিত তথ্যাবলী পাওয়ার ওয়েবসাইট ঃ **https://barrackpore.cantt.gov.in/**এবং ই-নিলাম পরিচালিত হওয়ার ওয়েবসাইট ঃ **https://eauction.gov.in/eauction/** ০৭.০৯.২০২৩ বিকাল ৪.০০ ঘটিকা থেকে।

স্বা /- চিফ এক্সিকিউটিভ অফিসার
ক্যান্টনমেন্ট বোর্ড, ব্যারাকপুর

টলি-বলির টুকরো খবর

‘দেবী চৌধুরানী’র জন্য কড়া হোমওয়ার্ক শ্রাবন্তী চট্টোপাধ্যায়ের

সকালের কলকাতার সৌন্দর্য্যটাই আলাদা। নরম রোদ এসে সমস্ত যেন কালিমা যেন ধুঁয়ে দিচ্ছে তিলোত্তমার মুখ খানি থেকে, আর ঠিক এমনই সকালবেলা মন দিয়ে ঘোড়ার লাগাম ধরা শিখছেন শ্রাবন্তী চট্টোপাধ্যায়। প্রশিক্ষণের প্রথমদিন। তাই সওয়ারির সঙ্গে বন্ধুত্ব করাই প্রথম পাঠ। তবে প্রথমদিনেই প্রশিক্ষকের কাছে ভাল নম্বর পেলেন অভিনেত্রী। আর পাবেন নাই বা কেন, বাধ্য ছাত্রীর মতো সাতসকালে পৌঁছে গিয়েছেন ময়দানের নির্দিষ্ট জায়গায় ঘোড়সওয়ার শিখতে। প্রথমটায় নায়িকা একটি নার্ভাস হলেও সফল তাকে হতেই হবে। প্রসঙ্গত, ‘দেবী চৌধুরানী’র মতো দৌর্দণ্ডপ্রতাপ ঐতিহাসিক চরিত্রে অভিনয় করতে গেলে দরকার কড়া হোমওয়ার্কের। অতঃপর শ্রাবন্তী চট্টোপাধ্যায়ও কোনওপ্রকার ফাঁক রাখছেন না। কারণ, ফিল্মি কেরিয়ারের সবথেকে গুরুত্বপূর্ণ সিনেমার শুটিং করতে চলেছেন তিনি। তাই ইতিমধ্যেই ঘোড়সওয়ারের তালিম নেওয়া শুরু করে দিয়েছেন ময়দানে। শুধু তাই নয়, এই সিনেমার জন্য সোহাগ সেনের কাছে অভিনয়ের ওয়ার্কশপও করবেন শ্রাবন্তী। পিরিয়ডিক ফিল্মের জন্য সেই সময়ের ভাষা, কথা বলার ধরণ শিখতে হবে। ওজন ঝরিয়েছেন অন্তত ১০ কেজি। তিনি যে খেতে খুবই ভালবাসেন, তা ইন্ডাস্ট্রিতে সকলেরই জানা। তাই লোভনীয় খাবার দেখলে আপাতত মেপে-জুখে খেতে হচ্ছে তাঁকে। নভেম্বর থেকে জানুয়ারি অবধি পুরোদস্তুর চলবে দেবী চৌধুরাণীর শুটিং। উল্লেখ্য ‘দেবী চৌধুরানী’র রিয়েল লাইফ ‘মেন্টর’ প্রসেনজিত চট্টোপাধ্যায়কে দেখা যাবে ভবানী পাঠকের ভূমিকায়।

‘ডক্টর উজান’ এ বার তেজেশ কুমার! খলনায়ক হয়ে ছোট পর্দায় ফিরছেন ঋষি কৌশিক

তিনি কখনও ডক্টর উজান চট্টোপাধ্যায়, কখনও অর্চিস্মান মুখোপাধ্যায়, কখনও আবার এসিপি রণজয় চট্টোপাধ্যায়। ঋষি কৌশিককে এত দিন দর্শক এমনই কিছু চরিত্রে দেখে এসেছেন। যে চরিত্রের প্রেমে বার বার পড়েছে মেয়েরা। তবে অনেক দিন হল পর্দায় নায়ককে দেখেননি দর্শক। বহু দিন পর আবারও ছোট পর্দায় দেখা যাবে ঋষিকে। তবে এ বার একটু অন্য ভাবে। অনেক দিন ধরেই শোনা যাচ্ছিল হিন্দি সিরিয়াল তৈরি করছেন লীনা গঙ্গোপাধ্যায়। সেপ্টেম্বর থেকেই শুরু হওয়ার কথা সেই সিরিয়ালের। এই নতুন হিন্দি সিরিয়ালে নেতিবাচক চরিত্রে দেখা যাবে তাঁকে। লীনার নতুন সিরিয়ালের নাম ‘ঝনক’। ছোট পর্দার নতুন খলনায়ক হিসাবে দেখা যাবে ঋষিকে। চরিত্রের নাম তেজেশ কুমার। ঋষিকে বহু বছর আগে এক বারই খলনায়কের চরিত্রে দেখেছেন দর্শক। ‘ক্রান্তি’ ছবিতে। তাও নয় নয় করে কেটে গিয়েছে ১৭ বছর। এই কয়েক বছরে ছোট পর্দার রোম্যান্টিক হিরো হিসাবে নিজেকে প্রতিষ্ঠা করেছেন ঋষি। এ বার খলনায়কের চরিত্রে অভিনয় করার জন্য তিনি কতটা প্রস্তুত? ঋষি বলেন, আসলে আমি তো এখনও শুটিং শুরু করিনি। জানি যে আমার চরিত্রটা নেতিবাচক। এর থেকে বেশি চরিত্রটা সম্পর্কে আমার কোনও ধারণা নেই। এমনিতে কি খলনায়করা ঋষিকে আকর্ষিত করে? এই প্রসঙ্গে অভিনেতার উত্তর, খলনায়ক এবং অসৎ চরিত্রের মধ্যে একটা পার্থক্য আছে। সাধারণ গুন্ডা-বদমাইশের থেকে যার একটা আলাদা সত্তা আছে, তেমন চরিত্র আমার ভাল লাগে। এই সিরিয়ালে ঋষি ছাড়াও রয়েছেন ভরত কল, ক্রুশল অহুজা-সহ একাধিক মুম্বইয়ের অভিনেতা। কলকাতাতেই হবে সিরিয়ালের শুটিং। খুব শীঘ্রই স্টার প্লাসে সম্প্রচারিত হবে লীনার নতুন সিরিয়াল। কলকাতায় হবে তিন দিনের শুটিং। তার পর কাশ্মীর এবং মুম্বই মিলিয়ে হবে নতুন গল্পের শুটিং।

‘জওয়ান’ মুক্তির আগেই ভক্তদের সারপ্রাইজ নায়িকার

বৃহস্পতিবার, শাহরুখ খান ভক্তদের জন্য এক খুশির দিন। দীর্ঘ অপেক্ষার পর প্রকাশ্যে এল ‘জওয়ান’ ছবির পরবর্তী ট্রেলার। শাহরুখ খান বর্তমানে দুবাইতে। আর আগেই ভারতের বুকে এখন ভক্তমনে উন্মাদনা তুঙ্গে। ঠিক এক সপ্তাহ পর মুক্তি পেতে চলেছে ‘জওয়ান’। চলতি বছরে এটি শাহরুখ খানের দ্বিতীয় ছবি। প্রথম ছবি ‘পাঠান’-এ শাহরুখ খান যে মাত্রায় হিট উপহার দিয়েছেন, তা কোথাও গিয়ে যেন দর্শকদের মনে আশা এক ধাক্কায় অনেকটাই বাড়িয়ে দিয়ে যায়। তারপর থেকেই সকলেই তাকিয়ে ছিলেন ‘জওয়ান’ ছবির দিকে। এমনই সময় প্রকাশ্যে আসা ছবির ট্রেলার নিয়ে চর্চা তুঙ্গে। ছবিতে শাহরুখের বিপরীতে মুখ্যভূমিকায় অভিনয় করতে দেখা যাবে দক্ষিণী অভিনেত্রী নয়নতারাকে। নয়নতারা বরাবরই সোশ্যাল মিডিয়া থেকে দূরে থাকেন। তাই সোশ্যাল মিডিয়ায় তাঁর সেভাবে উপস্থিতি লক্ষ্য করা যায় না। যদিও ফ্যানপেজ থেকে একাধিকবার তাঁর ছবি পোস্ট হয়ে থাকে। তবে এবার আর হাত ঘুরে নয়, নিজের নিজের সকল আপডেট হাতে গরম ভক্তদের দিতে সোশ্যাল মিডিয়ায় হাজির হন নয়নতারা। বৃহস্পতিবার অর্থাৎ ৩১ আগস্ট নিজের ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট খুললেন নয়নতারা। না, কেবল অ্যাকাউন্ট খোলা নয়, সঙ্গে পোস্ট করলেন একটি ছবিও। কোলে তাঁর দুই সন্তান। মুহূর্তে সেই ছবি সোশ্যাল মিডিয়ায় হয়ে উঠল ভাইরাল। ভক্তরা তাঁকে সোশ্যাল মিডিয়ায় স্বাগত জানাল। ‘জওয়ান’ ছবির প্রচারের মুখে এসে বড় সিদ্ধান্ত নিলেন অভিনেত্রী।

‘কখনওই নারীত্বের সংজ্ঞা নও’, বয়স অকপটে জানালেন শ্রীলেখা

মাস খানেক আগের ঘটনা। বাংলাদেশে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে হাজির ছিলেন ঋতুপর্ণা সেনগুপ্ত। সেখানেই এক সাংবাদিক তাঁকে প্রশ্ন করেন, ৫২ বছর বয়সেও আপনি কী করে এত সুন্দর? প্রশ্ন শুনে বেশ অস্বস্তিতে পড়েন তিনি। হেসে ব্যাপারটা হালকা করতে চান প্রথমে। তবুও ওই সাংবাদিক থামেননি। ঋতুপর্ণাকে বলতে শোনা যায়, হিরোইনদের বয়স জিজ্ঞাসা করতে নেই। মেয়েদের বয়স কেন জিজ্ঞাসা করছেন? ছেলেদের মাইনে আর মেয়েদের বয়স কখনও জানতে নেই। ওই প্রশ্নটি যদি বাদ দেওয়া না হয়, তবে তিনি ওই সাংবাদিক সম্মেলন ছেড়ে বেরিয়ে যাবেন বলেও জানান ঋতুপর্ণা। এবার কি সেই প্রসঙ্গ টেনে নাম না করে ঋতুপর্ণাকে খোঁচা দিলেন শ্রীলেখা মিত্র? গতকাল অর্থাৎ বুধবার জন্মদিন ছিল শ্রীলেখার। তাঁর শরীর ভাল নেই। জ্বরে আক্রান্ত তিনি। এরই মধ্যে এক পোস্টে শ্রীলেখা লেখেন, শুনলাম হিরোইনদের নাকি বয়স বাড়ানো, কেন তাড়া কি অন্য গ্রহের প্রাণী? জানি না ভাই, আমি তো ৫০ পূর্ণ করে কাল ৫১-য়ে পা হাত মাথা, শরীর দিলাম, যদিও মনের বয়স ১৫ বছর। বয়স বাড়া খুব স্বাভাবিক একটি প্রক্রিয়া। বয়স বাড়ার এই প্রক্রিয়াকে উপভোগ করা উচিত। আমার খারাপ লাগে যখন দেখি মেয়েরা বয়স লুকোচ্ছে। যে সমস্ত সমালোচক একজন হিরোইনকে তাঁদের বয়সের নিরিখে বিচার করে থাকেন, ভগবান তাঁদের সুস্থতা দিক। ওদের জন্যই মেয়েরা বয়স লুকিয়ে যেতে বাধ্য হয়। এখানেই না থেমে তিনি আরও যোগ করেন, খারাপ লাগে ওই মহিলাদের জন্য। তোমরা কখনওই নারীত্বের সংজ্ঞা হতে পার না। শ্রীলেখার এই মন্তব্যে সহমত অনেকেই। হিরোইন মানেই যে বয়স লুকিয়ে রাখতে হবে এই কনসেপ্টে বিশ্বাসী নন স্বস্তিকা মুখোপাধ্যায়।

বঃ মারিয়া মন্তেসরির জন্মদিন উপলক্ষ্যে শিক্ষা বিষয়ক আলোচনা সভায় বক্তব্য রাখেন রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের সভানেত্রী সুদেষ্ণা রায়। উপস্থিত ছিলেন উচ্চ শিক্ষা কাউন্সিলের সভানেত্রী সাবিনা ওমর, বি ডি মেমোরিয়ালের প্রিন্সিপাল সুমন সুদ প্রমুখ। জয়েন ফিউচারিস্টিক একাডেমী, নিউটাউনে। ছবি -আশিস কুমার ঘোষ

দেশকে বাঁচানোই ‘ইন্ডিয়া’ জোটের প্রাথমিক লক্ষ্য ঃ ডি রাজা

মুম্বই, ৩১ আগস্ট ঃ দেশকে বাঁচানোই ‘ইন্ডিয়া’ জোটের প্রাথমিক লক্ষ্য। মুম্বইয়ে বিরোধীদের তৃতীয় বৈঠকের প্রাক্কালে বললেন সিপিআই-এর সাধারণ সম্পাদক ডি রাজা। বৃহস্পতিবার সকালে মুম্বইয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে ডি রাজা বলেছেন, ইন্ডিয়া জোটের প্রাথমিক লক্ষ্য হল দেশকে বাঁচানো। সংবিধান, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ফেডারেলিজম বাঁচাতে সম্মিলিতভাবে লড়াই করা এবং বিজেপিকে পরাজিত করা। দেশ বড় সমস্যার মধ্যে পড়েছে। দেশ একাধিক সংকটের মধ্যে রয়েছে এবং দেশকে বিজেপি-আরএসএস মিলিত কবল থেকে মুক্ত করতে হবে। এটাই বিরোধীদের একত্রিত হওয়ার প্রাথমিক লক্ষ্য... আমরা নিশ্চিত যে বিজেপিকে ক্ষমতা থেকে সরিয়ে দেওয়া হবে। সিপিআই-এর সাধারণ সম্পাদক ডি রাজা আরও বলেছেন, ভারত একটি গণতন্ত্র। প্রধানমন্ত্রী মোদী বলেছেন, ভারত গণতন্ত্রের জননী। আর গণতন্ত্রের মা মানে মায়ের সন্তান। যে কোনও শিশুই প্রধানমন্ত্রী হতে পারে। কিন্তু বিজেপি এই প্রশ্নটি তুলছে কারণ তাঁরা মরিয়া। বিরোধী দলগুলিকে প্রশ্ন করার জন্য তাঁদের কাছে কোনও ইস্যু নেই এবং আমরা জানি বিরোধী দলগুলি সম্মিলিতভাবে যে কোনও বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য যথেষ্ট পরিপক্ক। ইন্ডিয়া জোটের বৈঠকে যোগ দিতে এদিন মুম্বইয়ের গ্র্যান্ড হায়াত হোটেলে পৌঁছন ডি রাজা। সেখানে তাঁকে স্বাগত জানান উদ্ধব ঠাকরে শিবিরের শিবসেনা নেতা সঞ্জয় রাউত। সঞ্জয় রাউত এদিন জোর দিয়ে বলেন, বিরোধীদের ইন্ডিয়া জোট এগিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে আমাদের শক্তি দেখে চিন সীমান্ত থেকে পিছিয়ে যেতে শুরু করবে।

মালয়েশিয়ার ৬৬ তম স্বাধীনতা দিবস

কুয়ালালামপুর, ৩১ আগস্ট ঃ সাড়ম্বরে দেশের ৬৬ তম স্বাধীনতা দিবস উদ্‌যাপন করছে মালয়েশিয়া । ৩১ আগস্ট দেশের স্বাধীনতা দিবস উপলক্ষ্যে সমগ্র মালয়েশিয়া জুড়ে বিরাজ করছে উৎসবের আমেজ। করোনা মহামারির কারণে বিগত তিনটি বছর বিধি-নিষেধের কারণে জাঁকজমকভাবে স্বাধীনতা দিবস উদ্‌যাপন করতে না পারায় এবারের স্বাধীনতা দিবসে থাকছে ভিন্ন মাত্রা। ১৯৫৭ সালের ৩১ আগস্ট আমেরিকার কাছ থেকে স্বাধীনতা অর্জন করে মালয়েশিয়া। করোনাভাইরাস মহামারির কারণে নানা বিধি-নিষেধ থাকায় গত তিনটি বছর মালয়েশিয়ার স্বাধীনতা দিবসে কোনও অনুষ্ঠান হয়নি। তবে, এবার ৬৬ তম স্বাধীনতা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে রাস্তাজুড়ে উড়ছে নীল, লাল ও হলুদ রঙের মালয়েশিয়ান পতাকা। রাজধানী কুয়ালালামপুর শহরও ছেয়ে গেছে নানা বর্ণের ব্যানার ও ফেস্টুনে। মালয়েশিয়ার ইতিহাসে শ্রেষ্ঠতম গৌরব ও অহংকারের দিন এটি। এদিন জাতীয় দিবসের প্যারেডে সকাল থেকে মানুষের ঢল নামে। বৃহস্পতিবার মালয়েশিয়ার প্রশাসনিক রাজধানী পুত্রাজায়ায় স্থানীয় সময় সকাল ৮টায় শুরু হয় স্বাধীনতা দিবসের অনুষ্ঠান। প্রতি বছর কুয়ালালামপুর শহরের প্রাণ কেন্দ্র দাতারান মারদেকায় (স্বাধীনতা চত্বর) দিবসটি উদ্‌যাপন করলেও গত বছরের ন্যায় এবারও উদ্‌যাপিত হচ্ছে প্রশাসনিক রাজধানী পুত্রাজায়ায়। তবে দাতারান মারদেকা মাঠ এবং কেএলসিসি পার্কে রাতভর ছিল সাধারণ মানুষের পাশাপাশি বিদেশীদের সরগরম উপস্থিতি। এ সময় প্রভাত ফেরিতে উপস্থিত ছিলেন রাজা ইয়াং আল সুলতান আব্দুল্লাহ রি আয়াত উদ্দিন আল-মোস্তফা বিল্লাহ শাহ, প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম, ডেপুটি প্রধানমন্ত্রী আহমদ জাহিদ হামিদি, দাতুক সেরি ফাদিল্লাহ ইউসুফসহ মন্ত্রী পরিষদের সদস্যরাসহ দেশটির অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তারা। স্কুলছাত্রদের থেকে শুরু করে সরকারি ও বেসরকারি খাতের কর্মচারীদের ১৮ হাজারেরও বেশি লোক প্যারেডে অংশগ্রহণ করে। যা আটটি বিভাগে বিভক্ত ছিল।

শ্রী অমর প্রকাশ দ্বিবেদী, জেনারেল ম্যানেজার, পূর্ব রেলওয়ে শিয়ালদহে ট্রেন ম্যানেজমেন্ট সিস্টেম (টিএমএস) কমিশন করেছেন।

উন্নয়নমূলক কাজের কারণে ট্রেনের নিয়ন্ত্রণ চক্রধরপুর ডিভিশনে

কলকাতা, ৩১ আগস্ট ঃ দক্ষিণ-পূর্ব রেলওয়ের চক্রধরপুর ডিভিশনে উন্নয়নমূলক কাজের জন্য ট্রাফিক-কাম-পাওয়ার ব্লকের পরিপ্রেক্ষিতে, নিম্নোক্ত ট্রেনগুলিকে নিয়ন্ত্রিত করা হবে । ট্রেন বাতিলঃ ১৮৬০১ / ১৮৬০২ টাটানগর-হাতিয়া- টাটানগর এক্সপ্রেস ০৩.০৯.২০২৩ তারিখে বাতিল থাকবে। ১৩৫১১ / ১৩৫১২ টাটানগর-আসানসোল-টাটানগর এক্সপ্রেস ০৩.০৯.২০২৩ তারিখে বাতিল থাকবে। ১৩৩০১/ ১৩৩০২ ধানবাদ-টাটানগর-ধানবাদ এক্সপ্রেস ০৩.০৯.২০২৩ তারিখে বাতিল থাকবে। ০৮১৫২/ ০৮১৫১ বারকাকানা-টাটানগর-বারকাকানা স্পেশাল ০৩.০৯.২০২৩ তারিখে বাতিল থাকবে। ট্রেনের সংক্ষিপ্ত সমাপ্তি / সংক্ষিপ্ত উৎপত্তি ঃ ০৮১৭৩ / ০৮১৭৪ আসানসোল-টাটানগর-আসানসোল মেমু স্পেশাল, ০৩.০৯.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা, পুরুলিয়া থেকে উদ্ভূত / সংক্ষিপ্ত সময়ে শেষ হবে। ট্রেনের পুনঃনির্ধারণ ঃ ১৮১০১ টাটানগর-জম্মু তাভি এক্সপ্রেস, ০৩.০৯.২০২৩ তারিখে যাত্রা শুরু, টাটানগর থেকে ১৭.০৫ ঘন্টার পরিবর্তে ১৮.০৫ টায় ছাড়বে।

ছত্তিসগড় সফরে রাষ্ট্রপতি, রায়পুরে সূচনা করলেন ইতিবাচক পরিবর্তনের বছর

রায়পুর, ৩১ আগস্ট ঃ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বৃহস্পতিবার ছত্তিশগড়ের রায়পুরে প্রজাপিতা ব্রহ্মা কুমারী ঈশ্বরীয়া বিশ্ববিদ্যালয়ে ইতিবাচক

পরিবর্তনের বছর-এর রাজ্য স্তরের কর্মসূচির সূচনা করেছেন। এই অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেছেন, দৃঢ় সংকল্প ও নিরন্তর প্রচেষ্টার জোরে নারী নেতৃত্বাধীন ব্রহ্মা কুমারী সংগঠন জনকল্যাণের চেতনা নিয়ে ক্রমাগত এগিয়ে যাচ্ছে এবং বিশ্বের উন্নতিতে অমূল্য অবদান রাখছে। রাষ্ট্রপতির কথায়, প্রতিটি শিশু, যুবক ও বয়স্কদের কাছে একটি কথা বলতে চাই, নিজের ভেতরের শক্তির বিকাশ ঘটাতে, নিজের আগ্রহ অনুযায়ী ইতিবাচক কাজ করতে থাকুন এবং সবসময় ইতিবাচক চিন্তা ও ভালো সঙ্গ নিয়ে থাকুন। এমন মানুষজনের মধ্যে থাকুন যারা আপনাকে সঠিক পথে চলতে অনুপ্রাণিত করে এবং আপনাকে এগিয়ে যেতে সহায়তা করে। ছত্তিশগড় সফর সম্পর্কে রাষ্ট্রপতি বলেছেন, রাষ্ট্রপতি হিসেবে ছত্তিশগড়ে এসে আমার রাজ্যবাসীর সঙ্গে দেখা করার ইচ্ছা আজ পূরণ হয়েছে। একটি প্রবাদ আছে - ‘‘ছত্তিশগড়িয়া সব লে বাদিয়া’’ - এবং এই ধরনের বাণীর মাধ্যমে শতাব্দীর পর শতাব্দী ধরে চলে আসা সত্যকে নিছক কথায় বলা হয়। এদিনের অনুষ্ঠানে ছত্তিশগড়ের রাজ্যপাল বিশ্বভূষণ হরিচন্দন ও মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল উপস্থিত ছিলেন।

সংস্কৃতের সঙ্গে ভারতের একটি বিশেষ সম্পর্ক রয়েছে ঃ প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ৩১ আগস্ট ঃ বিশ্ব সংস্কৃত দিবসের শুভেচ্ছা বিনিময় করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার সকালে প্রধানমন্ত্রী মোদী টুইট (এক্স) করেছেন, যারা সংস্কৃত সম্পর্কে উৎসাহী ও অনুরাগী, তাঁদের অভিবাদন। সংস্কৃতের সঙ্গে ভারতের বিশেষ সম্পর্ক রয়েছে। প্রতিবছর ৩১ আগস্ট দিনটি বিশ্ব সংস্কৃত দিবস হিসেবে উদ্‌যাপিত হয়। বিশেষ এই দিনে প্রধানমন্ত্রী মোদী টুইট বার্তায় জানিয়েছেন, বিশ্ব সংস্কৃত দিবসের শুভেচ্ছা। যারা সংস্কৃত সম্পর্কে উৎসাহী ও অনুরাগী, তাঁদের অভিবাদন। সংস্কৃতের সঙ্গে ভারতের বিশেষ সম্পর্ক রয়েছে। এই মহান ভাষা উদ্‌যাপন করতে, আমি আপনাদের সকলকে সংস্কৃতে একটি বাক্য ভাগ করে নেওয়ার জন্য অনুরোধ করছি। প্রসঙ্গত, প্রাচীন ভারতীয় ভাষার মধ্যে অন্যতম হল সংস্কৃত। এই ভাষার প্রচার ও প্রসারের লক্ষ্যে প্রতিবছর ৩১ আগস্ট দিনটি বিশ্ব সংস্কৃত দিবস হিসেবে উদ্‌যাপিত হয়।

জাপান সাগরে মিসাইল ছুঁড়ল উত্তর কোরিয়া, যুদ্ধপ্রস্তুতি কিমের

উত্তর কোরিয়া, ৩১ আগস্ট ঃ কোরীয় উপত্যকায় ঘনাচ্ছে যুদ্ধের মেঘ। ফের জাপান সাগরে মিসাইল ছুঁড়ল উত্তর কোরিয়া। প্রতিপক্ষকে কড়া জবাব দিতে কার্যত যুদ্ধের প্রস্তুতি নিচ্ছে পিয়ংইয়ং। উদ্বেগ বাড়িয়ে চলতি বছরে রেকর্ড হারে যুদ্ধাস্ত্র পরীক্ষা করছে কিমের দেশ। উত্তর কোরিয়ার সরকারি সংবাদ সংস্থা কেসিএনএ সূত্রে জানা গিয়েছে, বুধবার গভীর রাতে জাপান সাগরে দুটি ব্যালিস্টিক মিসাইল উৎক্ষেপণ করে উত্তর কোরিয়া। আমেরিকা ও দক্ষিণ কোরিয়ার যৌথ সামরিক মহড়া এখন মাথা ব্যথার কারণ হয়েছে উত্তর কোরিয়ার রাষ্ট্রপ্রধান কিম জং উনের। শত্রুপক্ষকে হুঁশিয়ারি দিয়ে বিশেষ সামরিক মহড়া শুরু করেছে পিয়ংইয়ং। উত্তর কোরিয়ার সেনা বিবৃতিতে সাফ জানায়, ‘এই মহড়া শত্রুদের স্পষ্ট বার্তা দেওয়ার জন্য।’ জানা গিয়েছে, চলতি বছরে রেকর্ড হারে অত্যাধুনিক মিসাইল ও অন্যান্য যুদ্ধাস্ত্রের পরীক্ষনিরীক্ষা চালিয়েছে উত্তর কোরিয়া। কার্যত যুদ্ধের প্রস্তুতি নিচ্ছে তারা। যা উদ্বেগ বাড়াচ্ছে বিশ্বের। উল্লেখ্য, আমেরিকা, জাপান, দক্ষিণ কোরিয়া জোটের সঙ্গে চিন ও উত্তর কোরিয়ার সংঘাত বহু দিনের। বিগতে কয়েকদিনে যা আরও তীব্র হয়েছে। ফলে দু’পক্ষের বিবাদে কার্যত বারুদের স্তূপের উপর দাঁড়িয়ে আছে কোরীয় উপদ্বীপ। গত জুলাই মাসে দক্ষিণ কোরিয়ার বন্দরে মার্কিন নৌসেনার সাবমেরিনের প্রবেশ। ‘অস্তিত্ব সংকটে’র আশঙ্কায় আগেও বহুবার মিসাইল উৎক্ষেপণ করেছিল পিয়ংইয়ন। এর পর থেকেই যুদ্ধকালীন তৎপরতায় অস্ত্রশস্ত্র ও মিসাইল তৈরি হচ্ছে উত্তর কোরিয়ায়। গোটা পরিস্থিতির উপর তীক্ষ্ণ নজর রাখছেন সেদেশের সর্বাধিনায়ক কিম। নিজেই ঘুরে দেখছেন বিভিন্ন অস্ত্র তৈরির কারখানা। গত ৯ আগস্ট ‘সেন্ট্রাল মিলিটারি কমিশনের’ বৈঠকে সেনাবাহিনীকে তিনি নির্দেশ দিয়েছেন, যে কোনও পরিস্থিতিতে যুদ্ধের জন্য প্রস্তুত থাকতে হবে। কৌশলগত দিক থেকে ও অত্যাধুনিক অস্ত্রশস্ত্র নিয়ে যুদ্ধের ময়দানে সম্পূর্ণরূপে প্রস্তুত থাকাই এখন উত্তর কোরিয়ার লক্ষ্য।

জম্মু ও কাশ্মীরে যে কোনও সময় ভোট হতে পারে, শীর্ষ আদালতে বলল কেন্দ্র

নয়াদিল্লি, ৩১ আগস্ট ঃ জম্মু ও কাশ্মীরে যে কোনও সময় ভোট হতে পারে, সিদ্ধান্ত নির্ভর করছে নির্বাচন কমিশনের ওপর। বৃহস্পতিবার শীর্ষ আদালতে এমনটাই জানাল কেন্দ্র। ৩৭০ ধারা বাতিলকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে অনেক আবেদন জমা পড়েছে, বৃহস্পতিবার সেই আবেদনগুলির শুনানি হয় সুপ্রিম কোর্টে। কেন্দ্রের হয়ে সুপ্রিম কোর্টে সওয়াল করেন সলিসিটর জেনারেল তুষার মেহতা। এদিন কেন্দ্রের পক্ষ থেকে সর্বোচ্চ আদালতে জানানো হয়, জম্মু ও কাশ্মীরে যে কোনও সময় ভোট হতে পারে, সিদ্ধান্ত নির্ভর করছে নির্বাচন কমিশন ও রাজ্য নির্বাচন প্যানেলের ওপর। কেন্দ্রের পক্ষ থেকে এদিন সুপ্রিম কোর্টে আরও জানানো হয়, জম্মু ও কাশ্মীরে ভোটারদের তালিকা আপডেট করার প্রক্রিয়া চলছে, এটি সম্পূর্ণ হতে এক মাস অথবা তার বেশি সময় লাগবে। কেন্দ্রের পক্ষ থেকে শীর্ষ আদালতে আরও জানানো হয়েছে, জম্মু ও কাশ্মীরকে কেন্দ্রশাসিত অঞ্চল থেকে সম্পূর্ণ রাজ্যের মর্যাদা পুনরুদ্ধার করতে কিছুটা সময় লাগবে। কেন্দ্রের পক্ষ থেকে আরও জানানো হয়েছে, ২০১৮ থেকে ২০২৩ সালের তুলনায় সন্ত্রাসবাদের ঘটনা ৪৫.২ কমেছে এবং অনুপ্রবেশ ৯০ শতাংশ কমেছে। আইনশৃঙ্খলা সংক্রান্ত সমস্যা যেমন পাথর ছোঁড়া ইত্যাদি ৯৭ শতাংশ কমেছে। সলিসিটর জেনারেল তুষার মেহতা বলেছেন, নিরাপত্তা কর্মীদের হতাহতের সংখ্যা ৬৫ শতাংশ কমেছে। ২০১৮ সালে পাথর নিক্ষেপের ঘটনা ছিল ১,৭৬৭, এখন তা শূন্য। ২০১৮ সালে সংগঠিত বন্ধ ছিল ৫২ টি এবং এখন তা শূন্য। এদিকে, সিনিয়র আইনজীবী কপিল সিব্বল, যিনি কোনও এক আবেদনকারীর হয়ে সওয়াল করেন, তিনি বলেছেন, সরকার ৫ হাজার মানুষকে গৃহবন্দী করেছে, ১৪৪ ধারা জারি করা হয়েছিল, ইন্টারনেট বন্ধ করে দেওয়া হয়েছিল, এমনকি মানুষজন হাসপাতালেও যেতে পারেনি আসুন আমরা গণতন্ত্রকে নিয়ে উপহাস না করি এবং বন্ধের কথা না বলি।

দিল্লিতে অ্যামাজনের ম্যানেজার খুনে ধৃত এক অভিযুক্ত, ট্রাফিক বিরোধ নিয়েই বিবাদের সূত্রপাত

নয়াদিল্লি, ৩১ আগস্ট ঃ উত্তর-পূর্ব দিল্লিতে অ্যামাজনের ম্যানেজার খুনের ঘটনায় এক অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। দিল্লির ভজনপুরার সুভাষ বিহার এলাকায় হরপ্রীত গিল (৩৬)-কে খুনের ঘটনায় বৃহস্পতিবার ভোররাতে এক অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছে দিল্লি পুলিশ। দিল্লি পুলিশ সূত্রে জানা গিয়েছে, ট্রাফিক বিরোধ নিয়েই বিবাদের সূত্রপাত হয়েছিল। আর তাই খুন হতে হয়েছে হরপ্রীতকে। ধৃতের নাম-১৮ বছর বয়সী বিলাল গনি। বাকি অভিযুক্তরা হল-১৮ বছর বয়সী মোহাম্মদ সমীর ওরফে মায়া, ২৩ বছর বয়সী সোহেল ওরফে বাওয়ারচি, ২৩ বছরের মোহাম্মদ জুনায়েদ ওরফে বিরিয়ানি এবং ১৯ বছর বয়সী আদনান ওরফে ডন। পুলিশ সূত্রের খবর, বৃহস্পতিবার ভোররাত দু’টো নাগাদ দিল্লির সিগনেচার ব্রিজের কাছে অভিযুক্তকে গ্রেফতার করা হয়। গ্রেফতার হওয়া অভিযুক্তের নাম বিলাল গনি (১৮)। উল্লেখ্য, মঙ্গলবার রাত ১১.৩০ মিনিট নাগাদ দুষ্কৃতীদের গুলিতে খুন হন হরপ্রীত গিল। দুষ্কৃতীদের গুলিতে আহত তাঁর আত্মীয় গোবিন্দ সিংও। এই খুনের ঘটনার তদন্তে নেমে সবেমাত্র এক অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। ঘটনার তদন্তের পর পুলিশ জানতে পেরেছে, অভিযুক্তরা সকলে মঙ্গলবার রাতে বিলালের বাড়িতে পার্টি করছিল। পরে রাত সাড়ে দশটা নাগাদ তারা রাস্তায় বের হয়, মোহাম্মদ সমীর ও মায়ার কাছে পিস্তল ছিল। পাঁচজন অভিযুক্ত দু’টি ভিন্ন স্কুটারে চড়ে ভজনপুরা এলাকার সরু বাইলেনের মধ্যে স্কুটার চালাচ্ছিল। তারা কয়েক জায়গায় থামে এবং সবশেষে ৮৪ নং গলি, সুভাষ বিহার, ভজনপুরার ভিতরে চলে যায়। ঘটনাক্রমে, হরপ্রীত গিল এবং তাঁর আত্মীয় অন্যদিক থেকে আসছিলেন, যা পথ আটকে দেয়। এরপর অ্যামাজন ম্যানেজার এবং তাঁর কাকার সঙ্গে ঝগড়ায় জড়িয়ে পড়ে অভিযুক্তরা। কিছুক্ষণ পরে মোহাম্মদ সমীর খুব কাছ থেকে হরপ্রীত গিল এবং তার আত্মীয়কে লক্ষ্য করে গুলি চালায় এবং পালিয়ে যায়। হাসপাতালে নিয়ে যাওয়া হলে হরপ্রীতকে মৃত ঘোষণা করেন চিকিৎসকরা।

শ্রীমতী জয়া ভার্মা সিনহা, রেলওয়ে বোর্ডের নতুন চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা।

বিশেষ আরতি অমরনাথ মন্দিরে, ৬২-দিনের বার্ষিক তীর্থযাত্রার সমাপ্তি

শ্রীনগর, ৩১ আগস্ট ঃ দক্ষিণ কাশ্মীর হিমালয়ে পবিত্র অমরনাথ গুহার উদ্দেশ্যে ৬২-দিনের বার্ষিক তীর্থযাত্রা শ্রাবণ পূর্ণিমা ও রাখিবন্ধন উৎসবের মধ্যে দিয়ে বৃহস্পতিবার শেষ হয়েছে। এ বছর ১ জুলাই এই অমরনাথ যাত্রা শুরু হয়। এই সময়ে দেশের বিভিন্ন অংশ থেকে প্রায় সাড়ে চার লক্ষ পুণ্যার্থী প্রাকৃতিক ভাবে সৃষ্ট শ্রী অমরনাথ শিবলিঙ্গ দর্শন করেন ও পুজো দেন। এ বছরের অমরনাথ যাত্রা সুষ্ঠু ভাবে সম্পন্ন করতে কেন্দ্রশাসিত অঞ্চলটির প্রশাসন প্রয়োজনীয় সবরকম ব্যবস্থা গ্রহণ করেছিল। বৃহস্পতিবার অন্তিম দিনে বিশেষ আরতি ও পূজার্চনা করা হয় অমরনাথ মন্দিরে। অমরনাথ গুহা মন্দিরে চরি মোবারকের বিশেষ পূজার মাধ্যমে অমরনাথ যাত্রা শেষ হয়।

সংক্রমণ কমে পৌঁছল ৫০-এ ২৪ ঘন্টায় সুস্থ ৫১ জন, মৃত ১

নয়াদিল্লি, ৩১ আগস্ট ঃ ভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের একটু কমল, বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৫০ জন। বুধবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যু হয়েছে একজনের। এই সময়ে সুস্থ হয়েছেন ৫১ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা- রোগীর সংখ্যা এই মুহূর্তে ১,৫২০ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩১,৯৩০। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬৩,৭১৭ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৩০ আগস্ট সারা দিনে ভারতে ২৯,২২৫ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৬৭,৬০০-তে পৌঁছেছে।

Name Change

I, TAPAS DUTTA (old name) S/O LATE ANIL BARAN DATTA Presently residing at 4/20B, Bijoygarh, Jadavpur, PO- Bijoygarh, Kolkata-700032 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) TAPAS KUMAR DATTA, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 31/08/2023. TAPAS DUTTA and TAPAS KUMAR DATTA both are same and one identical person.

Name Change

I ANGSHU BISWAS (OLD NAME) SON OF SATISH BISWAS RESIDING AT VILL-KAMALPUR, PO- PURBANOWAPARA, PS-DHANTATALA, RANAGHAT, NADIA-741501, WEST BENGAL.SHALL HENCEFORTH FORTH BE KNOWN AS ANGSHUPATI BISWAS (NEW NAME) VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 31/08/2023.THAT ANGSHU BISWAS AND ANGSHUPATI BISWAS ALL ARE SAME AND INDENTICAL PERSON.

Name Change

I, SANJOY BISWAS (old name) S/O SANTOSH BISWAS Presently residing at Vill Charmandal, PO-Nuldugari, PS-Bagdah, Dist- North 24 Pgs-743297 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) SANJAY BISWAS, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 31/08/2023. SANJOY BISWAS and SANJAY BISWAS both are same and one identical person.

Name Change

I, KARTICK DAS (old name) S/O LATE SHRIHARI DAS Presently residing at Dubrajpur, Daspur, Paschim Medinipur, Pin- 721211 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) KARTTIK DAS, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 31/08/2023. KARTICK DAS and KARTTIK DAS both are same and one identical person.

Name Change

I, TRIPTI SINGHA (old name) W/O DIPAK SINGHA Presently residing at Vill & PO- Bergum, PS-Habra, N. 24 Pgs-743263 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) TRIPTI SINGHA MITRA, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 31/08/2023. TRIPTI SINGHA and TRIPTI SINGHA MITRA both are same and one identical person.

Name Change

I, MOHAMMED QUAIER JAMAL (old name) S/O MOHAMMED HAIDER JAMAL Presently residing at AAM Bagan, Kanjilal Para, Rajarhat, North 24 Parganas, Pin-700135 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) MOHAMMED QUAISER JAMAL, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 31/08/2023. MOHAMMED QUAIER JAMAL and MOHAMMED QUAISER JAMAL both are same and one identical person.

Name Change

I, PROBHANSHU ROY (old name) S/O PULIN CHANDRA ROY Presently residing at Taherpur, J/03/68, Taherpur, Ranaghat, Pin- 741159 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) PRABHANSHU ROY, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 31/08/2023. PROBHANSHU ROY and PRABHANSHU ROY both are same and one identical person.

Name Change

I, MOHAMMED HAMAID SIDDIQUE (old name) S/O MOHAMMED HALIM IQBAL Presently residing at SHIBPUR 1ST LANE, POST- BANSBERIA, PS- MOGRA, DIST-HOOGHLY, PIN CODE - 712502 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) MOHAMMED HUMAID IQBAL, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 31/08/2023. MOHAMMED HAMAID SIDDIQUE and MOHAMMED HUMAID IQBAL both are same and one identical person.

Name Change

I, SUBHADEEP MUKHOPADHYAY (old name) S/O TAPAN MOHAN MUKHOPADHYAY Presently residing at 58/1, K.M. Naskar Road, Regent Park, Kolkata, Pin-700040 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) SUBHADIP MUKHOPADHYAY, vide an affidavit sworn before Notary Public at Kolkata on 31/08/2023. SUBHADEEP MUKHOPADHYAY and SUBHADIP MUKHOPADHYAY both are same and one identical person.

Name Change

I, KANAI CHANDRA MONDAL S/O LATE BHOLANATH MONDAL Presently residing at Vill-Kalinagar, PO-Kasthamahal, PS-Bishnupur, Dist- 24 Parganas (S), Pin-743503 West Bengal, India, do hereby solemnly affirm & declaring my son’s actual name KUSHAL MONDAL instead of KUSOL MONDAL, vide an affidavit sworn before The Ld. 1st Class Judicial Magistrate at Alipore on 28/08/2023. KUSHAL MONDAL and KUSOL MONDAL both are same and one identical person.

নবদ্বীপের ঝুলন উৎসবে বাংলার প্রাচীন পুতুল নাচ বাঁচানোর চেষ্টা

গোপাল বিশ্বাস, নদীয়া, ৩১ আগস্ট ঃ দেশের অন্যান্য জায়গার সাথে নবদ্বীপ শহর ও ব্লকে মহাসমারোহে পালিত হলো ঝুলন যাত্রা উৎসব। একটা সময় নবদ্বীপের বেশ কিছু ক্লাব সংগঠন এই ঝুলন উৎসবে সামিল হতেন ও খোলা মঞ্চে জীবন্ত মানুষকে বিভিন্ন রূপে সাজিয়ে দর্শকদের সামনে তুলে ধরতেন, যাকে চলতি কথায় বলা হয় মানুষ ঝুলন। বর্তমানে নবদ্বীপ শহরে যা আর দেখা যায় না। এই মানুষ ঝুলন এখন নবদ্বীপ ব্লকের স্বরূপগঞ্জ এলাকায় দেখা যায়। বর্তমানে নবদ্বীপের বিভিন্ন মঠ মন্দিরেই অনুষ্ঠিত হয় এই ঝুলন যাত্রা উৎসব। নবদ্বীপ গানতলা বলদেব মন্দির, উডবার্ন রোড, রাধা মদনমোহন মন্দির, মহাপ্রভু পাড়া ধামেশ্বর মহাপ্রভু মন্দির সহ প্রতাপনগর সূদর্শন মন্দিরে মহাসমারোহে পালিত হলো এই ঝুলন যাত্রা উৎসব। তবে ব্যতিক্রমী ভাবনায় ঝুলন উৎসবে সামিল হলো সুদর্শন মন্দির। প্রায় বিলুপ্তির পথে চলে যাওয়া পুতুল নাচ শিল্পকে বাঁচিয়ে রাখার ও বর্তমান প্রজন্মের সাথে এই শিল্পের পরিচয় ঘটানোর উদ্যোগি হলো প্রতাপনগরের সুদর্শন মন্দির। বিশেষ করে বর্তমান প্রজন্মের সিংহভাগ ছেলে-মেয়েদের কাছে প্রায় অপরিচিত শিল্প এটি, আর এবার এই শিল্পকে বাচিয়ে রাখতে ও বর্তমান প্রজন্মের সামনে তুলে ধরতে উদ্যোগি হলো নবদ্বীপের সুদর্শন মন্দির। শহরের প্রতাপনগর এলাকায় অবস্থিত শহরের অন্যতম প্রাচীন ও ঐতিহ্যবাহী এই মন্দির। অন্যান্য ধর্মীয় অনুষ্ঠানের পাশাপাশি এই মন্দিরে মহাসমারোহে অনুষ্ঠিত হয় ঝুলন যাত্রা উৎসব, মন্দির কতৃপক্ষের তরফে জানানো হয় এই ঝুলন যাত্রা উৎসব হয়ে আসছে ১৯৫০ সাল থেকে। তবে যুগের সাথে তাল মেলাতে গিয়ে আমাদের এই পুতুল নাচের মতো একটা সুন্দর শিল্প আজ বিলুপ্তির পথে, তাই আমরা বিভিন্ন দিনে বিভিন্ন ধর্মীয় পালার মাধ্যমে সকলের জন্য আয়োজন করেছি। আর এই পুতুল নাচ দেখতে সুদর্শন মন্দিরে ভিড় জমান আট থেকে আশি সকলেই। তারা আরও জানান, এই ঝুলন উৎসব উপলক্ষে মন্দিরে চলে হরিনাম সংকীর্তন, পাঠ সহ বিভিন্ন ধর্মীয় আচার অনুষ্ঠান। এছাড়াও গতবছর এই মন্দিরে প্রতিষ্ঠিত করা হয়েছে রাধা কুন্ড ও শ্যাম কুন্ড, যা নবদ্বীপের মধ্যে প্রথম ও একমাত্র। সেই রাধা কুন্ড ও শ্যাম কুন্ডের পাশেও চলছে ঝুলন উৎসব। এদিকে নদীয়ার বিননগরের পাশে রাধানগর গ্রামের ঝুলনের মাঠে প্রায় ৫৭ বছর ধরে ঝুলন যাত্রা উৎসব পালন করে আসছে রাধানগর বয়েজ ক্লাব। যেখানে আকর্ষণীয় বিভিন্ন যান্ত্রিক মডেল সাজিয়ে করা হয়েছে ঝুলন। বিগত দিনে বেশ কয়েকটি দুর্ঘটনাও তুলে ধরেছেন তারা, যেমন উড়িষ্যার বালেশ্বরের কাছে ভয়াবহ ট্রেন দুর্ঘটনা ঘটে যায়। আর সেই ট্রেন দুর্ঘটনার চিত্র যান্ত্রিক মডেলের সাহায্যে তুলে ধরেন তারা, পাশাপাশি বিগত কয়েকদিন আগে সারা বিশ্ব কাঁপিয়েছে ভারত, চন্দ্রযান ৩ লঞ্চিং করে। এখন চাঁদের মাটিতে পা রেখেছে ল্যান্ডার বিক্রম, আর সেই চিত্র যান্ত্রিক মডেলের সাহায্যে সাজিয়ে তুলেছেন তারা। শুধু তাই নয়, অন্যান্য আকর্ষণীয় মডেলও লক্ষ্য করা যায় এই ঝুলন যাত্রা উৎসব উপলক্ষে। জানা যায় নদীয়ার তাহেরপুর থানার বিননগর সংলগ্ন রাধানগর গ্রামের যুবক বরুণ বিশ্বাস চন্দ্রযান ৩ ও সূর্যের কাছে গিয়ে পর্যবেক্ষণ করা লঞ্চার আদিত্য এলওয়ান দুটোতেই ওই যুবকের বড় অবদান রয়েছে, যেখানে বড় ভূমিকা রয়েছে ট্রাকিং করার। আর ওই যুবকের সাফল্যে গর্বিত হয়ে তারা এই ঝুলন যাত্রায় যান্ত্রিক মডেল হিসেবে বেশ কয়েকটি আকর্ষণীয় চিত্র তুলে ধরেছেন। জানা যায় ঝুলন যাত্রা উৎসব উপলক্ষে প্রায় সাত দিন ধরে চলে মেলা, আর কাতারের কাতারে মানুষের ভিড় হয় ঝুলনযাত্রা দেখার জন্য। বৃহস্পতিবার বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে সমাপ্তি হয় ঝুলন যাত্রা উৎসবের।

অমৃত ভারত প্রকল্পে বাঁকুড়া স্টেশন

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ৩১ আগস্ট ঃ অমৃত ভারত প্রকল্পে নতুন রূপ পেতে চলেছে বাঁকুড়া স্টেশন। এই প্রকল্প রূপায়নে মঙ্গলবার সকালে দক্ষিণ পূর্ব রেলের ডি আর এম সুমিত নারুলা বাঁকুড়া স্টেশন পরিদর্শন করেন। এই মাসের ২৫ তারিখে এলাকার বিধায়কদের সাথে রেল কর্তাদের বৈঠক হয়। গতকাল দক্ষিণ পূর্ব রেলের আদ্রা ডিভিশনে রেলওয়ে বোর্ডের এক বৈঠক হয়। এই দুই বৈঠকে যে সব প্রস্তাব পেশ করা হয় তার বাস্তব পরিস্থিতি দেখেন ডিআরএম সহ রেলের কর্তারা।ডি আর এম শ্রী নারুলার সাথে মিলিত হন রেল বোর্ডের মনোনীত সদস্য বিপ্রদাস মিদ্যা, বাঁকুড়া সদর কেন্দ্রের বিধায়ক নিলাদ্রী দানা। প্রস্তাবিত বাকুঁড়া স্টেশন সংলগ্ন কেঠারডাঙায় আন্ডারপাস পুজোর পরেই কাজ শুরু হয়ে যাবে বলে শ্রী নারুলা জানান। এছাড়াও বাঁকুড়া ষ্টেশনের তিন নম্বর প্ল্যাটফর্মে লিফট, এস্কলেটার বসানোর কাজ শীঘ্রই শুরু হবে বলে তিনি আশ্বাস দেন। বিডিআর স্টেশনের ফাঁকা জায়গায় নতুন সাইকেল স্টান্ড তৈরি হবে, পূজার আগেই স্টেশনে ডিসপ্লে বোর্ড পুনরায় লাগানো হবে। বাঁকুড়া স্টেশন পরিদর্শন করে রেল বোর্ডের পদস্থ কর্তাদের নিয়ে শ্রী নারুলা বি ডি আর রেলপথে বাঁকুড়া থেকে মশাগ্রাম পর্যন্ত বিভিন্ন ষ্টেশনের পরিস্থিতি পরিদর্শন করেন। বিপ্রদাস বাবু বলেন যাত্রী সাধারনের সুবিধার্থে আমরা যে সব প্রস্তাব রেখে ছিলাম তা খতিয়ে দেখেন তিনি। বিধায়ক নিলাদ্রী দানা বলেন বাঁকুড়া স্টেশনে উন্নত পরিষেবা যাতে সাধারণ যাত্রীরা পান সেদিকে নজরদারির আশ্বাস দেন তিনি। তিনি আশা প্রকাশ করে বলেন বাঁকুড়া স্টেশন নতুন সাজে সেজে উঠবে।

তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষে চলল গুলি

দুরন্ত বার্তা, ইসলামপুর, ৩১ আগস্ট ঃ দক্ষিণ দিনাজপুরের ইসলামপুরে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে গুলি চালানোর অভিযোগ উঠল। এদিন ইসলামপুর ব্লকের গোবিন্দপুর গ্রাম পঞ্চায়েতের কাপরাঙ্গা এলাকায় তৃণমূল দুই গোষ্ঠীর সংঘর্ষে গুলি চলে। গুলিতে জখম দুই। আহতদের নাম মজরুল হক এবং মতিবুল হক। আহতরা সম্পর্কে দুই ভাই। আশঙ্কাজনক অবস্থায় দু'জনকেই উত্তরবঙ্গ মেডিকেল কলেজে রেফার করা হয়েছে। জানা গিয়েছে, মজরুল হক ওই এলাকার প্রাক্তন গ্রাম পঞ্চায়েত সদস্যার স্বামী। অভিযোগ, চোপড়ার বিধায়ক হামিদুল রহমানের গোষ্ঠীর লোকজন তৃণমূলের ব্লক সভাপতি জাকির হুসেনের লোকজনের উপর গুলি চালায়। এর পেছনে সদ্যসমাপ্ত পঞ্চায়েত নির্বাচনে জয়ী স্থানীয় পঞ্চায়েত সদস্যেরও হাত রয়েছে বলে জানা গেছে। ব্লক সভাপতি জাকির হোসেনের দাবি, গোবিন্দপুর গ্রাম পঞ্চায়েতের জয়ী যেই দুই প্রার্থীকে এতদিন অপহরণ করে রাখা হয়েছিল। তারা এদিন ফিরে আসে। তাদের সাথে এই দুইজন দেখা করতে এসেছিলেন। সেই আক্রোশে তাদের উপর গুলি চালানো হয়েছে। এই ঘটনায় দু'জন গুলিতে জখম হয়। জখমদের উদ্ধার করে ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে আসা হলে কর্তব্যরত চিকিৎসক আশঙ্কাজনক অবস্থায় দু'জনকেই মেডিকেল কলেজে রেফার করেছে। ঘটনার খবর পেয়েই জাকির হোসেন সহ তৃণমূলের কর্মী সমর্থক এবং পরিবারের সদস্যরা হাসপাতালে আসেন। ইসলামপুর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

উগ্রক্ষত্রিদের তরফ থেকে সংবর্ধনা

সুজিত দত্ত, বর্ধমান, ৩১ আগস্ট ঃ পূর্ব বর্ধমানের নব নির্বাচিত জেলা সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার ও সহ সভাধিপতি গার্গী নাহাকে সংবর্ধনা প্রদান করা হল উগ্রক্ষত্রিয় সমিতির পক্ষ থেকে। এদিন জেলা পরিষদে সভাধিপতির অফিসে একটি সৌজন্য সাক্ষাৎ সারেন উগ্রক্ষত্রিয় সমিতির প্রতিনিধিরা। উগ্রক্ষত্রিয় সমিতির পক্ষ থেকে উপস্থিত ছিলেন সমিতির কার্যকারি সভাপতি বৈদ্যনাথ কোনার, সাধারণ সম্পাদক সুব্রত মন্ডল এবং সহ কোষাধ্যক্ষ প্রিয়ব্রত পাঁজা। সভাধিপতি ও সহ সভাধিপতিকে উত্তরীয়, লাকি ব্যাম্বু গাছের চারা ও মধু দিয়ে সংবর্ধনা জানান সমিতির প্রতিনিধিরা। জেলা সভাধিপতি ও সহ সভাধিপতি উগ্রক্ষত্রিয় সমিতির শ্রীবৃদ্ধি কামনা করার পাশাপাশি পাশে থাকার আশ্বাস দেন। সমিতির কার্যকরি সভাপতি বৈদ্যনাথ কোনার এবং সাধারণ সম্পাদক সুব্রত মন্ডল জানিয়েছেন তারা উগ্রক্ষত্রিয় সম্প্রদায়ের উন্নতির লক্ষ্যে সারা বছর কাজ করার পাশাপাশি বিভিন্ন জনসেবামূলক কর্মকান্ডের মধ্যে সমিতিকে এগিয়ে নিয়ে চলেছেন। তাদের এই কর্মকান্ডে জেলা পরিষদের নব নির্বাচিত সভাধিপতি ও সহ সভাধিপতি সর্বদা পাশে থাকবেন বলে জানিয়েছেন।

অবরোধে কালনা রোডের বাসিন্দারা

দুরন্ত বার্তা, বর্ধমান, ৩১ আগস্ট ঃ রাস্তার মধ্যে ভ্যাটের ময়লা উপচে পড়ছে। দিনের পর দিন পুতিগন্ধময় অবস্থা থেকে রেহাই পেতে বৃহস্পতিবার অবরোধ করলেন বর্ধমানের কালনা রোডের বাসিন্দারা। এই এলাকায় গোটা বর্ধমান শহরের ময়লা ফেলা হয় ডাম্পিং গ্রাউন্ডে। প্রায়শই সেই ময়লা উপচে পড়ে রাস্তার উপর। এলাকাবাসীর প্রাণ ওষ্ঠাগত দুর্গন্ধের ঠেলায়। এদিন দুপুরে কালনা রোড়ের ফার্মের কাছে টানা রাস্তা অবরোধ করেন এলাকাবাসী। তাদের দাবি এখানে ময়লা ফেলার নির্দিষ্ট জায়গা আছে। তবু রাস্তায় ময়লা উপচে পড়ছে। পুরসভার কর্মী বা পুরসভার অফিসে বারবার জানিয়েও সুরাহা মেলেনি। তাই আজ রাস্তা অবরোধ করেছেন তারা। সমস্যার সমাধান না হলে বড় আন্দোলন হবে। অন্যদিকে এই রাস্তায় অবরোধ হবার জেরে দু'ঘন্টার বেশি আটকে পড়ে বাসসহ যানবাহন। যাত্রীরা জানান তারা এই আন্দোলন সমর্থন করেন। কিন্তু এভাবে সমাধান হবে কী? কর্তৃপক্ষের অবিলম্বে নজর দেওয়া প্রয়োজন।

ছাত্রদের অবরোধ

দুরন্ত বার্তা, কোচবিহার, ৩১ আগস্ট ঃ তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস পালনের মঞ্চ থেকে মমতা বন্দ্যোপাধ্যায় রাজবংশী জনজাতি নিয়ে 'অপমানসূচক' মন্তব্য করেছেন বলে অভিযোগ। সেই অভিযোগ তুলে বৃহস্পতিবার অল কামতাপুর স্টুডেন্ট ইউনিয়ন (আকসু)-এর পক্ষ থেকে কোচবিহারের মাথাভাঙা-২ ব্লকের ঘোকসাডাঙা থানার অন্তর্গত গুমনিহাট বাজার এলাকায় পথ অবরোধ করা হয়। পুলিশ পথ অবরোধ তুলতে গেলে উত্তেজনা ছড়ায়। আটক করা হয় ১৮ জন আন্দোলনকারীকে। এদিন সকাল ১১টা নাগাদ সংগঠনের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর পদত্যাগ ও ওই মন্তব্যের জন্য তাঁকে ক্ষমা চাইতে হবে, এই দাবি তুলেই পথ অবরোধ করেন সংগঠনের নেতৃত্বরা। অবরোধ চলাকালীন ঘোকসাডাঙা থানার পুলিশ ঘটনাস্থলে এসে অবরোধকারীদের সঙ্গে কথা বলে অবরোধ তোলার চেষ্টা করে। পরে পুলিশ আন্দোলনকারীদের আটক করে ও অবরোধ তুলে দেয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ঘটনাস্থলে অবরোধে আটকে পড়েন বিজেপি বিধায়ক মালতি রাভা। তিনিও কথা বলেন আন্দোলনকারীদের সঙ্গে। কামতাপুর স্টুডেন্টস ইউনিয়নের নেতা কৌশিক বর্মন বলেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে রাজবংশীদের অপমান করেছেন, তার জন্য ক্ষমা চাইতে হবে। নতুবা আগামীতে বৃহত্তর আন্দোলনে নামা হবে। বিজেপি বিধায়ক মালতি রাভা বলেন, রাজবংশীদের সম্পর্কে মুখ্যমন্ত্রী যা বলেছেন, তা কখনও মেনে নেওয়া যায় না। মুখ্যমন্ত্রীর উচিত ক্ষমা চাওয়া। ছাত্রদের এই আন্দোলনকে আমি সমর্থন করি।

কংগ্রেসের রাখি

দুরন্ত বার্তা, পানাগড়, ৩১ আগস্ট ঃ কাঁকসা ব্লক কংগ্রেসের পক্ষ থেকে বৃহস্পতিবার সকাল ১০ টা থেকে পশ্চিম বর্ধমান জেলার পানাগড় বাজারের চৌমাথা মোড়ে রাখি বন্ধন উৎসব পালন করলেন কংগ্রেসের কর্মী -সমর্থকরা। এদিন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঁকসা ব্লকের কার্যকরী সভাপতি মোজাম্মেল হক, ব্লকের সভাপতি পূরব ব্যানার্জি, জেলার সাধারণ সম্পাদক দেবাশীষ বিশ্বাস, ব্লকের সাধারণ সম্পাদক ধর্মেন্দ্র শর্মা, প্রবীণ নেতা ইন্দ্র কুমার মেহেরা, ত্রিলোকচন্দ্রপুর অঞ্চল সভাপতি শফিকুল রহমান সহ কাঁকসা ব্লকের কংগ্রেসের কর্মী-সমর্থকরা। এদিন পানাগড় বাজারের চৌমাথা মোড়ে পথ চলতি মানুষদের হাতে রাখি পরিয়ে এবং মিষ্টিমুখ করিয়ে রাখিবন্ধন উৎসব পালন করেন কংগ্রেসের কর্মীরা। ব্লকের কার্যকরী সভাপতি মোজাম্মেল হক জানিয়েছেন, কাঁকসা ব্লকে সর্ব ধর্মের মানুষের বসবাস। তাই সম্প্রীতি বজায় রাখতে তারা এই রাখি বন্ধন উৎসবের মাধ্যমে সব ধর্মের মানুষের সাথে তারা সম্পর্ক স্থাপন করার লক্ষ্য নিয়ে এই রাখি বন্ধন উৎসব পালন করছেন। এই রাখি বন্ধন ঘিরে পথচলতি মানুষদের মধ্যে এদিন ব্যাপক উৎসাহ লক্ষ্য করা যায়।

চাঁচলে তৃণমূল কর্মী খুনে গ্রেফতার ৩

দুরন্ত বার্তা, মালদা, ৩১ আগস্ট ঃ মালদার চাঁচলে তৃণমূল কর্মী খুনের ঘটনায় মূল অভিযুক্ত সহ গ্রেফতার ৩। গোপন সূত্রে খবরের ভিত্তিতে বুধবার গভীর রাতে জালালপুর এলাকার একটি আমবাগান অভিযান চালিয়ে মূল অভিযুক্ত সহ দুই জনকে গ্রেফতার করা হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতদের নাম খাইরুল হাবিব(২৪), মতিউর রহমান (৪৬), আব্দুল রোপ (৩৭)। এরা প্রত্যেকে জালালপুর এলাকার বাসিন্দা। ধৃতদের দশ দিনের পুলিশে হেফাজোতের আবেদন জানিয়ে চাঁচল মহকুমা আদালতে পেশ করে পুলিশ। ধৃতের কাছ থেকে আগ্নেয়াস্ত্র উদ্ধার হয়নি। খাইরুল মূল অভিযুক্ত বলে চাঁচল থানার পুলিশ দাবি করেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, এরা প্রত্যেকে কংগ্রেস কর্মী। মূল অভিযুক্ত খাইরুল ওই এলাকার কংগ্রেসের পঞ্চায়েত সমিতির পরাজিত প্রার্থীর ছেলে। উল্লেখ্য, জমি নিয়ে বিবাদের জেরে গুলিতে খুন হন তৃণমূল কংগ্রেস কর্মী। জমি নিয়ে বিবাদের জেরে রণক্ষেত্র হয়ে ওঠে চাঁচল থানার জালালপুর এলাকা। ঘটনাটি ঘটেছিলো মালদা চাঁচলের জালালপুর চৌরঙ্গী মোড় এলাকা। মৃত যুবকের নাম শহিদুর রহমান (৩২)। ঘটনাস্থলে যায় বিশাল পুলিশ বাহিনী। এলাকায় পঞ্চায়েত দখলের পর থেকে কংগ্রেস কর্মীরা সন্ত্রাস চালাচ্ছে। তারাই এই ঘটনা ঘটিয়েছে বলে তৃণমূল অভিযোগ তোলে। দুই ভাইকে পোলের সঙ্গে বেঁধে রেখে, আরেক ভাইকে বাড়ি থেকে ডেকে প্রকাশ্যে গুলি করে খুন করার অভিযোগ ওঠে। পরিবার হামলাকারী গফুর আলী, আহাদ শেখ, খাইরুল শেখ, শাহজাহান আলী সহ তার দলবলের বিরুদ্ধে চাঁচল থানায় লিখিত অভিযোগ দায়ের করে। সেই ঘটনার তদন্তে নেমে পুলিশ তিনজনকে গ্রেফতার করে।

ম্যাথু এসো রিসার্চ সিকিউরিটিস লিমিটেড

রেজি. আফিসঃ রাজকমল বিল্ডিং, ১২৮ রাসবিহারী এভিনিউ,
১ম ফ্লোর, কলকাতা-৭০০০২৯
ই-মেলঃ mers.ltd@gmail.com, ওয়েবসাইটঃ www.mersl.co.in
CIN : L74910WB1994PLC064483

২৯ তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি যা অনুষ্ঠিত হবে ভিডিও কনফারেন্সিং (ভিসি) / অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যমে (ওএভিএম)

এতদ্বারা জানান যাচ্ছে যে ২৯তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ম্যাথু এসো রিসার্চ সিকিউরিটিজ লিমিটেড (কোম্পানি) সদস্যদের অনুষ্ঠিত হবে শুক্রবার, ২৯ সেপ্টেম্বর, ২০২৩, বেলা ১২.৩০ ঘটিকায় ভিসি / ওএভিএম মাধ্যমে অনুসারী হিসাবে প্রযোজ্য বন্দোবস্ত কোম্পানি আইন, ২০১৩ এবং ধারা তৎপরবর্তী এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ সঙ্গে পড়তে হবে সমস্ত প্রযোজ্য সার্কুলার এই বিষয়ে যা জারি করেছে বানিজ্য বিষয়ক মন্ত্রক (এমসিএ) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া আলোচিত হবে বানিজ্যিকসূচী যা স্থির রয়েছে এজিএম আহ্বায়ক নোটিসে। সদস্যদের সুবিধা প্রদান করা হবে এজিএমে যোগদান করতে ভিসি / ওএভিএম মাধ্যমে বা এজিএমের সরাসরি সম্প্রচার দেখা যাবে এনএসডিএল ই-ভোটিং ব্যবস্থায়।

১. এজিএম নোটিস এবং বার্ষিক ফলাফল প্রেরণ ঃ
এমসিএ এবং সেবি সার্কুলার ভিত্তিতে, এজিএম নোটিস এবং বার্ষিক প্রতিবেদন আর্থিক বছর ২০২২-২০২৩ পাঠানো হবে ইলেকট্রনিক পদ্ধতিতে সেই সদস্যদের যাদের ইমেল ঠিকানা রেজিস্টার রয়েছে কোম্পানির শেয়ার ট্রান্সফার এজেন্ট/ ডিপোসিটারিতে। এই এজিএম নোটিস এবং বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ আরও পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে www.mersl.co.in, স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট যা হল বিএসই লিমিটেড-www.bseindia.com এবং এনএসডিএল ওয়েবসাইটে www.evoting.nsdl.com।

২. ইমেল ঠিকানা রেজিস্টার / আপডেট করার পদ্ধতি ঃ
যে সকল সদস্যরা রেজিস্টার করাননি নিজেদের ইমেল ঠিকানা তাদের অনুরোধ তা রেজিস্টার করাতে নিজেদের ধার্য্য শেয়ার ভিত্তিতে ইলেকট্রনিক ফর্মে নিজেদেরে ডিপাসিটারিতে ডিপোসিটারি পার্টিসিপেন্টে এবং ধার্য্য শেয়ার ভিত্তিতে ফিজিক্যাল ফর্মে চিঠি লিখে কোম্পানিকে বিস্তারিত উল্লেখ সহ ফোলিও নাম্বার, শেয়ার হোল্ডারের নাম, স্ক্যান কপি শেয়ার শংসাপত্রের (সামনের ও পেছনের পাতা), প্যান (স্বপ্রত্যয়িত প্যান কার্ড কপি পরিচয়ের প্রমাণ হিসাবে) এবং আধার (স্বপ্রত্যয়িত স্ক্যান কপি ঠিকানার প্রমাণ হিসাবে) এমসিএস শেয়ার ট্রান্সফার এজেন্ট লিমিটেড-mcssta@rediffmail.com বা কোম্পানিকে-mers.ltdgmail.com।

৩. ই-ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে ভোটদানের পদ্ধতি ঃ
কোম্পানি গ্রহণ করছে এনএসডিএল পরিষেবা রিমোট ই-ভোটিং সুবিধা প্রদান করতে নিজেদের সদস্যদের ভোটাধিকার প্রয়োগ করতে সমস্ত বানিজ্যসূচীতে যা স্থির রয়েছে এজিএম নোটিসে। আরও, কোম্পানি প্রদান করছে এজিএম চলাকালীন ই-ভোটিং প্রদানের সুবিধা সদস্যদের জন্য যারা ভোট দেননি রিমোট ই-ভোটিং মাধ্যমে। লগইন বিস্তারিত ভোটপ্রদান করতে ই-ভোটিং মাধ্যমে পাওয়া যাবে সদস্যদের জন্য ইমেলে নিজেদের ইমেল ঠিকানা সফলভাবে রেজিস্টার করার পর যার পদ্ধতি উপরে দেওয়া রয়েছে। যে সদস্যরা পাননি কোন ইমেল বা যাদের ইমেল ঠিকানা রেজিস্টার নেই কোম্পানির রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট / ডিপোসিটারিতে, তারা লগইন পদ্ধতি পেতে এজিএম নোটিসে প্রদান করা দ্রষ্টব্যগুলি পালন করুন।
সদস্যদের আরও অনুরোধ যত্নসহকারে পড়তে সমস্ত দ্রষ্টব্যগুলি যা দেওয়া রয়েছে এজিএম নোটিসে এবং বিশদভাবে, এজিএমে যোগদান করার পদ্ধতি, ভোট প্রদানের পদ্ধতি রিমোট ই-ভোটিং মাধ্যমে এবং এজিএমে ই-ভোটিং বিষয়ে।

বোর্ড অফ ডিরেক্টরদের আদেশানুসারে
ম্যাথিউ এসো রিসার্চ সিকিউরিটিস লিমিটেড এর পক্ষে
স্বা/ - রাজশ্রী মুন্ধ্রা
কোম্পানি সচিব ও সহযোগী আধিকারিক
স্থানঃ কলকাতা
তারিখঃ ৩১.০৮.২০২৩

কিলবার্ন ইঞ্জিনিয়ারিং লিমিটেড

CIN : L24232WB1987PLC042956
রেজি. অফিস ঃ চার ম্যাঙ্গো লেন, সুরেন্দ্র মোহন ঘোষ সরণী, কলকাতা-৭০০০০১
টেলি. নং. ০৩৩-২২৩১৩৩৩৭ /২২৩১৩৪৫০, ফ্যাক্স নং. ০৩৩-২২৩১৪৭৬৮
E-mail :cs@kilburnengg.com Website : www.kilburnengg.com

এজিএম, বুক ক্লোজার ও ই-ভোটিং বিজ্ঞপ্তি

১. এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে কোম্পানির ৩৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে ২৭ সেপ্টেম্বর, ২০২৩ সকাল ১১.০০ ঘটিকায় ভিডিও কনফারেন্সিং/ অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যমে (ভিসি/ ওএভিএম)। অনুসারী হিসাবে সাধারন সার্কুলার নাম্বার ১০/ ২০২২ তারিখ ২৮-১২-২০২২ জারি করেছে বানিজ্য বিষয়ক মন্ত্রক (এমসিএ) এবং সার্কুলার নাম্বার সেবি/ এইচও/ সিএফডি/ পিওডি-২/ পি/ সিআইআর/ ২০২৩/ ৪ তারিখ ৫ জানুয়ারি, ২০২৩ জারি করেছে সিকিউরিটি এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) (এরপর সংযুক্তভাবে উল্লেখ হবে 'সার্কুলার' হিসাবে), কোম্পানি অনুমোদন পেয়েছে এজিএম অনুষ্ঠিত করতে ভিসি মাধ্যমে, কোন একক স্থানে সদস্যরা উপস্থিত না থেকে। উল্লেখ্য, কোম্পানির এজিএম ভিসি মাধ্যমে অনুষ্ঠিত হবে বানিজ্যিক আলোচ্যসূচী উল্লেখ রয়েছে এজিএম নোটিসে তারিখ ০৪ আগস্ট, ২০২৩।
২. অনুসারী ধারা ৯১ কোম্পানি আইন, ২০১৩ অনুসারে আরও বিজ্ঞাপিত করা যায় যে কোম্পানির সদস্য রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার বুক বন্ধ থাকবে ২১ সেপ্টেম্বর, ২০২৩ থেকে ২৭ সেপ্টেম্বর, ২০২৩ (উভয় দিন সহ) বার্ষিক সাধারণ সভার জন্য।
৩. সভার বিজ্ঞপ্তি, স্থির করা বানিজ্যিক আলোচ্যসূচী, সঙ্গে আর্থিক বিবরণী কোম্পানির ৩১ মার্চ, ২০২৩ বছর সমাপ্তে, অডিটর রিপোর্ট এবং ডিরেক্টরদের রিপোর্ট উল্লেখিত বছরের পাঠানো হয়েছে সদস্যদের নথিভুক্ত ইমেল ঠিকানায় ই-মেল মাধ্যমে।
৪. আরও বিজ্ঞাপিত করা যায় যে ধারা ১০৮ কোম্পানি আইন, ২০১৩ এবং অনুসারী ধারা, কোম্পানি ই-ভোটিং সুবিধা দিচ্ছে সদস্যদের যারা ইক্যুইটি শেয়ার ধরে রেখেছেন কাট-অফ তারিখে ২০-০৯-২০২৩ তারিখে যার ভিত্তিতে ব্যবসায়িক আলোচনার হবে ৩৫তম বার্ষিক সাধারণ সভায়।
৫. ই-ভোটিং সংক্রান্ত বিবরণী অনুসারী ধারা ২০ কোম্পানি (প্রশাসনিক ও পরিচালন) ধারা নিম্নে উল্লেখ্য ঃ
১) বিজ্ঞপ্তি প্রেরণ সম্পূর্ন হওয়ার তারিখ ঃ৩০.০৮.২০২৩।
২) ই-ভোটিং শুরু হওয়ার তারিখ ও সময় ঃ ২৩.০৯.২০২৩ সকাল ১০.০০ ঘটিকায়
৩) ই-ভোটিং শেষ হওয়ার তারিখ ও সময় ঃ ২৬.০৯.২০২৩ বিকাল ৫.০০ ঘটিকায় (আইএসটি)। উপরি উল্লিখিত শেষ সময় ও তারিখের পর ভোটদান গ্রাহ্য নহে। এজিএম চলাকালীন মেয়াদে ভোটদান সুবিধা পাওয়া যাবে, সেই সদস্যরা যারা এজিএমে ভিসি মাধ্যমে যোগদান করবেন, যারা আলোচ্যসূচীর ওপর রিমোট ই-ভোটিংয়ে ভোটদান করেননি এবং অন্যান্য কোন মাধ্যমে ভোটদান করেননি, তারাই এজিএম চলাকালীন ই-ভোটিং মাধ্যমে ভোটদান করতে পারবেন।
৪) কোম্পানির ওয়েবসাইট এবং সভার বিজ্ঞপ্তি যেখানে প্রদর্শিত হবে সেই এজেন্সির ওয়েবসাইট ঃ কোম্পানি ঃ-www.kilburnengg.com সিডিএসএল ঃ-www.cdslindia.com
৫) ইলেকট্রনিক ভোটিং সংক্রান্ত সহায়তা এবং ভিডিও কনফারেন্সিংয়ের সময় যে কোন সমস্যা সমাধান করায় যুক্ত ব্যক্তিদের যোগাযোগের বিস্তারিত ঃ

নাম	ই-মেল ঠিকানা	ফোন নং.
১. সিডিএসএল	helpdesk.evoting@cdslindia.com	(০৩৩) ৩২৯৭ ৪৮৮০ / ১৮০০২২৫৫৩৩

বোর্ডের আদেশানুসারে
কিলবার্ন ইঞ্জিনিয়ারিং লিমিটেড
অরবিন্দ বাজোরিয়া
কোম্পানি সচিব
স্থান ঃ থানে
তারিখ ঃ ৩০.০৮.২০২৩

DBS

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো হচ্ছে যে আমাদের কিছু গোল্ড লোন গ্রাহক তাদের ঋণের পরিমাণ পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন এবং একাধিক অনুস্মারক নোটিশ নিবন্ধিত পোস্টের মাধ্যমে পাঠানো হয়েছে, তাদের ব্যাঙ্কে নিবন্ধিত ঠিকানায় পৌঁছে দেওয়া হয়েছে।

নীচে উল্লিখিত ব্যক্তি/দের এতদ্বারা জানানো হচ্ছে যে, যেহেতু তারা তাদের ঋণের পরিমাণ পরিশোধ করতে ব্যর্থ হয়েছে, তাই ব্যাঙ্ক তাদের জামানত নিলাম করতে বাধ্য, যদি না তারা 07-09-2023 তারিখে বা তার আগে সম্পূর্ণ অর্থপ্রদান না করে।

উপরে উল্লিখিত তারিখের মধ্যে অর্থপ্রদান না পাওয়ার ক্ষেত্রে, উল্লিখিত সমান্তরালগুলি ব্যাংক কর্তৃক পাবলিক নিলামে, ঋণগ্রহীতার খরচে, ব্যাঙ্ক প্রাঙ্গনে বা https://egold.auctiontiger.net-এ একটি ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে বিক্রি করা হবে, 07-09-2023 সকাল 11.00AM বা তার পরে অন্য কোন সুবিধাজনক তারিখে, পরবর্তী নোটিশ ছাড়াই এবং ব্যাঙ্কের সম্পূর্ণ বিবেচনার ভিত্তিতে।

অনন্য রেফারেন্স#	ক্রেতার নাম	শাখার নাম	মোট ওজন	নেট ওজন
28511021	রণদীপ মিত্র	গড়িয়া	32.61	16.50

তারিখ: 28-08-2023
স্থান: চেন্নাই
শাখা ব্যবস্থাপক
DBS ব্যাঙ্ক ইন্ডিয়া লিমিটেড

*DBS ব্যাঙ্ক ইন্ডিয়া লিমিটেড হল DBS ব্যাঙ্ক লিমিটেড সিঙ্গাপুরের সম্পূর্ণ মালিকানাধীন সাবসিডিয়ারি

পূর্ব রেলওয়ে

ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, হাওড়া রেলওয়ে স্টেশনের সন্নিকটে, হাওড়া-৭১১১০১ [ডিইএন/১/এইচডব্লুএইচ-এর অধীনে] নিম্নলিখিত কাজের জন্য সেচ/ সিপিডব্লুডি/এসইবি/এমইএস অথবা অন্য কোনও সরকার অধিগৃহীত সংস্থায় রেজিস্ট্রিকৃত সমেত অনুরূপ ধরনের কাজে অভিজ্ঞতা এবং প্রয়োজনীয় আর্থিক সঙ্গতিপন্ন এরূপ টেন্ডারদাতার থেকে অনলাইনে নিম্নলিখিত ই-টেন্ডার আহ্বান করছেনঃ **ক্রমিক নং-১। এনআইটি নম্বর ঃ ১২৬_ ২০২৩-২৪, তারিখ ঃ ২৮.০৮.২০২৩। কাজের বিবরণ** ঃ শেওড়াফুলি আরপিএফ পোস্ট-এর জন্য অফিস তথা ২০ শয্যাবিশিষ্ট আরপিএফ ব্যারাকের শক্তিশালীকরণ/সংস্কার। **আনুমানিক ব্যয়ঃ** ৭২,৪৫,৬৬৪.১৮ টাকা। **বায়নামূল্য ঃ** ১,৪৪,৯০০ টাকা। **সম্পাদনের সময়সীমা ঃ** ৬ (ছয়) মাস। **ক্রমিক নং-২। এনআইটি নম্বর ঃ ১৫৯_ ২০২৩-২৪, তারিখ ঃ ২৮.০৮.২০২৩। কাজের বিবরণ** ঃ ডিইএন/এইচডব্লুএইচ-এর অধীনে ব্যান্ডেলে ১০ শয্যাবিশিষ্ট মহিলা আরপিএফ ব্যারাক নির্মাণ। **আনুমানিক ব্যয়ঃ** ৩৮,৯৩,৭৮০.৮৮ টাকা। **বায়নামূল্য ঃ** ৭৭,৯০০ টাকা। **সম্পাদনের সময়সীমা ঃ** ৬ (ছয়) মাস। **ক্রমিক নং-৩। এনআইটি নম্বর ঃ ১৫৮_ ২০২৩-২৪, তারিখ ঃ ২৮.০৮.২০২৩। কাজের বিবরণ** ঃ হাওড়া ডিভিসন- ডিইএন/১/ এইচডব্লুএইচ-এর অধিক্ষেত্রে বিডিসি-এসকেজি ডিএন/এমএল-এ ৮১.২০৫-৮১.৩০৫=০.১০০ কিমি., ৮১.৪৫৬-৮২.৩১৫=০.৮৫৯ কিমি. ও ৮২.৫০০-৯০.৮০০=৮.৩০০ কিমি. অবস্থানে টিএসআর (পি) কাজ। **আনুমানিক ব্যয়ঃ** ২,০৫,৩৯,৪৩৪.০৯ টাকা। **বায়নামূল্য ঃ** ২,৫২,৭০০ টাকা। **সম্পাদনের সময়সীমা ঃ** ১২ (বারো) মাস। **টেন্ডার ফর্মের মূল্যঃ** ০ (ক্রমিক সংখ্যা ১ থেকে ৩ প্রতিটির জন্য)। যদি টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত বন্ধের তারিখ কোনো কারণবশতঃ ঘোষিত ছুটির/বন্ধের/ধর্মঘটের দিন হয়, সেক্ষেত্রে অনলাইনে টেন্ডার বন্ধের তারিখের পরিবর্তন হবে না কারণ আইআরইপিএস-এর ওয়েবসাইটে আবেদনের ক্ষেত্রে টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরে কোনো প্রস্তাব দাখিলের অনুমতি নেই। যদিও অনলাইনে টেন্ডার খোলা হবে পরবর্তী কাজের দিন। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ১৮.০৯.২০২৩ তারিখে দুপুর ২.০০টা। টেন্ডারের বিশদ বিবরণ ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে অনলাইন অফার জমা করতে টেন্ডার-দাতাদের অনুরোধ জানানো হচ্ছে। কোনো ম্যানুয়াল অফার গ্রাহ্য হবে না।
(HWH-232/2023-24)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট **www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in**-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway
easternrailwayheadquarter

GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER
SANKRAIL DEVELOPMENT BLOCK, HOWRAH
ABRIDGED NOTICE INVITING e-TENDER

Block Development Officer, Sankrail Development Block invites e-tender for following Work related to Civil Development Work as follows:

Sl No.	Tender Reference No.	Tender ID	Last Date of Submission	Date of Opening
1	eN.I.T 04/BDO of 2023-24, Sl No.-1	2023_ZPHD_561176_1	07/09/2023	09/09/2023
2	eN.I.T 04/BDO of 2023-24, Sl No.-2	2023_ZPHD_561176_2	07/09/2023	09/09/2023
3	eN.I.T 04/BDO of 2023-24, Sl No.-3	2023_ZPHD_561176_4	07/09/2023	09/09/2023

Intending bidders are requested to visit the website https://wbtenders.gov.in for details. For other details may contact with the office of the undersigned.
Sd/- BLOCK DEVELOPMENT OFFICER
SANKRAIL DEVELOPMENT BLOCK, HOWRAH

স্পটলাইট বানিজ্য লিমিটেড

CIN - L65993WB1981PLC034252
রেজিস্টার অফিস ঃ ২, রেড ক্রস প্লেস, কলকাতা-৭০০ ০০১
Website : www.spotlightvanijya.com, e-mail : kkothari@hngil.com
ফোন ঃ (০৩৩) ২২৫৪ ৩১০০, ফ্যাক্স ঃ (০৩৩) ২২৫৪ ৩১৩০

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে ৪০তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) কোম্পানির অনুষ্ঠিত হবে সোমবার, ২৫ সেপ্টেম্বর, ২০২৩ বিকাল ৩.৩০ ঘটিকায় কোম্পানির রেজিস্টার অফিসে ২ রেডক্রস প্লেস, কলকাতা ৭০০০০১ আলোচ্য বানিজ্যিক সূচী স্থির রয়েছে নোটিসে, যা প্রদান করা হয়েছে শনিবার, ২ সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে সঙ্গে প্রক্সি ফর্ম, ব্যালট ফর্ম, উপস্থিতির স্লিপ এবং আর্থিক ফলাফল আ.ব. ২০২২-২০২৩ শেয়ার হোল্ডারদের তাদের রেজিস্টার ঠিকানায় কুরিয়ারের মাধ্যমে। এজিএম নোটিস সঙ্গে সংযুক্তি (সংযুক্ত) পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে -www.spotlightvanijya.com এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোসিটারি লি. (এনএসডিএল) ই-ভোটিং ওয়েবসাইট -www.evoting.nsdl.com।
অনুসারী ধারা ১০৮ কোম্পানি আইন,২০১৩ সঙ্গে পড়তে হবে ধারা ২০ কোম্পানি (প্রশাসনিক এবং পরিচালন) ধারা, ২০১৪, সংশোধনী এবং ধারা ৪৪ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ কোম্পানির সদস্য যারা শেয়ার ধরে রেখেছেন হয় ফিজিক্যাল ফর্মে বা ডিমেটিরিয়ালাইজড ফর্মে সোমবার, ১৮ সেপ্টেম্বর,২০২৩ প্রদান করা হবে ইলেকট্রনিক পদ্ধতিতে ভোটদানের সুবিধা (রিমোট ই-ভোটিং) যা প্রদান করবে এনএসডিএল সমস্ত আলোচনায় যা স্থির রয়েছে এজিএম নোটিসে। কোন সদস্য, শেয়ার নিয়েছেন কোম্পানির এবং সদস্য হয়েছেন কোম্পানির নোটিস পাঠানোর পর এবং শেয়ার ধরে রেখেছেন কাট-অফ তারিখে, লগইন আইডি এবং পাসওয়ার্ড পেতে অনুরোধ পাঠান -**evting@nsdl.co.in** বা **mdpldc@yahoo.com**।
ই-ভোটিং মেয়াদ শুরু হবে শুক্রবার, ২২ সেপ্টেম্বর,২০২৩ সকাল ৯.০০ ঘটিকায় এবং শেষ হবে রবিবার ২৪ সেপ্টেম্বর, ২০২৩ বিকাল ৫.০০ ঘটিকায়। ই-ভোটিং মডিউল বন্ধ করবে এনএসডিএল এবং উল্লেখিত তারিখ ও সময়ের পর ভোটদান গ্রাহ্য হবে না। ই-ভোটিংয়ে একবার কোন বিষয়ে ভোটপ্রদান করা হলে, সদস্যরা তা আর পরিবর্তন করতে পারবেন না। শেয়ার হোল্ডারদের ভোটাধিকার বিবেচিত হবে তাদের শেয়ারের প্রদেয় ইক্যুইটি শেয়ার মূলধনে কোম্পানির যা গৃহীত রয়েছে উল্লেখিত কাট-অফ তারিখে।
ব্যালট পেপারে ভোটের সুবিধা পাওয়া যাবে সভাস্থলে এবং সদস্য, যারা ভোট দেননি রিমোট ই-ভোটিংয়ে, তারাই বিবেচিত হবেন সভাস্থলে ভোট প্রদানে। দয়াকরে লক্ষ্য করবেন যে যদি ই-ভোটিংয়ে ভোট দিলে, শেয়ার হোল্ডাররা এজিএমে ভোটদান করতে পারবেন না কিন্তু এজিএমে যোগদানে বিবেচিত হবেন।
যদি কোন প্রশ্ন থাকে, আপনারা দেখতে পারেন 'এফএকিউএস' শেয়ার হোল্ডারদের এবং ই-ভোটিং ইউজার ম্যানুয়াল যা পাওয়া যাবে ডাউনলোড সেকশানে-www.evoting.nsdl.com বা কল করুন ০২২-৪৮৮৬-৭০০০ এবং ০২২-২৪৯৯-৭০০০ বা পাঠান ইমেল-evoting@nsdl.co.in।
আরও, বিজ্ঞাপিত করা যায় যে অধীন ধারা ৯১ কোম্পানি আইন,২০১৩, সঙ্গেপড়তে হবে ধার যা রয়েছে এবং ধারা ৪২ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা,২০১৫ যে কোম্পানির সদস্য রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার বুক বন্ধ থাকবে মঙ্গলবার, ১৯ সেপ্টেম্বর, ২০২৩ থেকে সোমবার, ২৫ সেপ্টেম্বর,২০২৩ (উভয় দিন সহ) পর্যন্ত উল্লেখিত এজিএমের জন্য।

স্পটলাইট বানিজ্য লিমিটেড-এর পক্ষে
স্বা /- (এন. ডি. মাহেশ্বরী)
ডিরেক্টর
DIN : 02177410
স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ৩১ আগস্ট, ২০২৩

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The **Director General (Mechanical), Roads, KMC** invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/ASPH/PB/SS-6/23-24
Name of the Work: **Replacement of picks (cutting tools) for departmental cold milling machines (W-100 & W-50) under roads Mechanical Department.** Estimated Amount: **Quotation.** Earnest Money: **2% of quoted amount.** Period of Completion: **10 days.** Last date and time of submission of bid: **13.09.2023 at 1.30 p.m.** Bid opening date and time for technical proposal: **15.09.2023 at 1.30 p.m.** The bid forms and other details are available on and from **01.09.2023 (6 p.m.)** from the website **https://wbtenders.gov.in**

(2) NIT No. : KMC/ASPH/GG/MG-998/2023-24 (1st Call)
Name of the Work: **Replacement of of road surface from P2 Unique Park to 367 Unique Park and from 311 Unique Park to 315A Unique Park and others in Ward No. 130, Br.-XIV under Roads (M) Department.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 4,20,997.57.** Earnest Money: **Rs. 8,500.00.** Period of Completion: **15 days.** Last date and time of submission of bid: **09.09.2023 at 3 p.m.** Bid opening date and time for technical proposal (online): **11.09.2023 at 3 p.m.** The bid forms and other details are available on and from **01.09.2023 at 5 p.m.** from the website **https:// wbtenders.gov.in.**

(3) NIT No. : KMC/ASPH/GG/BN-32/2022-23 (1st Call)
Name of the Work: **Restoration of road surface by levelling and allied civil works from Premises No. 2F, Sonali Park to J22, Banerjee Para in Ward No. 111, Br.-XI under Roads Mechanical Department.** Estimated Amount (Including GST, Contingency and CESS): **Rs. 4,52,444.71.** Earnest Money: **Rs. 9,500.00.** Period of Completion: **15 days.** Last date and time of submission of bid: **12.09.2023 at 12.30 p.m.** Bid opening date and time for technical proposal: **14.09.2023 at 12.30 p.m.** The bid forms and other details are available on and from **01.09.2023 (5 p.m.)** from the website **https://wbtenders.gov.in**

(4) NIT No. : KMC/ASPH/GG/MH-03/2023-24 (1st Call)
Name of the Work: **Development of road surface near Patra Para Bazar from Premises No. 153 to Premises No. 194/5/47/1 in Ward No. 142, Br.-XVI under Roads mechanical Department.** Estimated Amount (Including GST and CESS): **Rs. 4,43,089.99.** Earnest Money: **Rs. 9,000.00.** Period of Completion: **15 days.** Last date and time of submission of bid: **12.09.2023 upto 11 a.m.** The bid forms and other details are available on and from **02.09.2023 after 6 p.m.** from the website **https://wbtenders.gov.in**

(5) NIT No. : KMC/ASPH/PB/S.J.M-08/23-24 (1st Call)
Name of the Work: **Improvement of road surface at K. C. Bose Road and connecting roads of Bhupen Bose Avenue and Shyambazar Street by Lowering and allied works in Ward No. 8, Br.-I under Roads Mechanical Department.** Estimated Amount (Including GST and CESS): **Rs. 4,97,563.75.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **20 days.** Last date and time of submission of bid: **15.09.2023 at 11 a.m.** The bid forms and other details are available on and from **05.09.2023 after 5 p.m.** from the website **https://wbtenders.gov.in**

(6) NIT No. : KMC/ASPH/PB/GM-02/23-24
Name of the Work: **Supply and fitting, fixing of load cells with accessories at departmental weigh bridge of Asphaltum Palmer Bazar Plant.** Estimated Amount: **Quotation.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **7 days.** Last date and time of submission of bid: **09.09.2023 at 12 noon.** Bid opening date and time for technical proposal (online): **12.09.2023 at 12 noon.** The bid forms and other details are available on and from **29.08.2023 (after 6 p.m.)** from the website **https://wbtenders.gov.in**

(7) NIT No. : KMC/ASPH/GG/MG-009/2023-24 (1st Call)
Name of the Work: **Repairing of road surface at Srijani, Ranjit Park, 22 Bigha, Kalyan Nagar etc. in Ward No. 143, Br.-XVI under Roads (M) Department.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 2,98,337.84.** Earnest Money: **Rs. 6,000.00.** Period of Completion: **60 days.** Last date and time of submission of bid: **09.09.2023 at 3 p.m.** Bid opening date and time for technical proposal (online): **11.09.2023 at 3 p.m.** The bid forms and other details are available on and from **01.09.2023 at 5 p.m.** from the website **https:// etender.wb.nic.in**

(8) NIT No. : KMC/ASPH/PB/MH-02/2023-24 (1st Call)
Name of the Work: **Engagement of hire moveable type mounted earth excavator for the development of approach road at GRU Dumping Ground at T. G. Road in Ward No. 133, Br.-XV under Roads Mechanical Department.** Estimated Amount (Including CESS): **Rs. 4,90,275.41.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **180 days.** Last date and time of submission of bid: **12.09.2023 at 11 a.m.** The bid forms and other details are available on and from **02.09.2023 after 6 p.m.** from the website **https://wbtenders.gov.in**

The **Dy. Chief Engineer (Mechanical), Roads, KMC** invites tender online item rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/ASPH/P.B/BNG-05/2023-24
Name of the Work: **Repairing, replacement and fitting, fixing of some urgent spare parts in oil distribution section at Asphaltum Department, Palmer Bazar.** Estimated Amount: **Quotation.** Earnest Money: **Rs. 3,500.00.** Period of Completion: **10 days.** Last date and time of submission of bid: **13.09.2023 at 2 p.m.** Bid opening date and time for technical proposals (online): **15.09.2023 at 2 p.m.**

(2) NIT No. : KMC/ASPH/P.B/BNG-06/2023-24
Name of the Work: **Manufacturing and delivery of scrappers for DM-45 Plant at Asphaltum Department, Palmer Bazar.** Estimated Amount: **Quotation.** Earnest Money: **Rs. 3,500.00.** Period of Completion: **10 days.** Last date and time of submission of bid: **14.09.2023 at 2 p.m.** Bid opening date and time for technical proposals (online): **16.09.2023 at 2 p.m.**

(3) NIT No. : KMC/ASPH/P.B/SAB-Q8/2023-24
Name of the Work: **Vulcanizing and delivery of Bin Box conveyor belt for DM-50 Plant at Asphaltum Department, Palmer Bazar.** Estimated Amount: **Quotation.** Earnest Money: **Rs. 4,500.00.** Period of Completion: **10 days.** Last date and time of submission of bid: **09.09.2023 upto 2 p.m.** Bid opening date and time for technical proposal: **11.09.2023 at 2 p.m.** The bid forms and other details are available on and from **31.08.2023 (6 p.m.)** from the website **https://wbtenders.gov.in [For Sl. No. 1 to 3].**

(4) NIT No. : KMC/ASPH/GG/MH-08/2023-24 (1st Call)
Name of the Work: **Raising of manholes and catchpits at different parts of Ramgarh from Block-A to E in Ward No. 100, Br.-X under Roads, Mechanical Department.** Estimated Amount (Including GST & CESS): **Rs. 2,98,714.35.** Earnest Money: **Rs. 6,000.00.** Period of Completion: **20 days.** Last date and time of submission of bid: **12.09.2023 at 11 a.m.** The bid forms and other details are available on and from **02.09.2023 after 6 p.m.** from the website **https://wbtenders.gov.in**

(5) NIT No. : KMC/ASPH/PB/GKG-01/2023-24
Name of the Work: **Supply and fitting, fixing of spares for maintenance work of DM-45 and DM-50 hot mix plant at Asphaltum Palmer Bazar.** Estimated Amount: **Quotation.** Earnest Money: **Rs. 3,400.00.** Period of Completion: **7 days.** Last date and time of submission of bid: **11.09.2023 at 2 p.m.** Bid opening date and time for technical proposal: **13.09.2023 at 2.30 p.m.** The bid forms and other details are available on and from **31.08.2023 (5 p.m.)** from the website **https://wbtenders.gov.in**

665/23-24

ডুরান্ডের ফাইনালে মোহনবাগান

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ আগস্টঃ ফুটবল সমর্থকরা এমনটাই চেয়েছিলেন। রবিবারের বিকেল, কানায় কানায় পূর্ণ যুবভারতী ক্রীড়াঙ্গন, আর মাঠে কলকাতা ডার্বি। আর কী চাই! সবসময় চাওয়া-পাওয়া মিলে যাবে তা নয়। মন থেকে চাইলে, অনেক সময়ই পাওয়া যায়। এফসি গোয়ার বিরুদ্ধে মোহনবাগান শুরু থেকেই দুর্দান্ত। মুম্বই সিটি এফসির মতো দলকে হারিয়ে শেষ চারে জায়গা করে নিয়েছিল সবুজ মেরুন। ভয় ছিল আত্মতুষ্টির। প্রথমার্ধের মাঝপথে যেন তাই হল। এক গোলে পিছিয়ে পড়ে যেন সম্বি ফিরে পেয়েছিলেন মোহনবাগান ফুটবলাররা। ঘুরে দাঁড়ানোর আপ্রাণ চেষ্টা। শেষ অবধি ফাইনাল নিশ্চিত। এফসি গোয়াকে ২-১ ব্যবধানে হারিয়ে ডুরান্ডে স্বপ্নের ফাইনাল নিশ্চিত করল সবুজ মেরুন শিবির। ২০০৪ সালের পর ফের ডুরান্ড ফাইনালে কলকাতা ডার্বি। দুরন্ত ছন্দে থাকা হুগো বোমাস এমন ভুল করবেন এ যেন কল্পনার বাইরে। ডান দিকে পাস করেন বল। তাও এফসি গোয়ার প্লেয়ার নোয়ার দিকে! বক্সের কাছাকাছি প্রতিপক্ষ ফুটবলারের থেকে এমন সাজানো পাস! কোনও প্লেয়ারই গোল করতে ভুল করবেন না। তাও আবার নোয়া ওয়েলের মতো ফুটবলার যিনি এফসি গোয়ার গত মরসুমে সর্বাধিক স্কোরার ছিলেন। এ বারের ডুরান্ডে আধডজন গোল। ২৩ মিনিটে নোয়ার গোলে গোয়া এগিয়ে যেতেই মোহনবাগান ফুটবলাররা মেজাজ হারাতে শুরু করেন। বল কাড়তে গিয়ে প্রতিপক্ষের



পায়ে মেরে কার্ড দেখেন অনিরুদ্ধ থাপা। ওয়াটার ব্রেকের আগেই একটি সুযোগ আসে মোহনবাগানের কাছে। তাড়াহুড়ো টার্গেটে শট রাখতে পারেননি দিমিত্রি পেত্রাতোস। মোহনবাগান সমর্থকরা এসেছিলেন, দলের আরও একটা জয় দেখতে। মরসুমের প্রথম ডার্বি হারের জ্বালা। টানা আটটি ডার্বি জয়ে যে আনন্দধারা বয়েছিল, একটা হারে সেই উচ্ছ্বাসের বেলুন চুপসে গিয়েছিল। এফসি গোয়াকে হারালে আরও একটা ডার্বি। সেখানে বদলা নেওয়া যাবে। কিন্তু ২৩ মিনিটের সেই গোল গ্যালারিকে নির্বাক করে দেয়। ৩৮ মিনিটে রেফারির সিদ্ধান্ত নিয়ে বিতর্ক। গোয়া ডিফেন্ডার জয় গুপ্ত ট্যাকল করেছিলেন আশিক কুরুনিয়ানকে। ট্যাকলের পয়েন্ট বক্সের বাইরে এবং আশিক পড়েন ভেতরে। পেনাল্টি না ফ্রি-কিক, এই নিয়ে নাটক। রেফারি পেনাল্টি দেন। ৪২ মিনিটে বিশ্বকাপার জেসন কামিন্স স্পটকিক থেকে গোল করে সমতা ফেরান। এফসি গোয়া গোলকিপার ধীরজ বাঁ দিকে ডাইভ দেন, কামিন্সের শট ছিল ডান দিকে। প্রথমার্ধে এফসি গোয়ার বল পজেশন ৬৪ পারসেন্ট, মোহনবাগান মাত্র ৩৬। বিরতিতে ১-১ স্কোরলাইন। ম্যাচ শুরুর ঘণ্টাখানেক পর চিত্র পুরোপুরি বদলে দেন আর্মান্দো সাদিকু। এ যেন আইপিএলের 'ইমপ্যাক্ট' প্লেয়ারের মতো। পরিবর্ত হিসেবে নেমেছিলেন আর্মান্দো সাদিকু। প্রথমার্ধে বোমাসের ভুলে পিছিয়ে পড়েছিল মোহনবাগান। সেই বোমাসের পরিবর্তেই নামানো হয়েছিল। বক্সের অনেকটা বাইরে লম্বা পাস আসছিল সাদিকুর দিকে। সামনে জাতীয় দলের সেরা ডিফেন্ডার সন্দেশ ঝিঙ্গান। স্লাইড করে বল আটকাতে পারেননি। সন্দেশের থেকে নবীশের মতো ভুল। পুরোমাত্রায় সুযোগ নিলেন সুপার সাব সাদিকু। বল পান সাদিকু। হালকা টার্ন, বল ধরে কিছুটা সময় নিয়ে দূর থেকেই জোরালো শট। কোনও রাগ-অভিমান যেন ঝরে পড়ল তাঁর শটে! অনূর্ধ্ব ১৭ বিশ্বকাপ খেলা গোয়ার কিপার ধীরজকে কোনও সুযোগই দেননি। ৬২ মিনিটেই ২-১ লিড নেয় মোহনবাগান। গ্যালারি ফের পুরনো মেজাজে। গ্যালারিতে পোস্টার 'এই মাঠেই বদলা নেব'। ততক্ষণে সমর্থকরাও বুঝতে পেরেছেন, ফাইনালে ডার্বি এখন সময়ের অপেক্ষা। মোহনবাগান গোলরক্ষক সেই স্বপ্নকে প্রাণপনে ধরে রাখেন। শেষ দিকে তাঁর একটি দুরন্ত সেভ। রবিবার ফের ডার্বি।

বাবা হলেন সুনীল ছেত্রী, শুভেচ্ছায় ভাসছেন দেশের ফুটবল আইকন

বেঙ্গালুরু, ৩১ আগস্টঃ বাবা হলেন ভারতীয় দলের অধিনায়ক সুনীল ছেত্রী। পুত্র সন্তানের জন্ম দিয়েছেন তাঁর স্ত্রী সোনম। এই খবরের পরে খুশির হাওয়া গল্ফগ্রিনের ভট্টাচার্য পরিবারে। কারণ দাদু হলেন ভারতীয় ফুটবলের কিংবদন্তি তারকা সুব্রত ভট্টাচার্য। এরফলে তাঁর জীবনে এখন উসবের হাওয়া। বেঙ্গালুরুর নার্সিংহোমে ভর্তি রয়েছেন মা ও পুত্র, বর্তমানে দুজনেই সুস্থ রয়েছেন। সূত্রের খবর, বুধবার সকাল ১১টা নাগাদ পুত্র সন্তান জন্ম হয় সোনমের। যদিও ছেলের কী নাম রাখা হয়েছে সে বিষয়ে এখনও কোনও তথ্য সামনে আসেনি। এশিয়ান গেমসে খেলতে যাওয়ার আগে ভারতীয় দল কিংস কাপে খেলবে। যদিও সন্তানের জন্মের জন্য কিংস কাপের দলে নেই সুনীল ছেত্রী। আগেই কোচ ইগর স্টিম্যাচের কাছে ছুটি চেয়ে নিয়েছিলেন সুনীল। মঙ্গলবার সুনীলকে বাদ রেখেই দল ঘোষণা করেছিলেন ইগর স্টিম্যাচ। কারণ, সুনীল বাবা হতে চলেছেন। সেই কারণেই তাঁকে কিংস কাপে খেলতে নিয়ে যাওয়া হচ্ছে না। ২০০৫ সাল থেকে জাতীয় দলে খেলছেন সুনীল। দেশের জার্সিতে সর্বাধিক ম্যাচ খেলার নজির গড়েছেন তিনি। বর্তমানে যতজন সক্রিয়া ফুটবলার দেশের হয়ে খেলছেন, তাঁদের মধ্যে তৃতীয় সর্বাধিক গোলের মালিক সুনীল ছেত্রী। তাঁর আগে রয়েছেন রোনাল্ডো ও মেসি। সুনীল-সোনমকে নিয়ে আপডেট নিয়মিতভাবে সোশ্যাল মিডিয়ায় দিয়ে থাকেন সাহেব ভট্টাচার্য। যিনি কিংবদন্তি ফুটবলার সুব্রত ভট্টাচার্যের ছেলে। সুনীলের শ্যালক। তবে দম্পতির পুত্রসন্তান নিয়ে তিনিও এখনও পর্যন্ত সোশ্যাল মিডিয়ায় কোনও পোস্ট করেননি। ছেলের কী নাম রাখা হয়েছে সে বিষয়েও

কিছু জানা যায়নি। তবে পরিবার সূত্রে খবর, মা ও সদ্যোজাত, উভয়ই ভালো আছে এবং সুস্থ আছেন। যদিও সুনীল নিজে এখনও এ বিষয়ে সোশ্যাল মিডিয়ায় কিছু পোস্ট করেননি। সুনীল এ ব্যাপারে এখনও কোনও পোস্ট করেননি। এর আগে ডেঙ্গিতে আক্রান্ত হয়েছিলেন সোনম। উদ্বেগ ছড়িয়ে পড়েছিল। সেখান থেকে সুস্থ হয়েই পুত্র সন্তানের জন্ম দিলেন সোনম। কয়েক মাস আগেই সুনীল ছেত্রীর একমাত্র গোলে ভানুয়াতুকে পরাস্ত করে ইন্টার কন্টিনেন্টাল কাপের ফাইনালে প্রবেশ করেছিল ভারত। পরে কাপও জেতে ভারত। কলিঙ্গ স্টেডিয়ামে শেষ মুহূর্তে জ্বলে উঠেছিলেন কেরিয়ারের শেষ লগ্নে দাঁড়িয়ে থাকা সুনীল। আর গোল করার পরেই সুখবর দিয়েছিলেন ভারতীয় ফুটবল দলের অধিনায়ক। অবশেষে অপেক্ষার অবসান হল। বাবা হলেন ভারতীয় ফুটবল দলের অধিনায়ক সুনীল ছেত্রী।

'বিরাট প্রশংসা আত্মবিশ্বাস দিচ্ছে', ভারত-পাক মহারণের আগে বলছেন বাবর আজম

ইসলামাবাদ, ৩১ আগস্টঃ আত্মবিশ্বাসে ভরপুর পাকিস্তানের এশিয়া কাপ যাত্রার শুরুটা দারুণ হয়েছে। বাবর আজমের পাকিস্তান উপমহাদেশীয় প্রতিযোগিতার উদ্বোধনী ম্যাচে বিরাট জয় পেয়েছে। নেপালকে ২৩৮ রানের বড় ব্যবধানে হারিয়েছে গ্রিন আর্মি। এ বার পাকিস্তানের মিশন মেন ইন ব্লুকে হারানো। ২ সেপ্টেম্বর বহু প্রতীক্ষার ভারত-পাকিস্তান ম্যাচ। এই ম্যাচের আগে ভারতের প্রাক্তন অধিনায়ক কোহলির বিরাট প্রশংসা করেছেন বাবর। একইসঙ্গে বাবর জানিয়েছেন, বিরাটের মতো বড় ক্রিকেটারের কাছ থেকে প্রশংসিত হয়ে তাঁর আত্মবিশ্বাস বেড়েছে। কোহলিকে নিয়ে আর কী কী বললেন বাবর? শ্রীলঙ্কার পাল্লেকেলে ২ সেপ্টেম্বর ভারত-পাকিস্তানের ম্যাচ। সেই ম্যাচের আগে গ্রিন আর্মির নেতা বাবর আজম জানিয়েছেন, তিনি বিরাট কোহলির কাছ থেকে অনেক কিছু শিখেছেন। যা তাঁর উন্নতিতে সাহায্য করেছে। কয়েকদিন আগে বিরাট কোহলি জানিয়েছিলেন, এই মুহূর্তে তিন ফর্ম্যাটেই বিশ্বের অন্যতম সেরা ব্যাটার বাবর আজম। বিরাটের এই প্রশংসার প্রেক্ষিতে এ বার বাবর নিজের অনুভূতির কথা জানিয়েছেন। এশিয়া কাপের সম্প্রচারকারী চ্যানেল স্টার স্পোর্টসে বাবর আজম বলেন, ''বিরাট কোহলির থেকে আমি

অনেক কিছু শিখেছি। কোহলির মতো বড় মাপের ক্রিকেটার যখন আমাকে নিয়ে বলেছে, তা আত্মবিশ্বাস দিচ্ছে। আমার কাছে গর্বের মুহূর্ত।'' বাবর আরও বলেন, ''২০১৯ সালে যখন বিরাট কোহলির সঙ্গে আমার দেখা হয়েছিল, সেই সময় ও কেরিয়ারের সেরা সময়ের মধ্য দিচ্ছে যাচ্ছিল। এখনও ও দুরন্ত ফর্মে রয়েছে। আমি ওকে ব্যাটিং অ্যাপ্রোচ নিয়ে কিছু প্রশ্ন করেছিলাম, আমাকে বিস্তারিত বুঝিয়েছিল। আর তা থেকে আমার অনেক সুবিধেও হয়েছিল।'' এই মুহূর্তে পাকিস্তান বিশ্বের এক নম্বর ওডিআই টিম। বাবর আজম ওডিআইতে এক নম্বর ব্যাটার। মুলতানে তিনি নেপালের বিরুদ্ধে এশিয়া কাপের উদ্বোধনী ম্যাচে ১৩১ বলে ১৫১ রান করেছেন। পাকিস্তান ওই ম্যাচ জিতেছেও। এ বার দেখার ভারতের বিরুদ্ধে তাঁর ব্যাট জ্বলে ওঠে কিনা। এবং পাকিস্তান টিম ইন্ডিয়াকে হারাতে পারে কিনা।

স্ট্রেট সেটে জয় জকোভিচের, তৃতীয় রাউন্ডে পৌঁছলেন ইগাও

নিউ ইয়র্ক, ৩১ আগস্টঃ চলতি ইউএস ওপেনে দুরন্ত ছন্দে রয়েছেন সার্বিয়ান টেনিস সুপারস্টার নোভাক জকোভিচ। এ বারের যুক্তরাষ্ট্র ওপেনের দ্বিতীয় রাউন্ডে তিনি স্ট্রেট সেটে হারালেন স্পেনের বার্নাবে জাপাতা মিরালেসকে। নোভাক তৃতীয় রাউন্ডে উঠেছেন। পাশাপাশি মহিলাদের সিঙ্গলসে পোলিশ সুপারস্টার ইগা স্বোয়াতেকও পৌঁছে গিয়েছেন তৃতীয় রাউন্ডে। পাশাপাশি লড়াই করে তৃতীয় রাউন্ডে পা রেখেছেন চলতি বছরের ফরাসি ওপেনে মেয়েদের সিঙ্গলসের রানার্স ক্যারোলিনা মুচোভাও। তবে পুরুষদের সিঙ্গলসে স্তেফানোস সিসিপাস বিদায় নিলেন দ্বিতীয় রাউন্ড থেকে। ইউএস ওপেনে পুরুষদের সিঙ্গলসের দ্বিতীয় রাউন্ডে স্পেনের বার্নাবে জাপাতার বিরুদ্ধে দারুণ লড়াই করেন জোকার। তিন সেটের লড়াই চলে দু'ঘণ্টা ধরে। প্রথম সেটে জকোভিচের বিরুদ্ধে বার্নাবে ভালো লড়াই করেন। ওই সেট শেষ হয় ৬-৪ ব্যবধানে। কিন্তু পরের দুই সেটে জোকার তাঁকে খুব একটা সুযোগই দেননি। শেষ ২ সেটে ছয় বার জকোভিচের সার্ভিস ভাঙার সুযোগ পেয়েছিলেন বার্নাবো। কিন্তু এক বারও পারেননি। শেষ অবধি ম্যাচের ফলাফল দাঁড়ায় জকোভিচের পক্ষে ৬-৪, ৬-১, ৬-১। তৃতীয়

রাউন্ডে তাঁর প্রতিপক্ষ সার্বিয়ার লাসলো। অন্যদিকে গত বারের ইউএস ওপেন চ্যাম্পিয়ন ইগা স্বোয়াতেক মহিলাদের সিঙ্গলসের দ্বিতীয় রাউন্ডে হারিয়েছেন অস্ট্রেলিয়ার দারিয়া স্যাভিলকে। ১ ঘণ্টা ৩৪ মিনিটের লড়াইয়ে স্ট্রেট সেটে অজি টেনিস প্লেয়ারকে হারিয়েছেন পোলিশ সুপারস্টার ইগা। ম্যাচের ফল ৬-৩, ৬-৪। তৃতীয় রাউন্ডে ইগা নামবেন স্লোভেনিয়ান টেনিস প্লেয়া কাজা জুভানের বিরুদ্ধে। এদিকে চলতি বছরের ফরাসি ওপেনের রানার্স ক্যারোলিনা মুচোভা ইউএস ওপেনের দ্বিতীয় রাউন্ডে নেমেছিলেন পোল্যান্ডের ম্যাগডালেনা ফ্রেচের বিরুদ্ধে। তাঁদের লড়াই চলে প্রায় ১ ঘণ্টা ১৯ মিনিট। স্ট্রেট সেটে ফ্রেচের বিরুদ্ধে জিতেছেন মুচোভা। পুরো ম্যাচে মুচোভার দাপটই নজরে পড়েছে। ৬-৩, ৬-৩ ব্যবধানে দ্বিতীয় রাউন্ডে জিতে মুচোভা এ বার তৃতীয় রাউন্ডে নামবেন আমেরিকার টেলর টাউনসেন্টের বিরুদ্ধে। অন্য একটি ম্যাচে সুইস টেনিস প্লেয়ার ডমিনিক স্ট্রাইকার গ্রিসের টেনিস তারকা স্তেফানোস সিসিপাসকে রোমাঞ্চকর পাঁচ সেটের লড়াইয়ে ৭-৫, ৬-৭ (২), ৬-৭ (৫), ৭-৬ (৬), ৬-৩ ব্যবধানে হারিয়েছেন। কেরিয়ারের অন্যতম গুরুত্বপূর্ণ জয় অর্জন করেছেন তিনি। এই অসাধারণ জয়ের ফলে স্ট্রাইকার ইউএস ওপেনের তৃতীয় রাউন্ডে পৌঁছে গিয়েছেন। বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ১২৮ নম্বরে রয়েছেন স্ট্রাইকার।

'বেবি এবি'র প্রোটিয়া দলে ডেবিউ, উচ্ছ্বাসে মাতলেন তিলক

নয়াদিল্লি, ৩১ আগস্টঃ এক বন্ধু অপর বন্ধুর আনন্দে খুশি আর দুঃখে কষ্ট পায়। এই ছবি সকলের পরিচিত। বন্ধুত্বের বন্ধন কোনও বাঁধা মানে না। ভারতের তরুণ তুর্কি তিলক ভার্মা এবং দক্ষিণ আফ্রিকার রাইজিং স্টার ডিওয়াল্ড ব্রেভিসের বন্ধুত্ব বিরাট গভীর। আইপিএল ফ্র্যাঞ্চাইজি মুম্বই ইন্ডিয়ান্সের হয়ে খেলতে গিয়ে দু'জনের বন্ধুত্ব। এ বার তা দিন দিন গাঢ় হচ্ছে। চলতি আগস্টে ভারতের হয়ে টি-২০ ক্রিকেটে ডেবিউ হয়েছিল তিলকের। এরপর বন্ধু তিলককে ভিডিয়ো কল করে শুভেচ্ছা জানিয়েছিলেন ব্রেভিস। শুধু তাই নয়, অজিদের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার টি-২০ সিরিজের দলে ডাক পান ব্রেভিস। এর পর বন্ধুকে শুভেচ্ছা জানাতে ভোলেননি তিলক। এ বার প্রোটিয়া দলে ব্রেভিসের ডেবিউ হতেই উচ্ছ্বাসে মাততে দেখা গেল তিলককে। এশিয়া কাপের জন্য বর্তমানে শ্রীলঙ্কায় তিলক ভার্মা। ক্যারিবিয়ানদের বিরুদ্ধে ভারতের জার্সিতে টি-২০ ডেবিউ ম্যাচ খেলেছেন তিলক। এ বার এশিয়া কাপে তাঁর ওডিআই ডেবিউ হওয়ার পথে। তার আগে অবশ্য বন্ধু ব্রেভিসের দক্ষিণ আফ্রিকা টিমে ডেবিউ হওয়ায় বিরাট উচ্ছ্বাস প্রকাশ করতে দেখা গিয়েছে তিলক ভার্মাকে। ভারতীয় তারকা ক্রিকেটার সূর্যকুমার যাদব ইন্সটাগ্রামে তিলকের প্রতিক্রিয়ার ভিডিয়ো শেয়ার করেছেন। যেখানে দেখা গিয়েছে, যে সময় ডেবিউ ক্যাপ হাতে তুলে নিয়েছেন ব্রেভিস তখন টেলিভিশনের সামনে এক গাল হাসিমুখে বন্ধুকে শুভেচ্ছা জানাচ্ছেন তিলক।

জাতীয় দলে ডেবিউ ম্যাচে অবশ্য খুব বেশি রান করতে পারেননি ডিওয়াল্ড ব্রেভিস। ৬ বলে মাত্র ৫ রান করেন ব্রেভিস। দক্ষিণ আফ্রিকা বনাম অস্ট্রেলিয়ার তিন ম্যাচের টি-২০ সিরিজের প্রথম ম্যাচ প্রসঙ্গে বলতে গেলে, টস জিতে প্রথমে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নেয় প্রোটিয়ারা। প্রথমে ব্যাটিং করে ৬ উইকেট হারিয়ে ২২৬ রান করে অজিরা। রান তাড়া করতে গিয়ে ১৫.৩ ওভারে ১১৫ রান তুলে অল আউট হয়ে যায় দক্ষিণ আফ্রিকা। ১১১ রানের বিরাট ব্যবধানে জিতে সিরিজে ১-০ এগিয়ে গিয়েছে অজিরা।

ভারতের বিরুদ্ধে নামার আগে ব্যাপক চাপে পাকিস্তান! খেলতে পারবেন না শাহিন

লাহোর, ৩১ আগস্টঃ সবচেয়ে আকর্ষণীয় ম্যাচের জন্য অপেক্ষা করে রয়েছে সারা ক্রিকেট দুনিয়া। ২ সেপ্টেম্বর মুখোমুখি নামতে চলেছে ভারত-পাকিস্তান। বিশ্বকাপের আগে এই ম্যাচ নিশ্চিত দুটো টিমের কাছে অ্যাসিড টেস্ট। নেপালের বিরুদ্ধে এশিয়া কাপের শুরুতে দুরন্ত পারফর্ম করেছে পাকিস্তান টিম। সেঞ্চুরি করেছেন অধিনায়ক বাবর আজম। কিন্তু বিরাট কোহলিদের মুখে নামার আগে ব্যাপক চাপে পাক শিবির। ভারতীয় টপ অর্ডারকে যিনি চাপে রাখতে পারেন, সেই শাহিন শাহ আফ্রিদি ভারতের বিরুদ্ধে খেলতে পারবেন শনিবার? প্রশ্ন থেকে যাচ্ছে। এশিয়া কাপ তো বটেই, বিশ্বকাপেও শাহিন আফ্রিদি পাক বোলিংয়ের স্তম্ভ। তাঁর ফর্মের উপর নির্ভর করবে গ্রিন আর্মির সাফল্য। কিন্তু তাঁর হঠাৎ চোট চাপে পড়ে গিয়েছে বাবর অ্যান্ড কোং। নেপালের বিরুদ্ধে বল হাতে দুরন্ত শুরু করেছিলেন শাহিন। বাঁ হাতি পেসার নতুন বলে বরাবরই ভয়ঙ্কর। বছর কয়েক আগে আমিরশাহি টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারতের বিরুদ্ধে শুরুতেই রোহিত শর্মা আর লোকেশ রাহুলকে ড্রেসিংরুমে ফেরত পাঠিয়ে দিয়েছিলেন। বিরাট কোহলিও ছিলেন তাঁর শিকার। পাকিস্তান সেই ম্যাচ জিতেছিল। শাহিনকে যে কারণে পুরো ফিট চায় পাক টিম। নেপালের বিরুদ্ধে এশিয়া কাপের প্রথম ম্যাচে সেই ঝলকই দেখাচ্ছিলেন। ৫ ওভার বল করেছিলেন তিনি। নিয়েছেন ২টো উইকেট। পুরো স্পেল করলে হয়তো আরও উইকেট মিলত। কিন্তু তার আগেই চোটের কবলে পড়েন। ফিল্ডিংয়ের সময় অস্বস্তি হচ্ছিল তাঁর। টিমের ডাক্তার ও ট্রেনারের সঙ্গে কথা বলার পর তিনি মাঠ ছেড়ে বেরিয়ে যান। আসলে নেপালের মতো দুর্বল প্রতিপক্ষের বিরুদ্ধে কোনও ঝুঁকি নিতে চাইছেন না তিনি। মূলতানে ৩৮ ডিগ্রি গরমে খেলা হচ্ছিল। যে কারণে হয়তো সমস্যা হয়েছে তাঁর।

মেসি গোল পাননি, জেতেনি মায়ামিও

ফ্লোরিডা, ৩১ আগস্টঃ অবশেষে যুক্তরাষ্ট্রে লিওনেল মেসিকে কেউ আটকে রাখতে পারল! ইন্টার মায়ামিতে যোগ দেওয়ার পর এই প্রথম গোল করতে পারেননি মেসি, পারেননি গোল করাতেও, যা যুক্তরাষ্ট্রের ক্লাবটিতে নাম লেখানোর পর ১০ ম্যাচে এই প্রথম। গোলের সঙ্গে মেসির সম্পর্ক না থাকার দিনে জয় পায়নি ইন্টার মায়ামি। আজ মেজর লিগ সকারের (এমএলএস) ম্যাচে ন্যাশভিলের সঙ্গে গোলশূন্য ড্র করেছে মায়ামি। মেসি আসার পর এই প্রথম জয় ছাড়া মাঠ ছাড়ল দলটি। ১১ দিন আগে লিগস কাপের ফাইনালে এই ন্যাশভিলের বিপক্ষেই খেলেছিল ইন্টার মায়ামি। সেদিন নব্বই মিনিটের খেলা ১-১ সমতায় শেষ হওয়ার পর টাইব্রেকারে জিতেছিলেন মেসিরা। আজ লিগের ম্যাচ শুরু হওয়ার আগে সেই ট্রফি মায়ামি দর্শকদের সামনে প্রদর্শনও করা হয়। ম্যাচে দুটি ফ্রি কিক নিয়েছেন মেসি। ৬০ মিনিটে নেওয়া শট আটকে দেন ন্যাশভিল গোলকিপার, আর ৮২ মিনিটের ফ্রি কিক বাধা পায় ডিফেন্ডারদের তৈরি করা দেয়ালে। আর্জেন্টাইন অধিনায়ক সুযোগ তৈরি করেছিলেন দুটি গোলেরও। ৪৪তম মিনিটে বক্সের ভেতরে মেসির

বাড়ানো বল ভালো জায়গায় পেয়েছিলেন রবার্ট টেলর। তাড়াহুড়ো করে নেওয়া তাঁর বাঁ পায়ের শট পোস্টের বাইরে দিয়ে চলে যায়। এর আগে ৩৪তম মিনিটেও মাঝমাঠ থেকে মেসির বাড়ানো বলে সুযোগ কাজে লাগাতে পারেননি টেলর। ম্যাচে সব মিলিয়ে ৭০ শতাংশ সময় বল দখলে রেখেছে ইন্টার মায়ামি। ন্যাশভিলের তুলনায় শটও নিয়েছে ৬টি বেশি (মোট ১৩টি)। তবে দরকারি গোলটিই পায়নি মায়ামি। গোলশূন্য সমতার ম্যাচটি ইন্টার মায়ামির প্লে-অফ ওঠার স্বপ্নে বড় ধাক্কা। ২৪ ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে ১৫ দলের মধ্যে ১৪তম স্থানে মায়ামি। প্লে-অফের পজিশন নয় নম্বরে থাকা শিকাগোর পয়েন্ট ২৬ ম্যাচে ৩২।

মেসির জন্য এমএলএসেও যোগ হতে পারে 'আন্তর্জাতিক বিরতি'

ফ্লোরিডা, ৩১ আগস্টঃ লিওনেল মেসিকে ছাড়াও জিততে হবে-নিউইয়র্ক রেড বুলসের বিপক্ষে জয়ের পর ইন্টার মায়ামির কোচ জেরার্দো মার্তিনো যে কথা বলেছিলেন, সেটার মর্মার্থ ছিল এটাই। যে দলের সব পরিকল্পনা মেসিকে ঘিরেই আবর্তিত হয়, তাদের কেন মেসিকে ছাড়াও ভাবতে হচ্ছে? কারণটাও সেদিন স্পষ্ট করেছিলেন মার্তিনো। তিনি জানিয়েছিলেন, জাতীয় দল আর্জেন্টিনার হয়ে খেলতে মায়ামির কিছু ম্যাচ মিস করবেন মেসি। তবে আগামী বছর থেকে মেসিকে হয়তো আর্জেন্টিনার হয়ে খেলার কারণে মায়ামির ম্যাচ মিস করতে হচ্ছে না। মেসিদের জন্য নাকি নিয়ম পরিবর্তন করার কথা ভাবছে মেজর লিগ সকার (এমএলএস) কর্তৃপক্ষ, সূচিতে যোগ করতে যাচ্ছে আন্তর্জাতিক বিরতি। মূলত আন্তর্জাতিক ফুটবল উইন্ডোর সময় ইউরোপের লিগগুলোর বেশির ভাগ প্রতিযোগিতা বন্ধ থাকে। এ সময়ে বিভিন্ন ক্লাবের ফুটবলাররা নিজ দেশের হয়ে খেলেন। তবে যুক্তরাষ্ট্রের ফুটবল লিগ এমএলএস আন্তর্জাতিক ফুটবল উইন্ডোতে বন্ধ থাকে না। চলতি বছর মেসির আর্জেন্টিনা ম্যাচ খেলবে ছয়টি। সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর-এই

তিন মাসে দুটি করে বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচ খেলবে আর্জেন্টিনা। নভেম্বরে মায়ামির কোনও ম্যাচ নেই। অর্থাৎ নভেম্বরে আর্জেন্টিনার দুটি ম্যাচের জন্য মায়ামির কোনও ম্যাচ মিস করবেন না মেসি। তবে সেপ্টেম্বর ও অক্টোবরে মায়ামির ম্যাচ আছে ১০টি। ঠাসা সূচি, ভ্রমণের ধকল মিলিয়ে হয়তো বেশ কয়েকটি ম্যাচ মিস করবেন মেসি। এ কারণেই নিউইয়র্ক রেড বুলসের বিপক্ষে ম্যাচ শেষে মার্তিনো বলেছিলেন, ''এই জয়ের গুরুত্ব অনেক। এভাবে ঘুরিয়ে-ফিরিয়ে খেলে আমাদের অভ্যস্ত হতে হবে। কারণ, মেসি শিগগিরই জাতীয় দলে যোগ দেবে। সে কমপক্ষে তিনটি ম্যাচ মিস করবে, পরের বছরও এমনটা হবে। যখন মেসি দলের সঙ্গে থাকবে না, তখনো যেন ফলাফল আমাদের পক্ষে আসে, সেটা আমাদের বুঝতে হবে।'' আর শুধু মেসি নয়, মায়ামির অনেক ফুটবলারই জাতীয় দলে ডাক পাবেন। মেসি, জর্দি আলবা, ডিআন্দ্রে ইয়েডলিন, ড্রেক ক্যালেন্ডার, হোসেফ মার্তিনেজসহ অনেককে ছাড়াই মাঠে নামতে হবে মায়ামিকে। তবে তাঁদের অনেকেই এমএলএসে খেলছেন অনেক দিন ধরে। এত দিন নিয়ম পরিবর্তনের কথা ওঠেনি। হয়তো মেসির নামের ভারের কারণেই এমএলএস এমন সিদ্ধান্ত নিয়ে ভাবছে। আর একসঙ্গে এতজন ফুটবলারকে না পেলে টেবিলের তলানিতে থাকা দলের জন্য অনেক বড় ধাক্কা হতে পারে। এবার এমন ধাক্কা সামলাতে হলেও আগামী বছর হয়তো এমনটা হবে না। ন্যাশভিল ম্যাচের আগে সংবাদ সম্মেলনে মার্তিনো বলেছেন, ''আমি জেনেছি, আগামী বছর থেকে এমএলএস বিষয়টা বিবেচনা করছে, সম্ভবত এই সময়ে লিগ বন্ধও থাকবে।'' অর্থাৎ চলতি মরসুমে চ্যালেঞ্জটা নিতেই হচ্ছে মায়ামিকে।

সব খবর সবার আগে, বাংলায়
Download The App Now
GET IT ON Google Play
ডাউনলোড করতে স্ক্যান করুন

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501